বার্ষিক প্রতিবেদন
২০২২

সাম্য-সমতায় উদ্ভাসিত আগামী

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

বার্ষিক প্রতিবেদন
২০২২

সাম্য-সমতায় উদ্ভাসিত আগামী

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

বার্ষিক প্রতিবেদন ২০২২

সাম্য-সমতায় উদ্ভাসিত আগামী

উপদেশনা
ড. নমিতা হালদার এনডিসি
ড. তাপস কুমার বিশ্বাস

সম্পাদনা পর্ষদ
সুহাস শংকর চৌধুরী
মাসুম আল জাকী
সাবরীনা সুলতানা

আলোকচিত্র
রাকিব মাহমুদ
ফয়জুল তারিক
পিকেএসএফ সংগ্রহশালা

প্রকাশক
পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

প্রচ্ছদ: বিপ্লব চক্রবর্তী

ডিজাইন: বিজয় কুমার দাস

মুদ্রণ: তিথী প্রিন্টিং এন্ড প্যাকেজিং

সূচিপত্র

০৪ বাণী: চেয়ারম্যান
০৬ মুখবন্ধ: ব্যবস্থাপনা পরিচালক
০৮ পরিচালন
১২ ব্যবস্থাপনা
১৬ পিকেএসএফ-এর আর্থিক কার্যক্রম

মূলস্রোতভুক্ত কর্মসূচি
২৬ আবাসন
২৮ অগ্রসর
৩০ বুনিয়াদ
৩২ সমৃদ্ধি
৩৪ পরিবেশ ও জলবায়ু পরিবর্তন
৩৬ সমন্বিত কৃষি
৪০ জাগরণ
৪২ কুয়েত গুডউইল ফান্ড
৪৪ LIFT
৪৬ LRL
৪৮ কৈশোর
৫০ ঝুঁকি প্রশমন
৫২ সুফলন

অন্যান্য কর্মসূচি
৫৬ কর্মসূচি সহায়ক তহবিল
৫৭ সোশ্যাল এ্যাডভোকেসি এ্যান্ড নলেজ ডিসেমিনেশন
৫৮ বিশেষ তহবিল
৫৯ প্রবীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন
৬০ এসডিজি ও পিকেএসএফ

প্রকল্প
৬৪ মানবসম্পদ উন্নয়নে গ্রামীণ পানি সরবরাহ, স্যানিটেশন ও স্বাস্থ্যবিধি
৬৬ ECCCP-Flood
৬৮ স্বল্প আয়ের মানুষের জন্য উন্নত জীবন ব্যবস্থা
৭০ MDP
৭২ PPEPP
৭৪ PACE
৭৬ RAISE
৭৮ ঝুঁকি প্রশমনে প্রকল্প
৮০ RMTP
৮২ SEIP
৮৪ SEP

জ্ঞান ব্যবস্থাপনা
৮৮ যোগাযোগ ও প্রকাশনা
৯০ প্রাতিষ্ঠানিক স্থিতিশীলতা ও সুশাসন
৯২ গবেষণা ও উন্নয়ন
৯৪ প্রশিক্ষণ

৯৮ **আয়োজন ও অনুষ্ঠান**
১০৬ **নিরীক্ষা প্রতিবেদন**
১১৮ **সহযোগী সংস্থার তালিকা**

বাণী

ড. কাজী খলীকুজ্জমান আহমদ
চেয়ারম্যান

> কেউ পিছিয়ে থাকবে, কেউ এগিয়ে যাবে - এমন পরিস্থিতির অবসান ঘটিয়ে সবাইকে একসঙ্গে এগিয়ে যাবার প্রত্যয়ে কাজ করতে হবে

"এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম..."

দীর্ঘ কর্মমুখর জীবনে শোনা, জানা, দেখা বা পড়া আর কোনো বক্তব্য হয়তো আমাকে এতোটা প্রাণিত করেনি, যতোটা করেছে বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণের উপর্যুক্ত বাক্যটি। এর সঙ্গে যুক্ত হয়েছে সেই ধারাবাহিকতায় পরবর্তীকালে দুঃখী মানুষের মুখে হাসি ফোটানোর বিষয়ে তাঁর বলিষ্ঠ উচ্চারণ।

মুক্তি মানে সব মানুষের মুক্তি, সকল ধরনের বঞ্চনা থেকে মুক্তি। আমাদের স্বাধীনতার ঘোষণাপত্রেও বৈষম্যহীন সমাজের কথা, সবার মানবাধিকার ভোগের কথা এবং সকলের জন্য মর্যাদাপূর্ণ জীবনের কথা বলা আছে। এই বিষয়গুলোই হলো আমার উন্নয়ন দর্শনের অনুপ্রেরণা।

২০১০ সালে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-এর চেয়ারম্যান হিসেবে দায়িত্ব গ্রহণের পর সেই অনুপ্রেরণাকেই বাস্তবে রূপ দেওয়ার উদ্যোগ নিই। ১৯৯০ সালে বাংলাদেশ সরকার কর্তৃক প্রতিষ্ঠিত শীর্ষ এই উন্নয়ন সংস্থাটি শুরু থেকে শুধু ক্ষুদ্রঋণ প্রদানের মাধ্যমেই কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র্য বিমোচনে অর্পিত দায়িত্ব পালন করে আসছিল। ২০০০ সালের পরে এর কাজে কিছুটা বৈচিত্র্য আসে, তবে তা উল্লেখযোগ্য কিছু নয়।

দারিদ্র্য বহুমাত্রিক এবং শুধু ক্ষুদ্রঋণ দিয়ে উল্লেখযোগ্যভাবে দারিদ্র্য হ্রাস সম্ভব নয়, আর টেকসই দারিদ্র্য দূরীকরণতো নয়ই - এ বাস্তবতার উপলব্ধি থেকে ২০১০ সালে পিকেএসএফ-এর কার্যক্রমকে এমনভাবে সাজাতে শুরু করি, যাতে সাধারণ মানুষ সকল মানবাধিকার ভোগ করতে পারে এবং সকলের মানব মর্যাদা প্রতিষ্ঠিত হয়। অর্থায়নের পাশাপাশি প্রশিক্ষণ, প্রযুক্তি ও বাজার সংযোগ স্থাপনের ওপর গুরুত্বারোপ, ক্ষুদ্রঋণের পরিবর্তে উপযুক্ত ঋণ ও অর্থায়নের সীমাবৃদ্ধি, 'সুবিধাভোগী' শব্দের পরিবর্তে 'অংশগ্রহণকারী' ব্যবহার, উদ্যোগ উন্নয়ন সংক্রান্ত কার্যক্রম বেগবান করা, জলবায়ু পরিবর্তন মোকাবিলায় বিশেষায়িত কার্যক্রম গ্রহণ ইত্যাদি বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করা হয়। তবে, পিকেএসএফ-এর কার্যক্রমে সবচেয়ে উল্লেখযোগ্য সংযোজন সাধিত হয় 'সমৃদ্ধি' কর্মসূচির মাধ্যমে।

'দারিদ্র্য দূরীকরণের লক্ষ্যে দরিদ্র পরিবারসমূহের সম্পদ ও সক্ষমতা বৃদ্ধি (সমৃদ্ধি)' শীর্ষক এই কর্মসূচির লক্ষ্য সকলের জন্য বহুমাত্রিক সমন্বিত, সুষম উন্নয়নের মাধ্যমে মানব মর্যাদায় জীবনযাপন নিশ্চিতকরণ। এ কর্মসূচির মাধ্যমে মানুষের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে জীবনচক্রের প্রতিটি ধাপে প্রয়োজনীয় সেবা ও সহায়তা প্রদান এবং সম্পদে অভিগম্যতা সৃষ্টি করা হয়, যাতে তারা টেকসইভাবে নিজেদের ও সমাজের সমৃদ্ধি নিশ্চিত করতে পারে। এ কর্মসূচির আওতায় প্রশিক্ষণ, শিক্ষা, স্বাস্থ্যসেবা, সামাজিক পুঁজি গঠন, উপযুক্ত অর্থায়ন, প্রযুক্তি ও বাজারজাতকরণ সহায়তাসহ জীবন-জীবিকা সংশ্লিষ্ট বিভিন্ন আর্থিক ও অ-আর্থিক অনুষঙ্গ অন্তর্ভুক্ত করা হয়েছে। গর্ভধারণ থেকে কবর পর্যন্ত জীবনচক্রের প্রতিটি পর্যায়ের জন্য উপযুক্ত কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে।

আমাদের মুক্তিযুদ্ধের মাধ্যমে স্বাধীনতার চেতনায় মৌলিক অভীষ্ট হলো প্রত্যেক নাগরিকের সার্বিক মুক্তি। কেউ পিছিয়ে থাকবে, কেউ এগিয়ে যাবে - এমন পরিস্থিতির অবসান ঘটিয়ে সবাইকে একসঙ্গে এগিয়ে যাবার প্রত্যয়ে কাজ করতে হবে। পিছিয়েপড়া, পিছিয়েথাকা এবং পিছিয়েরাখা মানুষদের অন্তর্ভুক্তিমূলক উন্নয়নে জোর দিতে হবে। এলক্ষ্যে, শুরুতেই তাদের পশ্চাৎপদতার কারণ চিহ্নিত করে সেগুলো দূর করতে হবে। এরপর তাদের সক্ষমতা সৃষ্টি করতে হবে যাতে মর্যাদাপূর্ণ

জীবন যাপনের জন্য প্রয়োজনীয় সম্পদে তাদের অভিগম্যতা সুনিশ্চিত হয়। 'কাউকে বাদ দিয়ে নয়' - এ উন্নয়ন দর্শনকে ধারণ করে পিকেএসএফ সমাজের সুবিধাবঞ্চিত মানুষের অন্তর্ভুক্তিমূলক ও টেকসই উন্নয়ন নিশ্চিতে দুই শতাধিক ইউনিয়নে বিভিন্ন আর্থিক ও অ-আর্থিক কার্যক্রম সমন্বিতভাবে বাস্তবায়ন করছে।

দেশের সুবিধাবঞ্চিত দরিদ্র জনগোষ্ঠীর টেকসই উন্নয়ন নিশ্চিতে আর্থ-সামাজিক উন্নয়ন কার্যক্রমের পাশাপাশি বাংলাদেশে জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবিলায়ও পিকেএসএফ সহযোগী সংস্থাসমূহের মাধ্যমে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করছে। জলবায়ু পরিবর্তনের নেতিবাচক প্রভাবগুলো বিদ্যমান ঝুঁকিগুলোর সাথে যোগ হয়ে দরিদ্র ও নাজুক মানুষের জীবন ও জীবিকা আরও ঝুঁকিপূর্ণ করে তোলে।

পাশাপাশি, ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) বাস্তবায়ন করতে হলে এসব জনগোষ্ঠীর অভিযোজন সক্ষমতা বৃদ্ধি করতে হবে। জলবায়ু পরিবর্তনের নেতিবাচক প্রভাবের ফলে সৃষ্ট দরিদ্র মানুষের নাজুকতা কমিয়ে টেকসইভাবে দারিদ্র্য হ্রাস করতে পিকেএসএফ-এর পরিবেশ ও জলবায়ু পরিবর্তন শাখার আওতায় বিভিন্ন ধরনের কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে, যেমন বন্যা মোকাবিলায় কমিউনিটি এবং প্রাতিষ্ঠানিক পর্যায়ে সক্ষমতা বৃদ্ধি, বসতভিটা উঁচুকরণ, নিরাপদ খাবার পানির উৎসের জন্য লবণাক্ততা বিমুক্তকরণ প্ল্যান্ট (Desalination plant) স্থাপন, বন্যাসহিষ্ণু স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন স্থাপন, মাচা পদ্ধতিতে ছাগল পালন, বন্যাসহিষ্ণু ফসল উৎপাদন ইত্যাদি। এভাবেই সকল কর্মসূচিকে টেকসই উন্নয়ন লক্ষ্যসমূহের সাথে সংযুক্ত করে সহযোগী সংস্থাসমূহকে সাথে নিয়ে টেকসই উন্নয়ন অর্জনে বাংলাদেশ সরকারের সহায়ক শক্তি হিসেবে কাজ করছে পিকেএসএফ।

উদ্ভাবনীমূলক ও বাস্তবভিত্তিক কর্মসূচির মাধ্যমে সমাজের সুবিধাবঞ্চিত মানুষের আর্থ-সামাজিক উন্নয়নের সহায়ক শক্তি হিসেবে কাজের পাশাপাশি মানুষের আপৎকালীন সংকটেও প্রয়োজনীয় মানবিক কার্যক্রম পরিচালনা করে পিকেএসএফ। এ বছর বন্যায় বিপর্যস্ত সিলেট ও সুনামগঞ্জে জরুরি মানবিক সহায়তা হিসেবে পিকেএসএফ প্রায় ২ কোটি টাকা বরাদ্দ দেয়। বন্যার্তদের মাঝে জরুরি খাদ্য সামগ্রী, পানি বিশুদ্ধকরণ ট্যাবলেট ও খাবার স্যালাইন বিতরণের জন্য এ অর্থ ব্যয় করা হয়। এছাড়া, পিকেএসএফ থেকে বরাদ্দকৃত তহবিলের পাশাপাশি সহযোগী সংস্থাগুলোও তাদের নিজেদের তহবিল ব্যবহার করে বিভিন্ন মানবিক সহায়তা কার্যক্রম পরিচালনা করেছে।

২০২২ সালে এসেও কোভিড-১৯ মহামারির প্রসঙ্গ উল্লেখ করতেই হয়। ২০২০ সালে বাংলাদেশে শুরু হওয়া এ মহামারির ফলে দেশব্যাপী সৃষ্ট ব্যাপক অর্থনৈতিক ক্ষতি কাটিয়ে উঠতে পিকেএসএফ-এর বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন চলমান রাখা হয়। এক্ষেত্রে, কুটির ও অতিক্ষুদ্র (মাইক্রো) উদ্যোগ খাতের পুনরুদ্ধারে পিকেএসএফ সর্বোচ্চ গুরুত্ব দিয়ে আসছে। ফেব্রুয়ারি ২০২২ থেকে পিকেএসএফ Recovery and Advancement of Informal Sector Employment (RAISE) শীর্ষক প্রকল্প বাস্তবায়ন করছে। বিশ্বব্যাংক ও পিকেএসএফ-এর যৌথ অর্থায়নে পরিচালিত এ প্রকল্পের আওতায় দেশের urban ও peri-urban এলাকায় অবস্থিত ব্যবসাগুচ্ছভুক্ত ১.৭৫ লক্ষ তরুণ ও ক্ষুদ্র উদ্যোক্তাকে ব্যবসায় সামর্থ্য বৃদ্ধি ও ঝুঁকি ব্যবস্থাপনা এবং অন্তর্ভুক্তিমূলক অর্থায়নের মাধ্যমে কর্মসংস্থানের ব্যবস্থা করা হচ্ছে। এদের মধ্যে কোভিড মহামারিতে ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র উদ্যোক্তাদের ব্যবসায় উদ্যোগ পুনরায় সচল করতে সহজ শর্তে অর্থায়ন করা হচ্ছে। পাশাপাশি, টেকসই কর্মসংস্থানের লক্ষ্যে পিছিয়েপড়া ক্ষুদ্র উদ্যোক্তাদের উদ্যোগ উন্নয়ন, ব্যবসায় ব্যবস্থাপনা ও ঝুঁকি ব্যবস্থাপনা, জীবন দক্ষতা উন্নয়ন ও উপযুক্ত অর্থায়ন করা হচ্ছে এবং নিম্ন-আয়ের পরিবারভুক্ত তরুণদের শিক্ষানবিশ কার্যক্রমের মাধ্যমে তাদের কারিগরি দক্ষতা উন্নয়ন ঘটিয়ে উপযুক্ত কর্মে নিয়োজিত হতে সহায়তা করা হচ্ছে।

এছাড়া, মহামারির বিরূপ প্রভাব মোকাবিলায় গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীর ক্ষতিগ্রস্ত অর্থনৈতিক কর্মকাণ্ড পুনরুজ্জীবনসহ আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে সেপ্টেম্বর ২০২২ হতে Livelihood Restoration Loan (LRL) শীর্ষক একটি বিশেষায়িত কার্যক্রম পরিচালনা করছে পিকেএসএফ। বিশেষায়িত এ ঋণ কার্যক্রমের মাধ্যমে মহামারিতে ক্ষতিগ্রস্ত কৃষি ও কৃষি-সংশ্লিষ্ট অতিক্ষুদ্র উদ্যোক্তা, অতিক্ষুদ্র ও কুটির শিল্প-সংশ্লিষ্ট উদ্যোক্তা, প্রশিক্ষিত তরুণ, বেকার যুব এবং বিদেশ ফেরত প্রবাসী শ্রমিকদের অর্থনৈতিক কর্মকাণ্ড পুনরুজ্জীবনসহ তাদের আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার লক্ষ্যে নির্বাচিত সহযোগী সংস্থার মাধ্যমে নমনীয় ঋণ কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।

আরও একটি অর্থবছর সাফল্যের সাথে সম্পন্ন করতে পিকেএসএফ-কে সহযোগিতা প্রদানকারী সকলকে আমার ধন্যবাদ। তবে, আমার গভীরতম কৃতজ্ঞতা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী নেতৃত্বের প্রতি, যার বলিষ্ঠ নেতৃত্বে সকল বাধা অতিক্রম করে এগিয়ে চলছে দেশ। আমাদের কর্মসূচিসমূহকে সফল করে তুলতে সার্বক্ষণিক সহায়তা প্রদানের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও অর্থনৈতিক সম্পর্ক বিভাগের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করছি। আরও ধন্যবাদ জ্ঞাপন করছি পিকেএসএফ-এর সাধারণ পর্ষদ ও পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দকে তাদের সার্বিক সমর্থনের জন্য। বিভিন্ন জনমুখী কার্যক্রম বাস্তবায়নে আমাদের সহযোগিতা প্রদানের জন্য উন্নয়ন সহযোগীদের আন্তরিক ধন্যবাদ। পিকেএসএফ-এর কার্যক্রমকে বাস্তব রূপ দেয় তার সহযোগী সংস্থাসমূহ। সকল সহযোগী সংস্থার বিভিন্ন পর্যায়ের কর্মীবৃন্দকে তাদের আন্তরিক প্রচেষ্টার জন্য ধন্যবাদ জানাচ্ছি। দক্ষতা, নিষ্ঠা ও সততার সাথে দায়িত্ব পালনের জন্য আমি ধন্যবাদ জানাই পিকেএসএফ-এর বিভিন্ন পর্যায়ে কর্মরত সকলকে।

(কাজী খলীকুজ্জমান আহমদ)

মুখবন্ধ

ড. নমিতা হালদার এনডিসি
ব্যবস্থাপনা পরিচালক

> সরকারি পর্যায়ে রাজনৈতিক সদিচ্ছা আর প্রতিষ্ঠান পর্যায়ে মানবকল্যাণের অটল প্রত্যয় ও উদ্ভাবনী কর্মপ্রক্রিয়ার মাধ্যমে পিকেএসএফ আজ ছুঁয়েছে প্রায় পৌনে দুই কোটি পরিবারের জীবন

অব্যাহত সাফল্যের বছর, বহু বাধা পেরিয়ে এগিয়ে যাওয়ার বছর, নতুন স্বপ্ন দেখার বছর, পুরনো প্রত্যয়কে শাণিত করার বছর - এভাবেই আমি আখ্যায়িত করতে চাই বিগত অর্থবছরকে। করোনা মহামারির ছোবলে ক্ষতবিক্ষত গ্রামীণ অর্থনীতির দুর্দশাগ্রস্ত রূপ নিয়ে শুরু হয়েছিলো যে অর্থবছর, ইউক্রেন-রাশিয়া যুদ্ধের বহুমাত্রিক বৈশ্বিক প্রভাবে যা রীতিমতো দুঃস্বপ্নের বছরে রূপ নিতে শুরু করে, সে একই বছর শেষ হলো বাঙালি জাতির হার না মানা মানসিকতার মূর্ত প্রকাশ পদ্মা সেতুর উদ্বোধনের মাধ্যমে।

"জ্বলে পুড়ে-মরে ছারখার তবু মাথা নোয়াবার নয়" - আমাদের দেশের মানুষের এগিয়ে যাবার দুর্দমনীয় আকাঙ্ক্ষা বোঝানোর জন্য এর চেয়ে ভালো পংক্তি মনে হয় আর হয় না। সেই ১৯৯০ সালে যখন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) প্রতিষ্ঠা করে, তখন দেশে দারিদ্র্যের হার ছিলো ৫৬ শতাংশেরও বেশি। কর্মসৃজনের মাধ্যমে দারিদ্র্য বিমোচনের দায়িত্ব আর অত্যন্ত সীমিত সম্পদ নিয়ে যাত্রা শুরু করে পিকেএসএফ। সরকারি পর্যায়ে রাজনৈতিক সদিচ্ছা আর প্রতিষ্ঠান পর্যায়ে মানবকল্যাণের অটল প্রত্যয় ও উদ্ভাবনী কর্মপ্রক্রিয়ার মাধ্যমে পিকেএসএফ আজ ছুঁয়েছে প্রায় পৌনে দুই কোটি পরিবারের জীবন। তাদের সম্পদ, সক্ষমতা, আর্থ-সামাজিক অবস্থান আর মর্যাদা বৃদ্ধিতে প্রতিনিয়ত তাদের পাশে থেকে, কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করছে সরকারের শীর্ষ এ উন্নয়ন প্রতিষ্ঠান। গত ৩২ বছরে দেশে দারিদ্র্যের হার কমে এখন ২০.৫ শতাংশে দাঁড়িয়েছে। এ সাফল্যের গর্বিত অংশীদার পিকেএসএফ।

টেকসই কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে পিকেএসএফ উদ্যোগ উন্নয়নে গুরুত্বারোপ করে। কোভিড মহামারিতে ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র উদ্যোগসমূহের অর্থনৈতিক কার্যক্রম পুনরুদ্ধারে সরকার-ঘোষিত প্রণোদনা প্যাকেজের আওতায় প্রাপ্ত অর্থের সাথে পিকেএসএফ নিজস্ব তহবিল থেকে অর্থ যোগ করে দেশজুড়ে বাস্তবায়ন করছে LRL শীর্ষক বিশেষায়িত কর্মসূচি। এর সাথে যোগ হয়েছে উন্নয়ন সহযোগী বিশ্বব্যাংক (WB), এশীয় উন্নয়ন ব্যাংক (ADB) এবং ইফাদ (IFAD) অর্থায়িত PACE, RMTP, SEP, MDP, RAISE ইত্যাদি বিভিন্ন প্রকল্পের কার্যক্রম। উদ্যোগ উন্নয়নে নিবেদিত এসব প্রকল্প বিভিন্ন ধরনের সেবা নিয়ে পৌঁছে যাচ্ছে উদ্যমী মানুষের কাছে। সঠিক সমন্বয় ও সময়োপযোগী পদক্ষেপে কাঙ্ক্ষিত উদ্দেশ্য পূরণে দৃঢ়পণে এগিয়ে চলেছে পিকেএসএফ-এর কর্মকাণ্ড।

অতিদারিদ্র্য নিরসনে পিকেএসএফ-এর মূলস্রোতভুক্ত কর্মসূচির সাথে যোগ হয়েছে যুক্তরাজ্য সরকারের এফসিডিও এবং ইউরোপীয় ইউনিয়ন অর্থায়িত PPEPP প্রকল্প। উপকূলীয় অঞ্চল থেকে উত্তরাঞ্চলে অতিদারিদ্র্যক্লিষ্ট লাখো মুখে হাসি ফোটাতে নিরলস কাজ করছে এ প্রকল্প।

উপকূলীয় অঞ্চলের প্রসঙ্গে সেখানকার মানুষের সুপেয় পানির জন্য হাহাকারের কথা না বললে অন্যায় হবে। জলবায়ু পরিবর্তনের ভয়াবহতার জাজ্বল্যমান প্রমাণ হলো তীব্র লবণাক্ততা পীড়িত এসব মানুষ। ভূগর্ভস্থ পানি লবণাক্ত বলে জীবন ধারণের জন্য তাদের মূলত খোলা পুকুরের পানির ওপর নির্ভর করতে হয়; ফলে পেটের পীড়াসহ বিভিন্ন রোগ-বালাই তাদের নিত্যসঙ্গী। তাদের এ পরিস্থিতি থেকে কিছুটা স্বস্তি দিতে, উপকূলীয় অঞ্চলে সুপেয় পানির সুব্যবস্থা করতে বিভিন্ন স্থানে রিভার্স অসমোসিস প্রযুক্তির পানির প্ল্যান্ট স্থাপন করেছে পিকেএসএফ, যদিও তা প্রয়োজনের তুলনায় অপ্রতুল। তবে, ব্যাপক চাহিদার বিপরীতে সীমিত সক্ষমতা সত্ত্বেও এ কার্যক্রম পিকেএসএফ ভবিষ্যতে চলমান রাখবে।

বাংলাদেশে এ মূহুর্তে নীরব কৃষি বিপ্লব চলছে। একদিকে মানুষের সংখ্যা বাড়ছে, অন্যদিকে কমছে কৃষিজমির পরিমাণ। এমন পরিস্থিতিতে, মানুষের জন্য পর্যাপ্ত ও পুষ্টিমানসমৃদ্ধ খাদ্য সরবরাহ নিশ্চিতে দিনরাত কাজ করে যাচ্ছে পিকেএসএফ-এর সমন্বিত কৃষি ইউনিট। সরকারের সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোর সাথে সহযোগিতা ও সমন্বয়ের মাধ্যমে পিকেএসএফ এ ইউনিটের মাধ্যমে কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদ খাতে দেশজুড়ে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করছে।

নারীর ক্ষমতায়ন ছাড়া উন্নয়নকে টেকসই ও অর্থবহ করা যাবে না - এ উপলব্ধি থেকে পিকেএসএফ-এর সকল কার্যক্রমে নারীদের অংশগ্রহণকে প্রাধান্য দেয়া হয়। আদতে, পিকেএসএফ-এর মোট সদস্যের নব্বই শতাংশেরও বেশি সদস্য নারী। তাদের আর্থিক, পেশাগত, পারিবারিক ও সামাজিক জীবনে ন্যায্যতার সাথে ক্ষমতায়নে আমরা নিরলস কাজ করছি। তবে লিঙ্গ সমতাকরণের পূর্বশর্ত ন্যায্যতা প্রতিষ্ঠায় যেতে হবে দূর, আরো বহু দূর।

দক্ষ জনশক্তি সৃষ্টির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদানে SEIP প্রকল্প, নিরাপদ ব্যবস্থাপনায় পানি ও স্যানিটেশন সুবিধা নিশ্চিতে 'মানবসম্পদ উন্নয়নে গ্রামীণ পানি সরবরাহ, স্যানিটেশন ও স্বাস্থ্যবিধি প্রকল্প', গবাদিপ্রাণী সুরক্ষায় LRMP প্রকল্প, দরিদ্র মানুষের ওপর জলবায়ু পরিবর্তনের প্রভাব ও অন্যান্য দুর্যোগজনিত ঝুঁকি নিরসনে IRMP প্রকল্প, বন্যাপ্রবণ অঞ্চলে মানুষের অভিযোজন সক্ষমতা বৃদ্ধিতে ECCCP-Flood প্রকল্প, স্বল্প আয়ের মানুষের মানসম্মত আবাসন নিশ্চিতের জন্য LICHS প্রকল্পসহ দেশের মানুষের দারিদ্র্যমুক্তি ও টেকসই উন্নয়নের জন্য নানা কার্যক্রম বাস্তবায়ন করছে পিকেএসএফ। এসব কার্যক্রম টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি)-এর বিভিন্ন অভীষ্ট ও লক্ষ্যমাত্রার সাথে সামঞ্জস্যপূর্ণ। 'কেউ রবে না পিছিয়ে'- এসডিজি'র এ মূলমন্ত্র পিকেএসএফ-এর সকল কার্যক্রমে প্রতিফলিত হয়।

দেশের মানুষের কল্যাণে তিন দশকেরও বেশি সময় ধরে এমন সাফল্য পেলেও পিকেএসএফ পর্যায়ে আত্মতুষ্টির কোনো সুযোগ নেই। দেশে আজও অসাম্য-অসমতা বিদ্যমান। এসব বাধা দূর করে দেশের মানুষের টেকসই উন্নয়ন ও মর্যাদাপূর্ণ জীবন নিশ্চিতে পিকেএসএফ বদ্ধপরিকর। তাই, এবারের পিকেএসএফ বার্ষিক প্রতিবেদনের উপজীব্য - 'সাম্য-সমতায় উদ্ভাসিত আগামী'।

(ড. নমিতা হালদার এনডিসি)

“দেশে আজও অসাম্য-অসমতা বিদ্যমান। এসব বাধা দূর করে দেশের মানুষের টেকসই উন্নয়ন ও মর্যাদাপূর্ণ জীবন নিশ্চিতে পিকেএসএফ বদ্ধপরিকর। তাই, এবারের পিকেএসএফ বার্ষিক প্রতিবেদনের উপজীব্য - 'সাম্য-সমতায় উদ্ভাসিত আগামী'

পরিচালন

সাধারণ পর্ষদ

পিকেএসএফ-এর সাধারণ পর্ষদ পিকেএসএফ-এর নীতিমালা সম্পর্কিত সিদ্ধান্ত গ্রহণের দায়িত্ব পালন করে। কর্মসৃজনকে প্রাধান্য দিয়ে দারিদ্র্য বিমোচনে বহুমুখী কার্যক্রম বাস্তবে রূপ দেওয়ার ক্ষেত্রে এই পর্ষদ ব্যবস্থাপনাকে সার্বিক নির্দেশনা দিয়ে থাকে।

মানব মর্যাদা প্রতিষ্ঠায় পিকেএসএফ-এর মূলমন্ত্রকে ধারণ করে সাধারণ পর্ষদ পিকেএসএফ-গৃহীত সকল উদ্যোগ ও কর্মকাণ্ড তদারকি ও প্রয়োজনীয় পরামর্শ প্রদান করে।

পর্ষদের প্রধান কার্যাবলির মধ্যে রয়েছে পিকেএসএফ-এর বার্ষিক বাজেট এবং নিরীক্ষিত হিসাব বিবরণী অনুমোদন।

এছাড়া, পিকেএসএফ-এর পরিচালনা পর্ষদ কর্তৃক উপস্থাপিত বার্ষিক প্রতিবেদন পর্যালোচনার দায়িত্বও পালন করে সাধারণ পর্ষদ।

সাধারণ পর্ষদের সভা বছরে দু'বার অনুষ্ঠিত হয়। নিয়মিত বার্ষিক সাধারণ সভা ডিসেম্বর মাসে এবং অপর সাধারণ সভাটি জুন মাসে অনুষ্ঠিত হয়। পিকেএসএফ-এর সাধারণ পর্ষদের সদস্য সংখ্যা সর্বোচ্চ ২৫ জন। প্রজাতন্ত্রের সেবায় বর্তমানে নিযুক্ত নন, এমন ব্যক্তিদের মধ্য থেকে চেয়ারম্যানসহ সর্বোচ্চ ১৫ জন সদস্য বাংলাদেশ সরকার কর্তৃক মনোনীত হন। অন্য সদস্যরা সাধারণত সরকারি সংস্থা, স্বেচ্ছাসেবী সংগঠন, দারিদ্র্য বিমোচন কার্যক্রমে বিশেষভাবে অবদান রেখেছেন বা আগ্রহ রাখেন, এমন ব্যক্তিবর্গ। বার্ষিক সাধারণ সভায় পর্ষদের বাকি ১০ জন সদস্য সাধারণ পর্ষদ কর্তৃক মনোনীত হন।

পিকেএসএফ-এর সর্বোচ্চ নীতিনির্ধারণী ফোরাম হলো সাধারণ পর্ষদ

সাধারণ পর্ষদের সদস্যবৃন্দ

ড. কাজী খলীকুজ্জমান আহমদ
চেয়ারম্যান, পিকেএসএফ
২০০৭ সালে শান্তিতে নোবেলজয়ী 'ইন্টারগভার্নমেন্টাল প্যানেল অন ক্লাইমেট চেইঞ্জ (আইপিসিসি)'-এর সদস্য

ড. নমিতা হালদার এনডিসি
ব্যবস্থাপনা পরিচালক, পিকেএসএফ, সাবেক সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অরিজিৎ চৌধুরী
অতিরিক্ত সচিব (বর্তমানে অবসরোত্তর ছুটিতে), গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পারভীন মাহমুদ, এফসিএ
সাবেক চেয়ারপার্সন, ইউসেপ বাংলাদেশ; সাবেক প্রেসিডেন্ট, দ্য ইনস্টিটিউট অব চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ (আইসিএবি)

নাজনীন সুলতানা
সাবেক ডেপুটি গভর্নর, বাংলাদেশ ব্যাংক

ড. তৌফিক আহমদ চৌধুরী
সাবেক মহাপরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অফ ব্যাংক ম্যানেজমেন্ট (বিআইবিএম)

ড. মোঃ আবদুল মুঈদ
সাবেক মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কৃষি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মোঃ রইছউল আলম মণ্ডল
চেয়ারম্যান, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, সাবেক সিনিয়র সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আকতারী মমতাজ
সাবেক সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

এ.এন. শামসুদ্দিন আজাদ চৌধুরী
সাবেক সদস্য, পরিকল্পনা কমিশন, পরিকল্পনা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মোঃ রুহুল আমিন
সাবেক সরকারি কর্মকর্তা (গ্রেড-০১), সাবেক চেয়ারম্যান, পেট্রোবাংলা

ড. রমণীমোহন দেবনাথ
অর্থনীতি বিষয়ক কলামিস্ট

ড. নিয়াজ আহমেদ খান
উপ-উপাচার্য, ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটি, বাংলাদেশ

ড. শরীফা বেগম
সাবেক সিনিয়র রিসার্চ ফেলো, বাংলাদেশ ইন্সটিটিউট অব ডেভেলপমেন্ট স্টাডিজ (বিআইডিএস)

হেলাল আহমদ চৌধুরী

সংখ্যাতিরিক্ত অধ্যাপক, বাংলাদেশ ইনস্টিটিউট অব ব্যাংক ম্যানেজমেন্ট (বিআইবিএম)
সাবেক ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, পূবালী ব্যাংক লিমিটেড

হুমায়রা ইসলাম, পিএইচডি

প্রতিষ্ঠাতা নির্বাহী পরিচালক, শক্তি ফাউন্ডেশন ফর ডিজঅ্যাডভান্টেজড উইমেন
(পিকেএসএফ-এর একটি সহযোগী সংস্থা)

ড. মোঃ শহীদ উজ জামান

নির্বাহী পরিচালক ইকো-সোশ্যাল ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (ইএসডিও)
(পিকেএসএফ-এর একটি সহযোগী সংস্থা)

মোঃ আবদুল হান্নান

সাবেক সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সাবেক চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আবুল কালাম আজাদ

সাবেক সদস্য (সচিব), পরিকল্পনা কমিশন, পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উম্মুল হাসনা

সাবেক সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মোঃ রেজাউল আহসান

সাবেক সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মাহমুদা বেগম

সাবেক অতিরিক্ত সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সুধাংশু শেখর বিশ্বাস

সাবেক অতিরিক্ত সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সনৎ কুমার সাহা

সাবেক অতিরিক্ত সচিব, প্রাক্তন চেয়ারম্যান, বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন (গ্রেড-১)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কৃষিবিদ মোঃ আজহারুল ইসলাম

সাবেক সদস্য পরিচালক, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিচালন

পরিচালনা পর্ষদ

পিকেএসএফ-এর সাধারণ পর্ষদের তত্ত্বাবধানে পরিচালিত পরিচালনা পর্ষদের দায়িত্ব হলো ফাউন্ডেশনের উদ্দিষ্ট লক্ষ্য অর্জনে কার্যক্রমের দিকনির্দেশনা প্রদান ও কর্মপরিধি নির্ধারণ।

প্রকল্প বা কর্মসূচির অনুমোদন, অনুদান, ঋণ বা সহযোগী সংস্থাকে প্রদেয় অন্যান্য আর্থিক সহায়তাসহ এ পর্ষদ পিকেএসএফ-এর আর্থিক নিয়ন্ত্রণের দায়িত্ব পালন করে থাকে। পরিচালনা পর্ষদের সদস্য সংখ্যা সাত। পর্ষদের চেয়ারম্যান ও অন্য দুইজন সদস্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক মনোনীত হন। পরিচালনা পর্ষদের অন্য তিনজন সদস্য সাধারণ পর্ষদ কর্তৃক মনোনীত হন।

সরকারের পরামর্শ সাপেক্ষে পরিচালনা পর্ষদ পিকেএসএফ-এর ব্যবস্থাপনা পরিচালক-কে নিয়োগ দেয়। ব্যবস্থাপনা পরিচালক ফাউন্ডেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করেন। পদাধিকারবলে তিনি পিকেএসএফ-এর পরিচালনা পর্ষদ ও সাধারণ পর্ষদের সদস্য।

পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ

ড. কাজী খলীকুজ্জমান আহমদ, চেয়ারম্যান

ড. নমিতা হালদার এনডিসি, সদস্য

অরিজিৎ চৌধুরী, সদস্য

পারভীন মাহমুদ, এফসিএ, সদস্য

নাজনীন সুলতানা, সদস্য

ড. তৌফিক আহমদ চৌধুরী, সদস্য

ড. মোঃ আবদুল মুঈদ, সদস্য

ব্যবস্থাপনা

বাংলাদেশ সরকার কর্তৃক প্রতিষ্ঠিত শীর্ষ উন্নয়ন সংস্থা পিকেএসএফ এর সকল স্তরের সুদক্ষ জনবল ও প্রাতিষ্ঠানিক কাঠামো দ্বারা একটি সমন্বিত নেটওয়ার্কের মাধ্যমে এর সুদূরপ্রসারী লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নে কাজ করে। তীব্র প্রতিযোগিতাপূর্ণ এবং অত্যন্ত স্বচ্ছ নিয়োগ প্রক্রিয়ার মাধ্যমে নিয়োগপ্রাপ্ত পিকেএসএফ-এর কর্মকর্তাগণ বিভিন্ন প্রকার প্রশিক্ষণে অংশগ্রহণের মাধ্যমে পেশাগত এবং সামাজিক দায়বদ্ধতা থেকে তাদের ওপর অর্পিত দায়িত্ব পালনে দক্ষতা প্রমাণের ক্ষেত্রে কৌশলগত এবং নৈতিকভাবে প্রণোদিত বোধ করেন। তীব্র প্রতিযোগিতাপূর্ণ এবং অত্যন্ত স্বচ্ছ নিয়োগ প্রক্রিয়ার মাধ্যমে মেধাবী এবং বিচক্ষণ কর্মকর্তা নিয়োগের ক্ষেত্রে পিকেএসএফ-এর জনবল শাখা দৃঢ়প্রতিজ্ঞ। নিয়মিত বিরতিতে দেশে এবং বিদেশে বিভিন্ন প্রকার প্রশিক্ষণের মাধ্যমে নিযুক্ত কর্মকর্তাগণের দক্ষতাকে আরও শানিত করে তোলা হয়।

ব্যবস্থাপনা পরিচালক পিকেএসএফ-এর প্রধান নির্বাহী কর্মকর্তা। দু'জন অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক প্রতিষ্ঠানের সুষ্ঠু, স্বচ্ছ, জবাবদিহিতামূলক দক্ষ ব্যবস্থাপনা নিশ্চিত করতে ব্যবস্থাপনা পরিচালককে নীতি নির্ধারণে সহযোগিতা করেন। অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক-১ দেশের উল্লেখযোগ্য অগ্রাধিকারের পরিপ্রেক্ষিতে নতুন ও সম্ভাব্য নতুন বাস্তবতায় নীতি ও করণীয় নির্ধারণে সক্রিয় ভূমিকা পালন করেন। অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক-২ সহযোগী সংস্থাসমূহের সাথে সম্পর্ক ও তাদের স্বচ্ছতা, জবাবদিহিতা ও দক্ষতা এবং পরিবর্তনশীল আর্থসামাজিক বাস্তবতায় প্রয়োজনে তাদের কর্মকাণ্ড পুনর্বিন্যাস বা পরিমার্জন করার লক্ষ্যে প্রস্তুতি গ্রহণে কার্যকর ভূমিকা পালন করেন।

পিকেএসএফ-এর সার্বিক কর্মকাণ্ড মূলত দু'জন অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক, পাঁচজন উপ-ব্যবস্থাপনা পরিচালক, জনবল শাখার প্রধান হিসেবে একজন সিনিয়র মহাব্যবস্থাপক এবং নিরীক্ষা শাখার প্রধান হিসেবে একজন মহাব্যবস্থাপকের তত্ত্বাবধানে পরিচালিত হয়, যারা সরাসরি ব্যবস্থাপনা পরিচালককে রিপোর্ট করেন। এছাড়া, ০৮টি প্যানেলের মাধ্যমে পিকেএসএফ-এর মূলস্রোতভুক্ত ঋণ কার্যক্রম পরিচালিত হয়। প্রতিটি প্যানেল প্রায় ২৫টি সহযোগী সংস্থার তত্ত্বাবধানে নিয়োজিত। এ প্যানেলসমূহ চারজন উপ-ব্যবস্থাপনা পরিচালকের তদারকি ও তত্ত্বাবধানে পরিচালিত হয়।

পিকেএসএফ বিভিন্ন দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক উন্নয়ন সহযোগীসমূহের অর্থায়নে বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করে। সাধারণত স্বতন্ত্র প্রকল্প বাস্তবায়ন ইউনিটের মাধ্যমে পিকেএসএফ প্রকল্পসমূহ বাস্তবায়ন করে থাকে। একজন প্রকল্প পরিচালক/সমন্বয়কারী প্রকল্প বাস্তবায়ন ইউনিটের প্রধান হিসেবে কাজ করেন এবং তিনি প্রকল্পটির সার্বিক কর্মকাণ্ড বাস্তবায়নের দায়িত্বে নিয়োজিত থাকেন। তিনি সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের তত্ত্বাবধানে যাবতীয় কার্যক্রম সম্পাদন করেন। এছাড়া, তিনি বিভিন্ন সরকারি প্রতিষ্ঠান (প্রযোজ্য ক্ষেত্রে) এবং উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠানসমূহের সাথে পিকেএসএফ-এর যোগাযোগ রক্ষা করে থাকেন।

কর্মকর্তা/কর্মচারী

৩০ জুন ২০২২ তারিখ পর্যন্ত পিকেএসএফ-এ সর্বমোট ৪৩৯ জন কর্মকর্তা/কর্মচারী কর্মরত রয়েছেন। এদের মধ্যে ২৪৬ জন নিয়মিত কর্মকর্তা, ১০ জন চুক্তিভিত্তিক কর্মকর্তা, ১০২ জন প্রকল্পভুক্ত কর্মকর্তা এবং ৮১ জন কর্মচারী (সাপোর্ট স্টাফ)।

পিকেএসএফ-এর কর্ম-বিন্যাস
(Organogram)



* সাধারণ প্রশাসন, রক্ষণাবেক্ষণ, প্রকিউরমেন্ট ও বিশেষ তহবিল প্রশাসন শাখার আওতাধীন

SEP=Sustainable Enterprise Project, RMTP=Rural Microenterprise Transformation Project, PPEPP=Pathways to Prosperity for Extremely Poor People, SEIP=Skills for Employment Investment Program, PACE-AF=Promoting Agricultural Commercialization and Enterprises-Additional Financing, RAISE=Recovery and Advancement of Informal Sector Employment, KGF=Kuwait Goodwill Fund for Promotion of Food Security in Islamic Countries, LICHSP=Low Income Community Housing Support Project, MDP=Microenterprise Development Project, LRMP=Strengthening Resilience of Livestock Farmers Through Risk Reducing Services, GCF=Green Climate Fund, LRL=Livelihood Restoration Loan, PSF=Program Support Fund, SDL=Sanitation Development Loan, IRMP=The Project for Developing Inclusive Risk Mitigation Program for Sustainable Poverty Reduction, R-WASH=Bangladesh Rural Water, Sanitation and Hygiene for Human Capital Development Project, LIFT=Learning and Innovation Fund to Test New Ideas, SAKD=Social Advocacy and Knowledge Dissemination, SDG=Sustainable Development Goal.

পিকেএসএফ পরিবার

পিকেএসএফ-এর
আর্থিক কার্যক্রম

সর্বমোট সদস্য
১.৭৫ কোটি

সংগঠিত গ্রুপের সদস্যগণ মাঠ পর্যায়ের সহযোগী সংস্থা কর্তৃক পরিচালিত পিকেএসএফ-এর সব কার্যক্রমের মূল চালিকাশক্তি।

৩০ জুন ২০২২ পর্যন্ত পিকেএসএফ-এর সব সহযোগী সংস্থার সর্বমোট সদস্য ১.৭৫ কোটি, যার ৯০.৮৬% নারী। একই সময়ে, ঋণগ্রহীতার সংখ্যা ১.৩৫ কোটি। এর মধ্যে নারী ১.২৩ কোটি, যা মোট ঋণগ্রহীতার (৯১.১১%)।

দুই শতাধিক
সহযোগী সংস্থা

৩০ জুন ২০২২ পর্যন্ত পিকেএসএফ-এর সহযোগী সংস্থার সংখ্যা ২০০-এরও বেশি। এই সহযোগী সংস্থাগুলো পিকেএসএফ-এর সব কর্মসূচি ও প্রকল্প বাস্তবায়ন করে।

২০২১-২২ অর্থবছরে
২১.৩৬ লক্ষ
নতুন সদস্য অন্তর্ভুক্ত

নারীর অংশগ্রহণ

মোট ঋণগ্রহীতার
৯১.১১% নারী



৫ বছরের সঞ্চয় প্রবৃদ্ধি
(কোটি টাকায়)

সদস্যদের মোট সঞ্চয়

১৮,৯১৮.৭৯ কোটি টাকা

২০২১-২২ অর্থবছরে সঞ্চয়

৩,৮৯৯.৪৪ কোটি টাকা

পিকেএসএফ-সহযোগী সংস্থা

ঋণ বিতরণ এবং ঋণস্থিতি

পিকেএসএফ-এর আর্থিক পরিষেবা ২০২০-২১ এবং ২০২১-২২ অর্থবছরে অবিচ্ছিন্ন প্রবৃদ্ধি রেকর্ড করেছে। ২০২০-২১ অর্থবছরে পিকেএসএফ থেকে সহযোগী সংস্থা পর্যায়ে আর্থিক পরিষেবার পরিমাণ ছিল ৪,৮৩২.৪২ কোটি টাকা। ২০২১-২২ অর্থবছরে আর্থিক এ পরিষেবার পরিমাণ দাঁড়ায় ৫,৬৫৭.৬৮ কোটি টাকা, যা আগের বছরের তুলনায় ১৭.০৮% বেশি ।

সহযোগী সংস্থাগুলোর নিকট পিকেএসএফ-এর ঋণস্থিতি

৮,৬৭৪.১১ কোটি টাকা

৩০ জুন ২০২২ তারিখে সহযোগী সংস্থাগুলোর নিকট পিকেএসএফ-এর ঋণস্থিতি দাঁড়িয়েছে ৮,৬৭৪.১১ কোটি টাকা।

সহযোগী সংস্থা-ঋণগ্রহীতা

২০২১-২২ অর্থবছরে সহযোগী সংস্থা থেকে সদস্যদের মাঝে বিতরণকৃত ঋণের পরিমাণ

৭৮,৯৫৪.৪৫ কোটি টাকা

২০২০-২১ অর্থবছরে সহযোগী সংস্থা থেকে সদস্যদের মাঝে ৫৭,০১১.৫৭ কোটি টাকার ঋণ বিতরণ করা হয়।

ঋণ বিতরণ এবং ঋণস্থিতি

২০২১-২২ অর্থবছরে বিতরণকৃত ঋণের পরিমাণ দাঁড়িয়েছে ৭৮,৯৫৪.৪৫ কোটি টাকা, যা আগের বছরের তুলনায় ৩৮.৪৯% বেশি।

৩০ জুন ২০২২ তারিখে সদস্যদের নিকট সহযোগী সংস্থাগুলোর ঋণস্থিতি ৫২,৫৮৪.২০ কোটি টাকা।

পিকেএসএফ-এর যাত্রালগ্ন থেকে ঋণস্থিতি (কোটি টাকায়)



কর্মসূচি অনুযায়ী গড় ঋণের আকার (টাকায়)



সহযোগী সংস্থা থেকে সদস্য পর্যায়ে বিভিন্ন কর্মসূচিতে ঋণস্থিতির হার (জুন ২০২২ পর্যন্ত)



খাতওয়ারি উদ্যোগ উন্নয়ন ঋণস্থিতির হার (জুন ২০২২ পর্যন্ত)



সময়ের পরিক্রমায় পিকেএসএফ...

সাল	কর্মসূচি/প্রকল্প	মূল বৈশিষ্ট্য	সহযোগিতায়
১৯৯১	জাগরণ - গ্রামীণ ক্ষুদ্রঋণ কর্মসূচি	দরিদ্রদের অর্থায়ন	বাংলাদেশ সরকার
১৯৯৬	পভার্টি এলিভিয়েশন মাইক্রোফিন্যান্স প্রজেক্ট-১	বিদ্যমান ক্ষুদ্রঋণ কর্মসূচির সম্প্রসারণ	বিশ্বব্যাংক
১৯৯৭	পার্টিসিপেটরি লাইভস্টক ডেভেলপমেন্ট প্রজেক্ট (PLDP)	কারিগরি সহায়তাসহ প্রাণিসম্পদ উন্নয়নে অর্থায়ন	এডিবি
১৯৯৮	ট্রেনিং এমপ্লয়মেন্ট এ্যান্ড ইনকাম জেনারেটিং প্রজেক্ট (যমুনা মাল্টিপারপাস ব্রিজ অথরিটি-JMBA)	ক্ষতিগ্রস্তদের পুনর্বাসন ঋণ প্রদান	বাংলাদেশ সরকার
১৯৯৯	ইন্টিগ্রেটেড ফুড এসিসটেড ডেভেলপমেন্ট প্রজেক্ট (IFADEP)	অতিদরিদ্রদের আর্থিক ও কারিগরি সহায়তা প্রদান	ইউরোপিয়ান ইউনিয়ন
১৯৯৯	সুন্দরবন বায়োডাইভার্সিটি কনজারভেশন প্রজেক্ট (SBCP)	বন ব্যবহারকারীদের বিকল্প কর্মসংস্থান সৃষ্টি নিশ্চিতকরণে অর্থায়ন	এডিবি
১৯৯৯	জাগরণ - নগর ক্ষুদ্রঋণ কর্মসূচি	নগরের দরিদ্রদের অর্থায়ন	পিকেএসএফ
২০০০	সোশিও-ইকোনমিক রিহ্যাবিলিটেশন লোন প্রোগ্রাম (SRLP)	দুর্যোগে ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠীকে অর্থায়ন	এডিবি
২০০১	ক্ষুদ্র উদ্যোগ ঋণ	অগ্রগামী ঋণগ্রহীতাদের অর্থায়ন	বাংলাদেশ সরকার
২০০১	পোভার্টি এলিভিয়েশন মাইক্রোফিন্যান্স প্রজেক্ট-২	দরিদ্রদের জন্য গ্রামীণ ক্ষুদ্রঋণ, নগর ক্ষুদ্রঋণ ও ক্ষুদ্র উদ্যোগ ঋণ প্রদান	বিশ্বব্যাংক
২০০২	ফাইন্যান্সিয়াল সার্ভিসেস ফর দ্যা পুওরেস্ট (FSP)	অতিদরিদ্রদের অর্থায়ন	বিশ্বব্যাংক
২০০৩	মাইক্রোফিন্যান্স এন্ড টেকনিক্যাল সাপোর্ট (MFTS) প্রজেক্ট	কারিগরি সহায়তাসহ প্রাণিসম্পদ উন্নয়নে অর্থায়ন	ইফাদ
২০০৪	লাইভলিহুড রেস্টোরেশন প্রজেক্ট (LRP)	দুর্যোগ উত্তরণে ঋণ সহায়তা প্রদান	বিশ্বব্যাংক
২০০৪	পার্টিসিপেটরি লাইভস্টক ডেভেলপমেন্ট প্রজেক্ট-২ (PLDP-II)	কারিগরি সহায়তাসহ প্রাণিসম্পদ উন্নয়নে অর্থায়ন	এডিবি
২০০৪	বুনিয়াদ - অতিদরিদ্রদের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম	অতিদরিদ্রদের ঋণ প্রদান	বাংলাদেশ সরকার
২০০৫	মাইক্রোফিন্যান্স ফর মার্জিনাল এন্ড স্মল ফারমার্স প্রজেক্ট (MFMSFP)	ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের ঋণ সহায়তা প্রদান	ইফাদ
২০০৫	মঙ্গা মিটিগেশন ইনিশিয়েটিভ পাইলট প্রোগ্রাম (MMIPP)	মৌসুমি ক্ষুধা নিরসনে উদ্যোগ	বিশ্বব্যাংক
২০০৬	সুফলন - মৌসুমি ঋণ	জীবিকায়নের সুযোগসমূহ শক্তিশালীকরণে সহায়তা প্রদান	পিকেএসএফ
২০০৬	লার্নিং এন্ড ইনোভেশন ফান্ড টু টেস্ট নিউ আইডিয়াস (LIFT)	দরিদ্রবান্ধব উদ্ভাবনীমূলক ধারণাসমূহে অর্থায়ন	ডিএফআইডি
২০০৬	প্রোগ্রামড ইনিশিয়েটিভস ফর মঙ্গা ইরাডিকেশন (PRIME)	মৌসুমি ক্ষুধা নিরসনে উদ্যোগ	ডিএফআইডি
২০০৭	ইমার্জেন্সি ২০০৭ ফ্লাড রিস্টোরেশন এন্ড রিকভারি এসিসটেন্স প্রোগ্রাম (EFRRAP)	দুর্যোগ উত্তরণে ঋণ সহায়তা প্রদান	বিশ্বব্যাংক
২০০৭	ফাইন্যান্সিয়াল সার্ভিসেস ফর দ্যা ওভারসিজ এমপ্লয়মেন্ট অব দ্যা আল্ট্রাপুওর প্রজেক্ট (FSOEUP)	অতিদরিদ্রদের বৈদেশিক কর্মসংস্থানে সহায়তা	পিকেএসএফ
২০০৭	মাইক্রোফিন্যান্স সাপোর্ট ইন্টারভেনশন ফর এফএসভিজিডি এন্ড ইউপি বেনিফিশিয়ারিজ প্রজেক্ট	অতিদরিদ্রদের ঋণ ও কারিগরি সহায়তা প্রদান	ইউরোপিয়ান ইউনিয়ন
২০০৭	রিহ্যাবিলিটেশন অব নন-মটোরাইজড ট্রান্সপোর্ট পুলার্স এন্ড পুওর ওনার্স (RNPPO) প্রজেক্ট	অযান্ত্রিক পরিবহন চালকদের পুনর্বাসন ঋণ প্রদান	বিশ্বব্যাংক
২০০৭	রিহ্যাবিলিটেশন অব সিডর এ্যাফেক্টেড কোস্টাল ফিশারি, স্মল বিজনেস এন্ড লাইভস্টক এন্টারপ্রাইজ (RESCUE)	দুর্যোগ উত্তরণে আর্থিক সহায়তা প্রদান	বাংলাদেশ সরকার
২০০৭	রুরাল ইলেক্ট্রিফিকেশন ডেভেলপমেন্ট প্রজেক্ট (REDP)	বিদ্যুৎ সেবাপ্রাপ্তিতে সহায়তা	ডিএফআইডি
২০০৭	স্পেশাল এ্যাসিসটেন্স ফর হাউজিং অব সিডর এ্যাফেক্টেড বরোয়ার্স (SAHOS)	দুর্যোগ উত্তরণে আর্থিক সহায়তা প্রদান	বাংলাদেশ সরকার

সময়ের পরিক্রমায় পিকেএসএফ...

সাল	কর্মসূচি/প্রকল্প	মূল বৈশিষ্ট্য	সহযোগিতায়
২০০৮	ফিন্যান্স ফর এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট এন্ড এমপ্লয়মেন্ট ক্রিয়েশন (FEDEC) প্রজেক্ট	ক্ষুদ্র উদ্যোক্তাদের দক্ষতা বৃদ্ধি এবং তাদের উৎপাদিত পণ্যের ভ্যালু চেইন উন্নয়ন	ইফাদ
২০০৮	কৃষি খাত ক্ষুদ্রঋণ কর্মসূচি	দেশের খাদ্য উৎপাদনে কৃষকদের সহায়তা দেওয়া	পিকেএসএফ
২০১০	ডেভেলপিং ইনক্লুসিভ ইন্সুরেন্স সেক্টর প্রজেক্ট (DIISP)	দরিদ্রদের বীমা সহায়তা প্রদান	এডিবি
২০১০	দারিদ্র্য দূরীকরণের লক্ষ্যে দরিদ্র পরিবারসমূহের সম্পদ ও সক্ষমতা বৃদ্ধি (সমৃদ্ধি)	মানবমর্যাদা প্রতিষ্ঠায় পরিবারভিত্তিক সামগ্রিক উন্নয়ন	বাংলাদেশ সরকার ও পিকেএসএফ
২০১০	বিশেষ তহবিল	দরিদ্রদের জরুরি সহায়তা দেওয়া	পিকেএসএফ
২০১০	হেল্‌থ ইন্সুরেন্স ফর দ্যা পুওর অব বাংলাদেশ (HIPB)	বিমা প্রকল্প বাস্তবায়নে দক্ষতা বৃদ্ধিমূলক সহায়তা দেওয়া	Rockefeller Foundation
২০১১	কমিউনিটি ক্লাইমেট চেঞ্জ প্রজেক্ট (CCCP)	জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবিলায় দরিদ্রদের অভিযোজন ক্ষমতা বাড়াতে সহায়তা দেওয়া	বিসিসিআরএফ
২০১১	কুয়েত গুডউইল ফান্ড ফর দ্যা প্রমোশন অব ফুড সিকিউরিটি ইন ইসলামিক কান্ট্রিজ (KGFPFSIC)	ক্ষুদ্র উদ্যোক্তাদের বর্ধিত ঋণ সহায়তা দেওয়া	কেএফএইডি
২০১১	কর্মসূচি সহায়ক তহবিল	দরিদ্রদের প্রয়োজন অনুযায়ী সহায়তা দেওয়া	পিকেএসএফ
২০১২	বাংলাদেশ ক্লাইমেট চেঞ্জ ট্রাস্ট ফান্ড	বৈশ্বিক উষ্ণতার প্রভাব মোকাবিলায় দরিদ্রদের অভিযোজন ক্ষমতা বাড়ানোর লক্ষ্যে আর্থিক সহায়তা দেওয়া	বাংলাদেশ সরকার
২০১৩	ইউপিপি-উজ্জীবিত	সম্বলহীন ও নারীপ্রধান খানাসমূহের অতিদারিদ্র্য অবস্থা থেকে টেকসই উত্তরণ	ইউরোপিয়ান ইউনিয়ন, বাংলাদেশ সরকার ও পিকেএসএফ
২০১৩	প্রাণিসম্পদ ইউনিট এবং কৃষি ইউনিট	দরিদ্রদের কর্মসংস্থান, দারিদ্র্য দূরীকরণ এবং খাদ্য ও পুষ্টি নিরাপত্তার লক্ষ্যে প্রযুক্তিভিত্তিক টেকসই প্রাণিসম্পদ, শস্য ও মৎস্য চাষ উন্নয়নে উদ্যোগ গ্রহণ	পিকেএসএফ
২০১৩	সোশ্যাল এ্যাডভোকেসি এ্যান্ড নলেজ ডিসেমিনেশন ইউনিট	দেশের প্রান্তিক জনগোষ্ঠীর মানবমর্যাদা নিশ্চিত এবং সমাজে সাম্য ও ন্যায়বিচার প্রতিষ্ঠার লক্ষ্যে জনগুরুত্বপূর্ণ বিষয়ে সচেতনতা সৃষ্টি ও টেকসই দারিদ্র্য বিমোচন সংশ্লিষ্ট তথ্য উন্নয়ন ধারণা এবং প্রযুক্তিগত জ্ঞান বিস্তরণ	পিকেএসএফ
২০১৩	রেজাল্ট-বেজড মনিটরিং (RBM)	বিভিন্ন উদ্যোগের ফলাফল, কাঙ্ক্ষিত লক্ষ্য ও প্রভাব পর্যবেক্ষণ	পিকেএসএফ
২০১৪	প্রমোটিং এগ্রিকালচারাল কমার্শিয়ালাইজেশন এ্যান্ড এন্টারপ্রাইজেস (PACE)	দারিদ্র্য দূরীকরণ ত্বরান্বিতকরণে কৃষি ও অকৃষি ক্ষুদ্র উদ্যোগ সম্প্রসারণ	ইফাদ ও পিকেএসএফ
২০১৫	স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SEIP)	আর্থসামাজিকভাবে পিছিয়েপড়া পরিবারের তরুণদের দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ দেওয়ার মাধ্যমে মজুরিভিত্তিক ও স্ব-কর্মসংস্থান নিশ্চিতকরণ	এডিবি, বাংলাদেশ সরকার ও এসডিসি
২০১৬	প্রবীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি	দুর্দশাগ্রস্ত প্রবীণদের সহায়তা দেওয়া	পিকেএসএফ
২০১৬	সাংস্কৃতিক ও ক্রীড়া কর্মসূচি	অর্থনৈতিক উন্নয়ন ও মানুষের সুকুমার বৃত্তির সমন্বয়ে দেশীয় সংস্কৃতি ও ক্রীড়া চর্চার মাধ্যমে একটি সংস্কৃতি ও ক্রীড়ামনস্ক সমাজ ও জাতি গঠন	পিকেএসএফ
২০১৬	নিম্ন আয়ের জনগোষ্ঠীর আবাসন সহায়তা প্রকল্প	বাংলাদেশে নির্বাচিত পৌরসভা এবং সিটি কর্পোরেশনে অপরিকল্পিতভাবে বসবাসরত নিম্ন আয়ের জনগোষ্ঠীর আবাসন ব্যবস্থার উন্নয়ন	বিশ্বব্যাংক

সময়ের পরিক্রমায় পিকেএসএফ...

সাল	কর্মসূচি/প্রকল্প	মূল বৈশিষ্ট্য	সহযোগিতায়
২০১৭	ওবিএ স্যানিটেশন মাইক্রোফিন্যান্স প্রোগ্রাম	স্যানিটারি ল্যাট্রিন নির্মাণের জন্য বাংলাদেশের গ্রামীণ দরিদ্রদের উপযুক্ত ঋণ সহায়তা দেওয়া	বিশ্বব্যাংক
২০১৭	গ্রিন ক্লাইমেট ফান্ড (GCF)	বাংলাদেশে জলবায়ু পরিবর্তনের নেতিবাচক প্রভাব মোকাবিলায় বিভিন্ন অভিযোজন পদক্ষেপ গ্রহণ	ইউএনএফসিসিসি
২০১৮	সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (SEP)	লক্ষ্যভুক্ত ক্ষুদ্র উদ্যোক্তাদের পরিবেশগতভাবে টেকসই উদ্যোগ গ্রহণে সহায়তা দেওয়া	বিশ্বব্যাংক
২০১৯	মাইক্রোএন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট প্রজেক্ট (MDP)	অন্তর্ভুক্তিমূলক অর্থনৈতিক উন্নয়ন এবং গ্রামীণ জনগোষ্ঠীর দারিদ্র্য নিরসনের লক্ষ্যে বিভিন্ন ক্ষুদ্র উদ্যোগে সহায়তা দেওয়া	এডিবি
২০১৯	পাথওয়েজ টু প্রসপারিটি ফর এক্সট্রিমলি পুওর পিপল (PPEPP)	অতিদরিদ্র জনগোষ্ঠীর সক্ষমতা বাড়ানোর মাধ্যমে দারিদ্র্য বিমোচন, তাদের মূলস্রোত অর্থনীতি ও কর্মসংস্থানে যুক্ত করা: অভিযোজন সক্ষমতা বাড়ানোর লক্ষ্যে প্রয়োজনীয় সরকারি ও বেসরকারি সেবাপ্রাপ্তি নিশ্চিতকরণে প্রাতিষ্ঠানিক ও পদ্ধতিগত কাঠামো জোরদার করতে সহযোগিতা দেওয়া	ডিএফআইডি ও ইউরোপিয়ান ইউনিয়ন
২০১৯	The Project for Developing Inclusive Risk Mitigation Program for Sustainable Poverty Reduction (IRMP)	দুর্যোগপ্রবণ এলাকার দরিদ্র মানুষের জলবায়ু পরিবর্তনের প্রভাব ও অন্যান্য দুর্যোগজনিত ঝুঁকি নিরসনে বিভিন্ন ধরনের আর্থিক ও অ-আর্থিক সেবা উদ্ভাবন, প্রয়োজনীয় নীতিমালা প্রণয়ন ও প্রাতিষ্ঠানিক কাঠামো উদ্ভাবন	জাইকা
২০২০	রুরাল মাইক্রোএন্টারপ্রাইজ ট্রান্সফরমেশন প্রজেক্ট (RMTP)	বিভিন্ন সম্ভাবনাময় উচ্চ মূল্যমানের কৃষিপণ্যের উৎপাদন ও বাজার সম্প্রসারণের লক্ষ্যে ভ্যালু চেইন কর্মকাণ্ড পরিচালনা; পুষ্টি ও খাদ্যের গুণগতমান নিশ্চিতকল্পে প্রকল্পের মাধ্যমে উত্তম কৃষি চর্চা প্রয়োগের পাশাপাশি কৃষি পণ্যের ব্র্যান্ডিং ও বিপণনে সার্টিফিকেশন ও শনাক্তকরণের পদক্ষেপ; ক্ষুদ্র উদ্যোগ উন্নয়নে আর্থিক পরিষেবা এবং তথ্য-প্রযুক্তিসহ উদ্ভাবনীমূলক প্রযুক্তির প্রচলন	ইফাদ
২০২০	Strengthening Resilience of Livestock Farmers Through Risk Reducing Services (LRMP)	গবাদিপ্রাণী খাতে সম্প্রসারিত পরিষেবা দেওয়ার মাধ্যমে গবাদিপ্রাণির অসুস্থতা ও মৃত্যুঝুঁকি কমানো	এসডিসি
২০২০	Extended Community Climate Change Project-Flood (ECCCP-Flood)	দুর্যোগপ্রবণ এলাকার দরিদ্র মানুষের জলবায়ু অভিযোজন কার্যক্রমে অংশগ্রহণ ও চর্চা করার মাধ্যমে জলবায়ু পরিবর্তনজনিত ক্ষতি মোকাবিলায় তাদের সক্ষমতা বাড়ানো	জিসিএফ ও পিকেএসএফ
২০২১	মানবসম্পদ উন্নয়নে বাংলাদেশ গ্রামীণ পানি সরবরাহ, স্যানিটেশন ও স্বাস্থ্যবিধি (WASH) প্রকল্প	এসডিজি-র ৬.১ ও ৬.২ লক্ষ্যমাত্রাসমূহ অর্জনের লক্ষ্যে প্রাতিষ্ঠানিক সংস্কার ও ওয়াশ সেবার মানোন্নয়নের জন্য 'নিরাপদে পরিচালিত' পরিষেবাদি নিশ্চিতকরণ	বিশ্বব্যাংক, এআইআইবি ও পিকেএসএফ
২০২১	Livelihood Restoration Loan (LRL)	কোভিড-১৯-এর প্রভাব মোকাবিলায় গ্রামীণ এলাকার দরিদ্র উদ্যোক্তাদের ক্ষতিগ্রস্ত অর্থনৈতিক কর্মকাণ্ড পুনরুজ্জীবন ও আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি	বাংলাদেশ সরকার ও পিকেএসএফ
২০২১	Recovery and Advancement of Informal Sector Employment (RAISE)	কোভিড-১৯-এর প্রভাবে ক্ষতিগ্রস্ত পিকেএসএফ-এর সহযোগী সংস্থার ক্ষুদ্র উদ্যোক্তাদের সক্ষমতা ও উৎপাদনশীলতা বাড়ানো এবং নিম্ন আয়ের পরিবারভুক্ত তরুণদের শিক্ষানবিশ (এপ্রেন্টিস) প্রশিক্ষণ দেওয়ার মাধ্যমে কর্মে সম্পৃক্তকরণ	বিশ্বব্যাংক ও পিকেএসএফ

লবণাক্ততা-পীড়িত দেশের উপকূলীয় অঞ্চলে দরিদ্র মানুষের জন্য সুপেয় পানির ব্যবস্থা করেছে পিকেএসএফ

মূলস্রোতভুক্ত কর্মসূচি

জুন ২০২২ পর্যন্ত মানসম্পন্ন আবাসন নিশ্চিত হয়েছে ৬,২০৮ পরিবারের

আবাসন ঋণ কর্মসূচি

বাংলাদেশের সংবিধানের ১৫(ক) ধারায় জনগণের জীবনযাত্রার মানোন্নয়নে মৌলিক উপকরণ হিসেবে অন্ন, বস্ত্র, শিক্ষা ও চিকিৎসার পাশাপাশি আবাসনকে নিশ্চিতের বিষয়টিকে রাষ্ট্রের অন্যতম মৌলিক দায়িত্ব হিসেবে বর্ণনা করা হয়েছে। পাশাপাশি, টেকসই উন্নয়ন অভীষ্ট ১১-তে দরিদ্র মানুষের জন্য টেকসই জনবসতি বা আবাসন ব্যবস্থা গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করা হয়েছে। এছাড়া, জাতীয় গৃহায়ণ নীতিমালা-১৯৯৩ (১৯৯৩/২০০৪) সকল নাগরিকের আবাসন-সংক্রান্ত অধিকারকে স্বীকৃতি বা গুরুত্ব দিয়েছে। তা সত্ত্বেও, বাংলাদেশের সকল শহর ও গ্রামাঞ্চলে পর্যাপ্ত ও উপযুক্ত আবাসনের ব্যাপক অভাব রয়েছে। বাংলাদেশের মোট গৃহের প্রায় ৮৯ ভাগের উন্নয়নের সুযোগ রয়েছে।

১৭ সহযোগী সংস্থা | **৪৮** উপজেলা | **২৫** জেলা

নিম্ন-মধ্যম আয়ের মানুষের জীবনযাত্রার মানোন্নয়ন এবং নির্মাণ কার্যক্রম বাড়ানোর মাধ্যমে স্থানীয় অর্থনীতিতে অবদান রাখার লক্ষ্যে পিকেএসএফ ২০১৬ সাল থেকে বিশ্বব্যাংকের অর্থায়নে লো ইনকাম কমিউনিটি হাউজিং সাপোর্ট প্রজেক্ট (এলআইসিএইচএসপি) শীর্ষক একটি প্রকল্প বাস্তবায়ন করছে। প্রকল্পটি ইতোমধ্যে ঋণগ্রহীতা এবং তাদের পরিবারের জীবনে ইতিবাচক পরিবর্তন এনেছে, যা প্রকল্পের অর্থায়নকারী উন্নয়ন সহযোগী বিশ্বব্যাংকের কাছে ব্যাপক প্রশংসা কুড়িয়েছে।

এলআইসিএইচএসপি-এর সাফল্যে অনুপ্রাণিত হয়ে পিকেএসএফ ২০১৯ সাল থেকে নিজস্ব তহবিল ব্যবহার করে 'আবাসন ঋণ' শীর্ষক কর্মসূচি বাস্তবায়ন শুরু করে। এর লক্ষ্য প্রত্যন্ত স্থানে বসবাসকারী অনগ্রসর মানুষের নতুন বাড়ি নির্মাণ, মেরামত এবং সম্প্রসারণের জন্য আর্থিক ও প্রযুক্তিগত সহায়তা দেওয়ার মাধ্যমে গ্রামীণ জীবনযাত্রার সার্বিক মানোন্নয়ন।

১৭টি সহযোগী সংস্থার মাধ্যমে দেশের ২৫টি জেলার ৪৮টি উপজেলায় ১২০টি শাখার আওতাধীন কর্ম এলাকায় এ কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে। কর্মসূচির আওতায় জুন ২০২২ পর্যন্ত প্রায় ১৪৩ কোটি টাকা আবাসন ঋণ গ্রহণ করে ৬,২০৮টি পরিবার নতুন বাড়ি নির্মাণ, সংস্কার এবং সম্প্রসারণের কাজ সম্পন্ন করেছে। এর মাধ্যমে এসব পরিবারের স্বাস্থ্য সুরক্ষা ও শিক্ষা সহায়ক পরিবেশ নিশ্চিত হয়েছে এবং তাদের মানসিক প্রশান্তি ও সামাজিক মর্যাদা বেড়েছে।

কর্ম এলাকা

ক্রম	সহযোগী সংস্থা	জেলা	উপজেলা
১	গ্রামীণ জন উন্নয়ন সংস্থা (জিজেইউএস)	ভোলা	ভোলা সদর
২	টিএমএসএস	বগুড়া, কুমিল্লা, নারায়ণগঞ্জ	বগুড়া সদর, কুমিল্লা সদর, নারায়ণগঞ্জ সদর, বন্দর, সিদ্ধিরগঞ্জ, বুড়িচং, নারায়ণগঞ্জ সদর দক্ষিণ
৩	ঘাসফুল	চট্টগ্রাম, ফেনী ও নওগাঁ	পটিয়া সদর, আনোয়ারা, হাটহাজারী, ফেনী সদর এবং নওগাঁ
৪	ওয়েভ ফাউন্ডেশন	চুয়াডাঙ্গা	চুয়াডাঙ্গা সদর, দামুড়হুদা
৫	ইয়ং পাওয়ার ইন সোশ্যাল অ্যাকশন (ইপসা)	চট্টগ্রাম	সীতাকুণ্ড সদর, মিরসরাই
৬	গ্রাম বিকাশ কেন্দ্র (জিবিকে)	দিনাজপুর	পার্বতীপুর
৭	আদ্-দীন ওয়েলফেয়ার সেন্টার	যশোর, মাগুরা	শার্শা, বাঘারপাড়া, চৌগাছা, ঝিকরগাছা মনিরামপুর, মাগুরা সদর
৮	রুরাল রিকন্সট্রাকশন ফাউন্ডেশন (আরআরএফ)	যশোর	ঝিকরগাছা
৯	জাকস ফাউন্ডেশন	জয়পুরহাট, নওগাঁ, চুয়াডাঙ্গা	জয়পুরহাট সদর, ধামুড়হুদা, বদলগাছী, পাঁচবিবি
১০	পিপলস্ ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পপি)	কিশোরগঞ্জ	কিশোরগঞ্জ সদর, বাজিতপুর, কুলিয়ারচর
১১	হীড বাংলাদেশ	মৌলভীবাজার	মৌলভীবাজার সদর, কমলগঞ্জ, রাজনগর
১২	সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থা	নোয়াখালী	সুবর্ণচর
১৩	শতফুল বাংলাদেশ	রাজশাহী	বাঘমারা ও মোহনপুর
১৪	শরীয়তপুর ডেভেলপমেন্ট সোসাইটি (এসডিএস)	শরীয়তপুর	শরীয়তপুর সদর
১৫	ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)	সিরাজগঞ্জ	সিরাজগঞ্জ সদর, উল্লাপাড়া, কামারখন্দ, শাহজাদপুর
১৬	ইএসডিও	ঠাকুরগাঁও	ঠাকুরগাঁও সদর
১৭	পিদিম ফাউন্ডেশন	নরসিংদী	নরসিংদী সদর, শিবপুর, পলাশ, রায়পুরা
		গাজীপুর	গাজীপুর সদর

উদ্যোগ উন্নয়নে সহায়তা দেওয়ার মাধ্যমে টেকসই কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে দুই যুগ ধরে কাজ করছে এ কর্মসূচি

অগ্রসর

দারিদ্র্য দূরীকরণ প্রক্রিয়া টেকসই করতে হলে উদ্যোক্তা সৃষ্টির বিকল্প নেই - এ অনুধাবন থেকে পিকেএসএফ ২০০১ সালে ক্ষুদ্র উদ্যোগ উন্নয়ন কর্মসূচি চালু করে। নাম দেওয়া হয় 'অগ্রসর'। যেকোনো ব্যবসায়িক কর্মকাণ্ডে ১৫ লক্ষ টাকা (জমি ও স্থাপনা বাদে) বিনিয়োগ থাকলে, তা 'অগ্রসর'-এর আওতায় সহায়তা দেওয়ার যোগ্য হিসেবে বিবেচিত হয়। একজন উদ্যোক্তা অগ্রসর কর্মসূচির আওতায় ১০ লক্ষ টাকা পর্যন্ত ঋণ নিতে পারেন।

২০২১-২০২২ অর্থবছরে সহযোগী সংস্থার অনুকূলে:

১৯১১.৮৩
কোটি টাকা ঋণ তহবিল সরবরাহ

৩৪২৬.৮২
কোটি টাকা ঋণ তহবিল স্থিতি

একনজরে কর্মসূচি

মোট ঋণগ্রহীতা
২২.১৩ লক্ষ

সহযোগী সংস্থা থেকে ঋণগ্রহীতা পর্যায়ে বিতরণের পরিমাণ
৩১,২৬২.৭৬ কোটি টাকা

ঋণস্থিতির পরিমাণ
২১,৮২০.৭৯ কোটি টাকা

গড় ঋণের পরিমাণ
১,৫৯,৯১২.০০ টাকা

অগ্রসরের আওতায় বছরভিত্তিক ঋণ বিতরণ
(পিকেএসএফ-সহযোগী সংস্থা পর্যায়)



সনাতন আর্থিক পরিষেবা থেকে বাদ পড়া অতিদরিদ্রদের অন্তর্ভুক্তিমূলক উন্নয়নের লক্ষ্যে এ কর্মসূচি গৃহীত হয়

বুনিয়াদ

স্ব-বর্জন, সামাজিক বর্জন এবং প্রাতিষ্ঠানিক বর্জনের কারণে অতিদরিদ্ররা গতানুগতিক আর্থিক পরিষেবা থেকে বাদ পড়তেন। এর মৌলিক কারণগুলোর মধ্যে ছিল তাদের দুর্বল আর্থসামাজিক অবস্থা ও আত্মবিশ্বাসের অভাব। অনেক ক্ষেত্রে, উদ্যোগ ও পৃষ্ঠপোষকতার অভাবও এর জন্য দায়ী। এমন বাস্তবতায়, সনাতন আর্থিক পরিষেবা থেকে বাদ পড়াদের অন্তর্ভুক্ত করার জন্য পিকেএসএফ 'বুনিয়াদ' শীর্ষক এ কার্যক্রম চালু করে।

২০২১-২০২২ অর্থবছরে সহযোগী সংস্থার অনুকূলে:

৩১০.১৫
কোটি টাকা ঋণ তহবিল সরবরাহ

৩৯২.৫৫
কোটি টাকা ঋণ তহবিল স্থিতি

একনজরে কর্মসূচি

৪.৭১ লক্ষ
মোট ঋণগ্রহীতা

সহযোগী সংস্থা থেকে ঋণগ্রহীতা পর্যায়ে ঋণ বিতরণের পরিমাণ
১,০২০.৮৩ কোটি টাকা

ঋণস্থিতির পরিমাণ
৬১২.০১ কোটি টাকা

গড় ঋণের পরিমাণ
২৩,৯৩২.০০ টাকা

২০০৪ সাল থেকে দেশব্যাপী বাস্তবায়নাধীন এ কর্মসূচির লক্ষ্য হলো, আর্থিক ও অ-আর্থিক সহযোগিতা দেওয়ার মাধ্যমে অতিদরিদ্রের জন্য টেকসইভাবে আয়ের সুযোগ সৃষ্টি ও প্রাপ্য মানব মর্যাদা প্রতিষ্ঠা।

'বুনিয়াদ' কর্মসূচির স্বতন্ত্র বৈশিষ্ট্য হলো স্বল্প সার্ভিস চার্জ এবং ঋণ পরিশোধের ধরনে নমনীয়তা। সঞ্চয় জমা, উত্তোলন, ঋণ পরিশোধ, সমিতির সভায় উপস্থিতি, নতুন ঋণের জন্য ন্যূনতম সঞ্চয় জমা প্রভৃতি ক্ষেত্রেও নমনীয়তা রয়েছে। এছাড়া, পিকেএসএফ 'বুনিয়াদ'-এর আওতায় অতিদরিদ্রদের দুর্যোগ ব্যবস্থাপনা ঋণ এবং ভূমি ইজারা ঋণ প্রদান করে।

বুনিয়াদের আওতায় বছরভিত্তিক ঋণ বিতরণ
(পিকেএসএফ-সহযোগী সংস্থা পর্যায়)



আর্থিক ও অ-আর্থিক সেবার মাধ্যমে সর্বজনীন মানবাধিকার ও মানব মর্যাদা নিশ্চিত করাই সমৃদ্ধি'র লক্ষ্য

সমৃদ্ধি

'দারিদ্র্য দূরীকরণের লক্ষ্যে দরিদ্র পরিবারসমূহের সম্পদ ও সক্ষমতা বৃদ্ধি (সমৃদ্ধি)' হলো পিকেএসএফ-এর মানবকেন্দ্রিক ও সমন্বিত উন্নয়ন কর্মসূচি। এই কর্মসূচির মূলমন্ত্র হলো দারিদ্র্যের বহুমাত্রিকতাকে চিহ্নিত করে দরিদ্র জনগোষ্ঠীকে বিভিন্ন আর্থিক ও অ-আর্থিক সেবা দেওয়ার মাধ্যমে তাদের জন্য একটি উপযুক্ত পরিবেশ সৃষ্টি করা, যাতে করে তারা সর্বজনীন মানবাধিকারসমূহ উপভোগপূর্বক একটি মর্যাদাপূর্ণ জীবন যাপনে সক্ষম হয়।

১৯৮	১৩.৩৬	৬০.৩০
ইউনিয়ন	লক্ষ পরিবার	লক্ষ সদস্য

২০২১-২০২২ অর্থবছরে

৮৫৮.২৮ কোটি টাকা ঋণ বিতরণ

১.৬০ লক্ষ শিক্ষার্থীকে পাঠদানে সহায়তা

১১,১৩,৪৪১ জনকে স্বাস্থ্য ও চিকিৎসাসেবা প্রদান

বৃহৎ কার্যক্রম

- স্বাস্থ্যসেবা ও পুষ্টি
- শিক্ষা সহায়তা
- উন্নয়নে যুব সমাজ
- বিশেষ সঞ্চয়
- আর্থিক সহায়তা
- সমৃদ্ধ বাড়ি

বর্তমানে এ কর্মসূচির আওতায় পিকেএসএফ-এর ১১১টি সহযোগী সংস্থার মাধ্যমে ১৩.৩৬ লক্ষ পরিবারের প্রায় ৬০.৩০ লক্ষ সদস্যকে ২০টির অধিক উন্নয়ন কার্যক্রম পরিচালনার মাধ্যমে বিভিন্ন ধরনের সেবা-পরিষেবা দেওয়া হচ্ছে। এর মধ্যে উল্লেখযোগ্য কার্যক্রমগুলো হচ্ছে ১. স্বাস্থ্যসেবা ও পুষ্টি, ২. শিক্ষা সহায়তা, ৩. উন্নয়নে যুব সমাজ, ৪. বিশেষ সঞ্চয়, ৫. আর্থিক সহায়তা, ৬. সমৃদ্ধ বাড়ি, ৭. সৌরবিদ্যুৎ, ৮. বন্ধু চুলা, ৯. কেঁচো সার উৎপাদন, ১০. উদ্যমী সদস্য (ভিক্ষুক) পুনর্বাসন ইত্যাদি। জাতিসংঘের টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি)-তে বিধৃত মানবকেন্দ্রিক উন্নয়নের মূল ধারণা এই কর্মসূচিতে প্রতিফলিত হয়েছে।

করোনা মহামারির পরেও সমৃদ্ধি কর্মসূচির স্বাস্থ্যসেবা ও পুষ্টি কার্যক্রমের আওতায় পরিচালিত স্বাস্থ্যসেবা কার্যক্রম একই গতিতে অব্যাহত ছিল। ২০২১-২০২২ অর্থবছরে স্ট্যাটিক ক্লিনিক, স্যাটেলাইট ক্লিনিক ও স্বাস্থ্য ক্যাম্পের মাধ্যমে মোট ১১,১৩,৪৪১ জনকে বিভিন্ন প্রয়োজনীয় স্বাস্থ্য ও চিকিৎসা সেবা দেওয়া হয়েছে। এছাড়া, এ সময় ৩৫৪টি বিশেষ চক্ষু ক্যাম্পে ৪,৮৩৫ জনের বিনামূল্যে ছানি অপারেশন করা হয়।

দেশব্যাপী ১৯৮টি ইউনিয়নে পরিচালিত ৬,১৬৭টি শিক্ষা সহায়তা কেন্দ্রের শিক্ষকবৃন্দের মানোন্নয়নে সরকারি মাস্টার ট্রেইনার কর্তৃক বিষয়ভিত্তিক (বাংলা, ইংরেজি ও গণিত) প্রশিক্ষণ দেওয়া হয়েছে। এসব শিক্ষাকেন্দ্রে প্রায় ১.৬০ লক্ষ শিক্ষার্থীকে পাঠদানে সহায়তা করা হচ্ছে। বিশেষ সঞ্চয় কার্যক্রমের আওতায় দেওয়া অর্থের সাহায্যে অতিদরিদ্র, নারীপ্রধান ও প্রতিবন্ধী ব্যক্তিসংবলিত পরিবারের সদস্যবৃন্দ আত্মকর্মসংস্থানের ব্যবস্থা করতে পেরেছেন। পিকেএসএফ থেকে ২০২১-২০২২ অর্থবছরে ২১৩ জন বিশেষ সঞ্চয়ীকে সফলভাবে মেয়াদপূর্ণ করায় ম্যাচিং অনুদান হিসেবে প্রায় ৩৪.৫৫ লক্ষ টাকা দেওয়া হয়েছে। সমৃদ্ধি কর্মসূচির আওতায় আয়বৃদ্ধিমূলক ঋণ, জীবনযাত্রার মান উন্নয়ন ঋণ ও সম্পদ সৃষ্টি ঋণ – এ তিন ধরনের ঋণ সেবা দেওয়া হয়। ২০২১-২০২২ অর্থবছরে মাঠ পর্যায়ে সদস্যদের মধ্যে মোট ৮৫৮.২৮ কোটি টাকা ঋণ হিসেবে বিতরণ করা হয়েছে।

সমৃদ্ধি কর্মসূচির আওতায় 'স্বপ্ন আমার উদ্যোক্তা হবো' শীর্ষক একটি ভিডিওভিত্তিক প্রশিক্ষণ মডিউল নির্মিত হয়েছে। এর মাধ্যমে 'উন্নয়নে যুব সমাজ' কার্যক্রমের আওতাভুক্ত যুব সদস্যরা উদ্যোগ উন্নয়ন বিষয়ে প্রশিক্ষণ পাবে। ইতঃপূর্বে 'আত্মোপলব্ধি, নেতৃত্ব বিকাশ ও করণীয়' শীর্ষক মডিউলের মাধ্যমে ১.৫ লক্ষাধিক যুবকে প্রশিক্ষণ দেওয়া হয় যা যুবদের আত্মোপলব্ধির পাশাপাশি তাদের সমাজের দায়িত্বশীল নাগরিক হিসেবে গড়ে উঠতে সাহায্য করেছে। 'স্বপ্ন আমার উদ্যোক্তা হবো' মডিউলটির মাধ্যমে অনেক যুব নিজেদের উদ্যোক্তা হিসেবে বিকশিত করার লক্ষ্যে করণীয় নির্ধারণে সুনির্দিষ্ট দিকনির্দেশনা পাবে। এছাড়া, বিভিন্ন বিশেষ দিবস উপলক্ষ্যে তৃণমূলে বিভিন্ন কর্মসূচি এবং মাঠ পর্যায়ের কর্মকর্তাদের দক্ষতা বাড়ানোর উদ্দেশ্যে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ ও কর্মশালা আয়োজন করা হয়।

২০২১-২০২২ অর্থবছরে সমৃদ্ধি কর্মসূচি মোট চারটি প্রকাশনা বের করে। এগুলো হলো - ক) *সমৃদ্ধি'র পথে পথে*, খ) *বীর মুক্তিযোদ্ধাদের স্মৃতিতে '৭১* গ) *প্রেরণায় বঙ্গবন্ধু*, এবং ঘ) 'সমৃদ্ধি' বিশেষ সাময়িকী। এছাড়া, এ কর্মসূচি বিষয়ক *Sustainable Development, Human Dignity and Choice* শীর্ষক একটি গবেষণা গ্রন্থ বিশ্বখ্যাত প্রকাশনা সংস্থা *Springer Nature* কর্তৃক প্রকাশিত হয়েছে। এ গবেষণায় নেতৃত্ব দেন যুক্তরাজ্যের সাসেক্স বিশ্ববিদ্যালয়ের ফেলো ড. মার্টিন গ্রিলি। তার গবেষণা সহযোগী হিসেবে ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন অধ্যয়ন বিভাগের সহযোগী অধ্যাপক ড. আসিফ সাহান এবং ড. শুভাশিস বড়ুয়া।

পিকেএসএফ-এর কার্যক্রমে পরিবেশ এবং জলবায়ু পরিবর্তন সংক্রান্ত বিষয়াবলি অন্তর্ভুক্তির লক্ষ্যে কাজ করছে এ ইউনিট

পরিবেশ ও জলবায়ু পরিবর্তন

জলবায়ু পরিবর্তনজনিত অভিঘাত মোকাবিলা বর্তমান সময়ের অন্যতম আলোচ্য বিষয়। Intergovernmental Panel on Climate Change (IPCC)-এর ৬ষ্ঠ পর্যালোচনা প্রতিবেদন অনুযায়ী, জলবায়ু পরিবর্তনের ফলে ২০৫০ সালের মধ্যে বাংলাদেশের দক্ষিণ-পশ্চিম উপকূলীয় এলাকায় স্বাদু পানির প্রাপ্যতা ৪০.৮% থেকে ১৭.১% পর্যন্ত হ্রাস পেতে পারে। পাশাপাশি, জলবায়ু পরিবর্তনের ফলে অদূর ভবিষ্যতে বাংলাদেশের মতো অপেক্ষাকৃত নিম্নাঞ্চলের দেশগুলোতে বিভিন্ন প্রজাতির উদ্ভিদ ও প্রাণীর বিলুপ্তি, বন্যা ও খরার আধিক্য, অতিবৃষ্টি ও অনাবৃষ্টি, রাস্তাঘাট ও বাড়িঘর নিমজ্জিত হওয়া, পরিবেশের ভারসাম্যহীনতা ইত্যাদির মতো ব্যাপক নেতিবাচক প্রভাব পরিলক্ষিত হতে পারে।

১০
পরিবেশগত ব্যবস্থাপনা গাইডলাইন প্রণয়ন

৩
পরিবেশগত ব্যবস্থাপনা গাইডলাইন প্রণয়ন চলমান

২
পরিবেশগত ব্যবস্থাপনা প্রকল্প বাস্তবায়নাধীন

জাতিসংঘ ঘোষিত ১৭টি টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি)-এর মধ্যে ১৩তম অভীষ্ট হলো জলবায়ু পরিবর্তন ও এর প্রভাব মোকাবিলায় জরুরি কর্মব্যবস্থা গ্রহণ।

পিকেএসএফ-এর সকল কার্যক্রমে পরিবেশ এবং জলবায়ু পরিবর্তন সংক্রান্ত বিষয়াবলি অন্তর্ভুক্তির লক্ষ্যে ২০১৬ সালে পরিবেশ ও জলবায়ু পরিবর্তন ইউনিট গঠিত হয়। এ ইউনিটের দক্ষ জনবলের সক্রিয় প্রচেষ্টায় পিকেএসএফ জাতীয় এবং আন্তর্জাতিক পর্যায়ে সাফল্যের সাথে সময়োপযোগী নানা কার্যক্রম বাস্তবায়ন করে যাচ্ছে। এর ধারাবাহিকতায়, পিকেএসএফ ৮ আগস্ট ২০২১ তারিখে Adaptation Fund-এর বাংলাদেশের একমাত্র জাতীয় বাস্তবায়নকারী প্রতিষ্ঠান (NIE) হিসেবে স্বীকৃতি লাভ করে। এ ইউনিটের অধীনে গ্রিন ক্লাইমেট ফান্ড (GCF) এবং Adaptation Fund-এ জলবায়ু পরিবর্তন অভিঘাত সম্পর্কিত বেশ কয়েকটি প্রকল্প প্রস্তাবনা দাখিল করা হয়েছে। এর মধ্যে, GCF কর্তৃক অনুমোদিত Extended Community Climate Change Project-Flood (ECCCP-Flood) এবং Strengthening the capacity of PKSF, Executing Entities (EEs) and Implementing Entities (IEs) for effective participation of GCF activities in Bangladesh শীর্ষক প্রকল্প দু'টির কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া, সরকারের নীতিমালার সাথে সামঞ্জস্য রেখে পরিবেশ সুরক্ষায় পিকেএসএফ-এর পরিবেশ ও জলবায়ু পরিবর্তন ইউনিট কর্তৃক ইতোমধ্যে আম, কলা, নিরাপদ সবজি, লবণ ও শুঁটকি উৎপাদন, ইমিটেশন জুয়েলারি, তাঁতশিল্প, পাদুকাশিল্প, হস্তচালিত তাঁতশিল্প ও গবাদিপ্রানির বর্জ্য ব্যবস্থাপনা-সংক্রান্ত ১০টি পরিবেশগত ও সামাজিক ব্যবস্থাপনা গাইডলাইন প্রণীত হয়েছে। পরিবেশগত সুরক্ষা নিশ্চিতকল্পে এ গাইডলাইনগুলো বিভিন্ন প্রকল্প ও পিকেএসএফ-এর মূলস্রোতের কার্যক্রমে অনুসরণ করার জন্য পিকেএসএফ-এর সহযোগী সংস্থাসমূহের মাঝে বিতরণ করা হয়েছে।

পাশাপাশি, সংশ্লিষ্ট সরকারি-বেসরকারি সংস্থার প্রতিনিধিবৃন্দের পরামর্শ অনুসারে পোলট্রি খামার, ফুল চাষ এবং মাছ চাষে পরিবেশগত ও সামাজিক ব্যবস্থাপনা গাইডলাইন প্রণয়নের কাজ চূড়ান্ত পর্যায়ে রয়েছে।

মাঠ পর্যায়ে কার্যক্রম বাস্তবায়নের পাশাপাশি জাতীয় পর্যায়ে সংশ্লিষ্ট নীতিমালা প্রণয়নে ইউনিটটি গুরুত্বপূর্ণ অবদান রাখছে

সমন্বিত কৃষি

পিকেএসএফ-এর সমন্বিত কৃষি ইউনিটের আওতায় কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদবিষয়ক খামার প্রযুক্তি সম্প্রসারণ, খামারিদের সক্ষমতা বৃদ্ধি, পণ্যের ভ্যালু চেইন ও বিপণন প্রক্রিয়ার উন্নয়ন করা হচ্ছে। এছাড়াও, ইউনিটটি এসব বিষয়ে জাতীয় পর্যায়ে নীতিমালা প্রণয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। দেশে বর্তমানে অনেকটা নীরবে ঘটে যাওয়া কৃষি বিপ্লবে পিকেএসএফ-এর কার্যকর অবদান রয়েছে।

৩
খাতে কার্যক্রম বাস্তবায়নাধীন

১.০৭
লক্ষ সক্রিয় সদস্য

১০৪
ধরনের প্রযুক্তি সম্প্রসারিত

কৃষি খাতে কার্যক্রম

কৃষি খাতের আওতায় গবেষণা প্রতিষ্ঠানসমূহের সাথে সমন্বয় করে মাঠ পর্যায়ে উচ্চমূল্য ও বিশেষ পুষ্টিগুণসম্পন্ন এবং ফসলের জাত, যেমন সুগন্ধি ও জিংকসমৃদ্ধ ধান, গ্রীষ্মকালীন তরমুজ ও টমেটো, ক্যাপসিকাম, স্কোয়াস, রকমেলন, বিটরুট ইত্যাদি সম্প্রসারণ করা হচ্ছে। বর্তমানে এ খাতের আওতায় সম্প্রসারিত বেশকিছু প্রযুক্তি, যেমন গ্রীষ্মকালীন তরমুজ, বিভিন্ন উচ্চ ফলনশীন ধান ইত্যাদি মাঠ পর্যায়ে কৃষকদের দ্বারা ব্যাপকভাবে প্রতিরূপায়িত হচ্ছে। জুন ২০২২ পর্যন্ত কৃষি খাতের আওতায় আধুনিক, লাগসই ও পরিবেশবান্ধব প্রায় ৩২টি কৃষি প্রযুক্তি ও উচ্চমূল্যের ফসল জাতের ওপর প্রায় ৩০,২৩৪টি প্রদর্শনী বাস্তবায়ন করা হয়েছে। এছাড়া মাঠ পর্যায়ে নতুন ও পরিবেশবান্ধব কৃষি প্রযুক্তির ওপর ১,৩০৮টি মাঠ দিবস ও ৫টি উদ্বুদ্ধকরণ ভ্রমণ সম্পাদিত হয়। ধান খেতে ইউরিয়া সার প্রয়োগের লক্ষ্যে ৬৮৭টি গুটি ইউরিয়া এপ্লিকেটর মেশিন, নিরাপদ ফসল উৎপাদনের জন্য ১,১৭,৮৪৬টি ফেরোমন ফাঁদ, সমন্বিত বালাই ব্যবস্থাপনার অংশ হিসেবে ধান খেতে ২৭,০৭৬টি পার্চিং স্টিক, নিরাপদ ফল উৎপাদনের জন্য ১,৭৯,৭৫২টি ফ্রুট ব্যাগ এবং বাড়িতে সবজি বাগান স্থাপনের লক্ষ্যে ৮,০৪৬ জন সদস্যের মাঝে সবজির বীজ বিতরণ করা হয়।

'তামাক চাষ নিয়ন্ত্রণে বিকল্প ফসল উৎপাদন ও বহুমুখী আয়ের উৎস সৃষ্টি' শীর্ষক কার্যক্রমের আওতায় কুষ্টিয়া, লালমনিরহাট, কক্সবাজার ও বান্দরবান জেলায় বর্তমানে প্রায় ২,১০০ তামাকচাষি ৬২২ হেক্টর জমিতে তামাকের পরিবর্তে বিভিন্ন উচ্চমূল্যের বিকল্প খাদ্য ফসল উৎপাদন করছেন। একইসঙ্গে তাঁরা প্রত্যেকে আয়ের উৎসে বৈচিত্র্য আনার লক্ষ্যে বাড়িতে গরু মোটাতাজাকরণ, বাণিজ্যিকভাবে মুরগি, ছাগল ও পেকিন হাঁস পালন করছেন।

তামাকের তুলনায় খাদ্য ফসল চাষে তুলনামূলক বেশি আয়ের সুযোগ রয়েছে – এ বিষয়টি উপলব্ধি করে কার্যক্রমভুক্ত ৮৪৪ জন তামাকচাষি সম্পূর্ণরূপে তামাক চাষ ছেড়ে দিয়েছেন। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের স্থানীয় কার্যালয়ের তথ্য মতে, ২০১৮ সাল থেকে এ পর্যন্ত কার্যক্রমভুক্ত কর্ম এলাকায় প্রায় ১,৪০২ হেক্টর জমিতে তামাকের বদলে খাদ্য ফসল চাষ হয়েছে।

মৎস্য খাতে কার্যক্রম

মৎস্যবিষয়ক যেসব প্রযুক্তি ২০২১-২০২২ অর্থবছরে বাস্তবায়ন করা হয়েছে, সেগুলো হলো – কার্প-মলা-তেলাপিয়া মিশ্র চাষ ও পুকুর পাড়ে বছরব্যাপী সবজি চাষ, দেশি শিং-মাগুর-পাবদা-গুলশা-ট্যাংরা-কার্প মিশ্র চাষ, কার্প ফ্যাটেনিং/কার্প জাতীয় মাছ মোটাতাজাকরণ, ফিশিং গিয়ার তৈরিতে উদ্যোক্তা সৃষ্টি, নার্সারি পুকুর/মাছের পোনা চাষে উদ্যোক্তা তৈরি, কাঁকড়া মোটাতাজাকরণ ও নরম খোলসের কাঁকড়া চাষ, উচ্চমূল্যের চিতল-শোল-আইড়-কার্প মাছের মিশ্র চাষ, ট্যাংকে উচ্চমূল্যের মাছ চাষ, বায়োফ্লক প্রযুক্তিতে মাছ চাষ, ভাসমান খাঁচায় মাছ চাষ, ভেটকি-তেলাপিয়া-কার্প মাছের মিশ্র চাষ, ফিশ ফিড তৈরিতে উদ্যোক্তা সৃষ্টি, কার্প-গলদা চিংড়ি মিশ্র চাষ, ভিয়েতনাম পাঙাশ ও কার্প মাছের মিশ্র চাষ, অর্নামেন্টাল ফিশ/বাহারি মাছের চাষ, ফার্মেন্টেড/সেমি-ফার্মেন্টেড ফিশ প্রোডাক্ট ও বিলুপ্তপ্রায় দেশি মাছ (মেনি, গুতুম, রাণী, মহাশোল, খলিশা ইত্যাদি) চাষ, পুকুর পাড়ে বছরব্যাপী মৌসুমভিত্তিক সবজি চাষ প্রদর্শনী।

জুন ২০২২ পর্যন্ত উন্মুক্ত জলাশয়ে ১৩,২৫৭ কেজি মাছের পোনা অবমুক্ত এবং খামারি পর্যায়ে মোট ১৬,৬৪৬টি ঝাঁকি জাল বিতরণ করা হয়

ইউনিটের আওতায় মৎস্য খাতে সদস্যদের কারিগরি সেবা, পণ্য বিপণনে বাজারসংযোগ সহায়তা, উদ্যোক্তা উন্নয়ন, সক্ষমতা বাড়ানোসহ প্রাতিষ্ঠানিক সংযোগ স্থাপনে প্রয়োজনীয় সেবা দেওয়া অব্যাহত আছে। মৎস্য খাতের আওতায় খামারি পর্যায়ে জুন ২০২২ পর্যন্ত ২০,৯৪৭টি প্রদর্শনী বাস্তবায়ন করা হয়েছে।

এছাড়া, প্রকৃতিতে মাছের উৎপাদন বাড়ানোর লক্ষ্যে উন্মুক্ত জলাশয়ে ১৩,২৫৭ কেজি মাছের পোনা ও মৎস্য খামারি পর্যায়ে মোট ১৬,৬৪৬টি ঝাঁকি জাল বিতরণ করা হয়েছে। বর্ণিত খাতের আওতায় এ পর্যন্ত মাঠ পর্যায়ে ৪৪৯টি ক্লাস্টার স্থাপিত হয়েছে, যার মধ্যে ১০৯টি কার্প-মলা-তেলাপিয়ার খামার, ৪৮টি কার্প-গলদা চিংড়ি মিশ্র চাষের খামার, ৬১টি দেশি শিং-মাগুর-পাবদা- গুলশা-ট্যাংরা-কার্প মিশ্র চাষের খামার, ৫৬টি কার্প ফ্যাটেনিং খামার ও ৪৪টি মাছের পোনা চাষে উদ্যোক্তা তৈরি বিষয়ক।

প্রাণিসম্পদ খাতে কার্যক্রম

২০২১-২০২২ অর্থবছরে প্রাণিসম্পদ খাতের আওতায় সম্প্রসারিত প্রযুক্তিগুলো হলো: নিরাপদ মাংসের জন্য বাউ-ব্রো কালার মুরগি পালন, নিবিড় পদ্ধতিতে খাসি মোটাতাজাকরণ, মাসকোভি হাঁস পালন, দেশি মুরগি উৎপাদন, পেকিন হাঁস পালন, হিলি মুরগি পালন, হাঁসের কৃত্রিম হ্যাচারি, উন্নত ব্যবস্থাপনায় গাভি পালন, নিরাপদ ডিম ও মুরগির মাংস উৎপাদন, প্রাণিসম্পদের পণ্য বাজারজাতকরণ, সমন্বিত পদ্ধতিতে কবুতর পালন, রাজহাঁসের প্রাকৃতিক হ্যাচারি, আধা-নিবিড় পদ্ধতিতে বেঙ্গল ভেড়া পালন, প্রজননের জন্য পাঁঠা পালন, প্রাণিখাদ্য প্রক্রিয়াজাত ও বাজারজাতকরণ, বাণিজ্যিক ফডার উৎপাদন ইত্যাদি। এ খাতে দেওয়া কারিগরি সহায়তার মধ্যে রয়েছে প্রজনন সামগ্রী সরবরাহ, রোগ প্রতিরোধে স্বাস্থ্যসেবা, খামারের ডিজাইন এবং প্রাণিসম্পদ কার্যক্রম বিষয়ক ব্যবস্থাপনিক সহায়তা।

জুন ২০২২ পর্যন্ত ১৮.৭ লক্ষ গবাদিপ্রাণী ও পোলট্রিকে টিকা এবং ৫.৮ লক্ষ ক্ষুদ্র ও বৃহৎ রোমন্থনকারী প্রাণিকে বিস্তৃত বর্ণালির কৃমিনাশক দেওয়া হয়

জুন ২০২২ পর্যন্ত প্রাণিসম্পদের ৫৬,১৬৭টি প্রদর্শনী বাস্তবায়ন করা হয়েছে। এর ফলে, কর্ম এলাকায় গড়ে উঠেছে ২৩৫টি ছাগল পালন ক্লাস্টার, যেখানে প্রতিটি ক্লাস্টারে অন্তত ১৫টি ছাগলের খামার রয়েছে। এছাড়া গড়ে উঠেছে ১৩৫টি হাঁস পালন ক্লাস্টার, যেখানে প্রতিটি ক্লাস্টারে ন্যূনতম ৭-৮টি হাঁসের খামার; ১৩৯টি দেশি মুরগির ক্লাস্টার, যেখানে প্রতিটি ক্লাস্টারে ন্যূনতম ১৩-১৫টি দেশি মুরগির খামার; ৮৭টি নিরাপদ ডিম উৎপাদন ক্লাস্টার, যেখানে প্রতিটি ক্লাস্টারে ন্যূনতম ১০টি লেয়ার মুরগির খামার এবং ১২৩টি নিরাপদ মাংস উৎপাদনে বাউ-ব্রো কালার মুরগির ক্লাস্টার, যেখানে প্রতিটি ক্লাস্টারে ন্যূনতম ১০-১২টি ব্রয়লার মুরগির খামার রয়েছে।

প্রাণিসম্পদ খাতের গণটিকা কর্মসূচির আওতায় প্রায় ১৯ লক্ষ গবাদিপ্রাণী ও পোলট্রিকে ক্ষুরা, তড়কা, গলাফোলা, বাদলা, পিপিআর, রাণিক্ষেত ও ডাকপ্লেগ রোগের টিকা দেওয়া হয়েছে।

এছাড়া, প্রায় ৫.৮ লক্ষ ক্ষুদ্র ও বৃহৎ রোমন্থনকারী প্রাণিকে বিস্তৃত বর্ণালির কৃমিনাশক দেওয়া হয়েছে। এর পাশাপাশি গাভির ম্যাসটাইটিস রোগ শনাক্তকরণের জন্য California Mastitis Test (CMT) কিট সরবরাহ করা হয়েছে।

অন্যান্য

জুন ২০২২ পর্যন্ত মৎস্য খাতের আওতায় ২১,৮০০ জন সদস্যকে আধুনিক পদ্ধতিতে মৎস্য চাষ বিষয়ে এবং প্রাণিসম্পদ খাতের আওতায় ৫৮,৯৬৫ জন সদস্যকে আধুনিক পদ্ধতিতে প্রাণিসম্পদ পালন বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। সমন্বিত কৃষি ইউনিটের আওতায় মোট ২,৬১৬টি কৃষি পরামর্শ কেন্দ্রের সভা পরিচালিত হয়েছে। পাশাপাশি, সদস্য পর্যায়ে কারিগরি সেবা দেওয়ার জন্য এ খাত থেকে ২৫০ জন Livestock and Poultry Service Providers (LPSPs) গড়ে তোলা হয়েছে।

পরিবারভিত্তিক উদ্যোগ উন্নয়নের লক্ষ্যে পিকেএসএফ-এর প্রতিষ্ঠালগ্ন থেকে বাস্তবায়িত হচ্ছে এ কর্মসূচি



জাগরণ

বাংলাদেশের গ্রাম ও শহরাঞ্চলে পরিবারভিত্তিক উদ্যোগ উন্নয়নের জন্য পিকেএসএফ-এর একটি ঋণ কার্যক্রম 'জাগরণ'। ১৯৯০ সালের অক্টোবর থেকে 'জাগরণ' (পূর্বে 'গ্রামীণ ক্ষুদ্রঋণ' হিসেবে পরিচিত) কার্যক্রমের মাধ্যমে গ্রামীণ দরিদ্রের জন্য আর্থিক পরিষেবা সম্প্রসারিত করা হচ্ছে। এর কার্যক্রম শুরুতে গ্রামাঞ্চলে সীমাবদ্ধ থাকলেও ১৯৯৯ সালে পিকেএসএফ শহরাঞ্চলের দরিদ্রদের এ আর্থিক পরিষেবার পরিধির মধ্যে নিয়ে আসে। শহরাঞ্চলে 'জাগরণ' কার্যক্রমে নারীর অংশগ্রহণ গ্রামাঞ্চলের তুলনায় বেশি এবং শ্রম বাজারে তাদের উচ্চতর অংশগ্রহণ, বস্তুগত সম্পদে আরও বেশি প্রবেশাধিকার, পরিবারে সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় অর্থবহ ভূমিকা রয়েছে।

২০২১-২০২২ অর্থবছরে সহযোগী সংস্থার অনুকূলে:

১২৭২.৫৫
কোটি টাকা ঋণ তহবিল সরবরাহ

২২৮৯.৫৪
কোটি টাকা ঋণ তহবিল স্থিতি

একনজরে কর্মসূচি

মোট ঋণগ্রহীতা
৮১.২৭ লক্ষ

সহযোগী সংস্থা থেকে ঋণগ্রহীতা পর্যায়ে বিতরণের পরিমাণ
৩৬,৮৮৪.৮৯ কোটি টাকা

ঋণস্থিতির পরিমাণ
১৮,৮৬৭.৫০ কোটি টাকা

গড় ঋণের পরিমাণ
৪৪,৫০৫.০০ টাকা

জুন ২০২২ পর্যন্ত 'জাগরণ' কর্মসূচির অধীনে পিকেএসএফ থেকে সহযোগী সংস্থা এবং সহযোগী সংস্থা থেকে ঋণগ্রহীতা পর্যায়ে ক্রমপুঞ্জীভূত আর্থিক পরিষেবার পরিমাণ যথাক্রমে ১৬,৮৭৪.৩৫ কোটি টাকা এবং ২,৩৭,৭০৩.২৫ কোটি টাকা।

জাগরণ-এর আওতায় বছরভিত্তিক ঋণ বিতরণ

(পিকেএসএফ-সহযোগী সংস্থা পর্যায়)



খাদ্য নিরাপত্তা অর্জনে সহায়তা দেওয়া ও মৌলিক খাদ্য চাহিদা নিশ্চিতকরণই এ কর্মসূচির উদ্দেশ্য

কুয়েত গুডউইল ফান্ড কর্মসূচি

কুয়েত গুডউইল ফান্ড (KGF) কর্মসূচিটি কুয়েত ফান্ড ফর আরব ইকোনোমিক ডেভেলপমেন্ট (KFAED)-এর অনুদান সহায়তায় পিকেএসএফ কর্তৃক বাস্তবায়িত একটি বিশেষায়িত কার্যক্রম। ইসলামি দেশসমূহের জনগণের খাদ্য নিরাপত্তা অর্জনে সহায়তা প্রদান ও মৌলিক খাদ্য চাহিদা নিশ্চিতকরণের লক্ষ্যে কুয়েতের মহামান্য আমির কর্তৃক 'কুয়েত গুডউইল ফান্ড' গঠন করা হয়। এ কর্মসূচির আওতায় সংগঠিত সদস্যদের ঋণ ও কারিগরি সহায়তা দেওয়া হচ্ছে। KGF কর্মসূচির মূল উদ্দেশ্য হচ্ছে ক) কারিগরি কার্যক্রমের সাথে টেকসই কৃষিবিষয়ক আর্থিক কর্মকাণ্ডের সংযোগ স্থাপন, খ) ফসল রোপণ ও সংগ্রহকালের সাথে সম্পর্ক রেখে নমনীয় সার্ভিস চার্জের বিনিময়ে আর্থিক সহায়তা দেওয়া ও গ) টেকসই কৃষিপ্রযুক্তি সম্প্রসারণ।

১৬০
কোটি টাকারও বেশি ঋণ বরাদ্দ

৮.৪৬
লক্ষ ঋণগ্রহীতা

৭৬
শতাংশ সদস্য নারী

বর্তমানে ৩৮টি সহযোগী সংস্থার সহায়তায় ২৮টি জেলার ৭৬টি উপজেলার ১৪২টি শাখায় KGF কর্মসূচির ঋণ কার্যক্রম এবং সমন্বিত কৃষি ইউনিটভুক্ত ৩৮টি সহযোগী সংস্থার সহায়তায় ২৬টি কৃষি পরিবেশ অঞ্চলভুক্ত ২৯টি জেলার ৭৯টি উপজেলার ১৫৩টি শাখায় প্রযুক্তি বিস্তার কার্যক্রম চলমান রয়েছে। ২০২১-২০২২ অর্থবছরে KGF কর্মসূচির আওতায় ঋণ কার্যক্রম পরিচালনার জন্য ১৫৬ কোটি টাকা এবং কারিগরি কার্যক্রম পরিচালনার জন্য ৪.৩০ কোটি টাকা, সর্বমোট ১৬০.৩০ কোটি টাকা বাজেট বরাদ্দ রাখা হয়।

কর্মসূচির অগ্রগতি

ঋণ সহায়তা

KGF কর্মসূচির আওতায় জুন ২০১১ থেকে এ পর্যন্ত মোট ১১,৮২০টি দলের মাধ্যমে ৮,৪৫,৯০০ সদস্যকে ঋণ সহায়তা প্রদান করা হয়েছে, যার মধ্যে ৭৬% নারী। এসব সদস্যের সঞ্চয় স্থিতির পরিমাণ ৩৪.৩১ কোটি টাকা। মার্চ ২০২২ পর্যন্ত এ কর্মসূচির আওতায় মাঠ পর্যায়ে ক্রমপুঞ্জীভূত ঋণ বিতরণের পরিমাণ ২,৬২৭.৮৮ কোটি টাকা। বর্তমানে ঋণস্থিতির পরিমাণ ২২৪.৪৬ কোটি টাকা এবং আদায় হার শতকরা প্রায় ১০০ ভাগ। বিতরণকৃত ঋণের প্রায় ৫৩% ফসল উৎপাদন, প্রায় ৩৪% গরু মোটাতাজাকরণ ও অন্যান্য প্রাণী পালন এবং অবশিষ্টাংশ মৎস্য চাষ ও অন্যান্য কৃষি কার্যক্রমে বিতরণ করা হয়েছে।

বছরওয়ারি ঋণ সহায়তা কার্যক্রমের চিত্র

নির্দেশক	২০১৪ পর্যন্ত	২০১৫	২০১৬	২০১৭	২০১৮	২০১৯	২০২০	২০২১	২০২২	মোট/গড়
ক্রমপুঞ্জীভূত সদস্য খানার সংখ্যা	৭৮৯০০	৬৫২০০	৮৬৬০০	১১৪৫০০	১০৪৮০০	১৩৮৬০০	৬৮৭০০	৮০৮০০	১০৭৮০০	৮৪৫৯০০
নারী সদস্যের হার (%)	৬৮	৭১	৭৩	৭৬	৭৮	৮২	৮১	৮৪	৮৫	৭৬
ঋণ বিতরণ (কোটি টাকায়)	২২৪.৩৭	১৬৭.৭৮	২৮৮.২৫	২৯৪.৯৮	৩২৮.৯১	৩৩৭.৮৭	৩১০.৫১	৩৬৪.০৪	৩১১.১৭	২৬২৭.৮৮
ঋণস্থিতি (কোটি টাকায়)	৫৩.৭৫	৩৯.৯	৩২.৯৬	২১.৮৪	৯.০৫	৮.৬৯	-৮.৬	১৩.৪৮	৫৩.৩৯	২২৪.৪৬
সঞ্চয় স্থিতি (কোটি টাকায়)	৮.৮২	২.৫৯	১০.৩৩	৩.৭	৪.৫	১.০৫	২.১৫	-১.৬৩	২.৮	৩৪.৩১
ঋণ আদায় হার (%)	৯৯.৫৮	৯৯.৪০	৯৯.৬০	৯৯.৭০	৯৯.৭০	৯৯.৭০	৯৯.৭০	৯৯.৩০	৯৯.৬২	৯৯.৫৯
বিতরণকৃত ঋণের অনুপাত (ফসল: প্রাণিসম্পদ:মৎস্য)	৪৬:৪২:১২	৫০:৩৬:০৯	৫৬:৩১:০৯	৫৯:৩০:০৯	৫৬:৩১:০৯	৫৭:৩১:০৯	৫৯:৩০:০৯	৬২:২৮:০৯	৬২:২৯:০৯	৫৬:৩৪:১০

কারিগরি কার্যক্রম

প্রযুক্তি বিস্তার কার্যক্রম: জুন ২০২২ পর্যন্ত KGF কর্মসূচির অর্থায়নে সমন্বিত কৃষি ইউনিটভুক্ত ৩৮টি সহযোগী সংস্থায় ফসল চাষবিষয়ক ১,৬৯০টি, মৎস্য চাষবিষয়ক ১,৫১৮টি এবং প্রাণিসম্পদ বিষয়ক ১,৯৯৭টি অর্থাৎ সর্বমোট ৫,২০৫টি প্রদর্শনী বাস্তবায়ন করা হয়েছে, যা ইউনিটটির আওতায় বাস্তবায়িত মোট প্রদর্শনীর ৫২ শতাংশ।

উদ্ভাবনীমূলক কৃষি প্রযুক্তির পরীক্ষামূলক বাস্তবায়ন: KGF কর্মসূচির আওতায় চাঁপাইনবাবগঞ্জ জেলায় দ্বিস্তর অরচার্ড ব্যবস্থাপনার মাধ্যমে বাণিজ্যিকভাবে নিরাপদ গৌড়মতি আম ও মাল্টা উৎপাদন ও সংগ্রহোত্তর ব্যবস্থাপনা এবং রাজশাহী জেলায় উন্নত পদ্ধতিতে পান চাষের মাধ্যমে আয় বৃদ্ধিকরণ শীর্ষক প্রকল্প দুটি বাস্তবায়িত হচ্ছে।

কৃষিজ ও অকৃষিজ খাতে উদ্ভাবনীমূলক আর্থিক ও অ-আর্থিক সেবা দেওয়ার লক্ষ্যে গৃহীত একটি বৈচিত্র্যময় কর্মসূচি

LIFT কর্মসূচি

দেশের দরিদ্র ও সুবিধাবঞ্চিত মানুষের অন্তর্ভুক্তিমূলক ও টেকসই উন্নয়নের প্রয়াসে কৃষিজ ও অকৃষিজ খাতে উদ্ভাবনীমূলক আর্থিক ও অ-আর্থিক সেবা দেওয়ার লক্ষ্যে একটি বৈচিত্র্যময় কর্মসূচি হিসেবে যাত্রা শুরু করে Learning and Innovation Fund to Test New Ideas (LIFT)। পিকেএসএফ-এর এ কর্মসূচি ২০০৬ সাল থেকে দরিদ্রবান্ধব বিভিন্ন উদ্ভাবনী উদ্যোগসমূহ বাস্তবায়ন করছে। উন্নয়ন সহযোগী DFID (বর্তমানে FCDO) ২০০৭-২০১৬ মেয়াদে PROSPER প্রকল্পের আওতায় এ কর্মসূচিতে অর্থায়ন করে। LIFT কর্মসূচির আওতায় সফলভাবে বাস্তবায়িত সেবাসমূহ পিকেএসএফ-এর মূলধারার কার্যক্রম হিসেবে অন্তর্ভুক্ত করা হয়।

৩০	৩৫	৪৭
বাস্তবায়নকারী সংস্থা	চলমান উদ্ভাবনী উদ্যোগ	শতাংশ পরিবারের আয় বৃদ্ধি

বর্তমানে LIFT কর্মসূচির আওতায় ২৯টি সহযোগী সংস্থা ও ১টি বহিঃপ্রতিষ্ঠানের মাধ্যমে দেশজুড়ে ৩৫টি উদ্ভাবনীমূলক উদ্যোগ বাস্তবায়নাধীন রয়েছে। এর মধ্যে আছে কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক কার্যক্রম, সুপেয় পানি সরবরাহ, অকৃষিজ আয়বর্ধনমূলক কর্মকাণ্ড এবং পিছিয়েপড়া, পিছিয়েথাকা ও পিছিয়েরাখা দরিদ্র জনগোষ্ঠীর সামাজিক ও অর্থনৈতিক কর্মকাণ্ডে অন্তর্ভুক্তির লক্ষ্যে আর্থিক ও অ-আর্থিক সেবা। কার্যক্রমসমূহ বাস্তবায়নে সহায়তার লক্ষ্যে জুন ২০২২ পর্যন্ত সর্বমোট ৩০৪.৮৫ কোটি টাকা তহবিল (ঋণ ২৮১.৮৬ কোটি টাকা এবং অনুদান ২২.৯৯ কোটি টাকা) মঞ্জুর করা হয়।

উল্লেখযোগ্য LIFT উদ্যোগ

জমি লীজ বা বন্ধক ঋণ: চর ও দুর্গম এলাকায় বসবাসরত অতিদরিদ্র মানুষ কর্মসূচির আওতায় 'জমি লিজ বা বন্ধক ঋণ' গ্রহণ করে ফসল উৎপাদন করে স্ব-কর্মসংস্থান সৃষ্টি করছেন। দেশের ২৩টি জেলায় বাস্তবায়নাধীন এ উদ্যোগের আওতায় ৯৮,৪৫৬ জন সদস্য এ পর্যন্ত ২৯৮ কোটি টাকা ঋণ গ্রহণ করেছেন।

'আরসিসি' গরু পালন সম্প্রসারণ: 'রেড চিটাগাং ক্যাটেল (আরসিসি)' বাংলাদেশের একমাত্র স্বীকৃত দেশীয় জাতের গরু। এ গরুর জাত সংরক্ষণ ও প্রসার প্রাণিসম্পদ বিষয়ক অন্যতম সফল একটি উদ্যোগ। এ উদ্যোগের আওতায় দরিদ্র খানাগুলোতে চুক্তিভিত্তিতে গরু লালন-পালনের সুযোগ দেয়া হয়।

প্রতিবন্ধী ব্যক্তিদের অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন: LIFT কর্মসূচির আওতায় প্রতিবন্ধী জনগোষ্ঠীর সক্ষমতা বাড়ানো ও সামাজিক সচেতনতামূলক অ্যাডভোকেসির মাধ্যমে অন্তর্ভুক্তিমূলক উন্নয়নে একটি ব্যতিক্রমী উদ্যোগ বাস্তবায়িত হচ্ছে। শারীরিক সীমাবদ্ধতা কাটিয়ে উপযুক্ত প্রশিক্ষণ, কারিগরি সহায়তা ও সহজ শর্তে আর্থিক পরিষেবা দেওয়ার মাধ্যমে প্রতিবন্ধীদের জন্য নতুন কর্মসংস্থান সৃষ্টির পাশাপাশি স্বল্পমূল্যে ফিজিওথেরাপি, সরকারি পরিষেবায় অভিগম্যতা বাড়ানোসহ বিভিন্ন কার্যক্রম পরিচালিত হচ্ছে। এছাড়া, বাক্ ও শ্রবণ প্রতিবন্ধীদের জন্য বিকল্পধারার শিক্ষাকে প্রাধান্য দিয়ে নীলফামারী জেলার সৈয়দপুর উপজেলায় ৩টি ইশারা ভাষা স্কুল পরিচালনার উদ্যোগ নেয়া হয়েছে। এ উপজেলায় সচেতনতামূলক সভা, প্রতিবন্ধী ব্যক্তির অভিভাবকদের প্রশিক্ষণ, আয়বর্ধনমূলক কার্যক্রম বাস্তবায়নে অনুদান দেওয়া এবং প্রতিবন্ধীবান্ধব উপকরণ বিতরণ করা হয়।

তৃতীয় লিঙ্গের ব্যক্তিদের জন্য অর্থায়ন: তৃতীয় লিঙ্গ বা হিজড়াদের জীবনমান উন্নয়নে দক্ষতা উন্নয়ন ও আর্থিক সহায়তা কার্যক্রম বগুড়া জেলার ধুনট উপজেলায় ২০১৯ সাল থেকে বাস্তবায়িত হচ্ছে। এর আওতায় প্রশিক্ষণ প্রদান ও কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে হিজড়াদের পুনর্বাসন করা হয়।

প্রবীণদের কল্যাণ: অসচ্ছল প্রবীণদের কর্মক্ষম রাখা ও তাঁদের নিজস্ব আয়ের পথ সৃষ্টির লক্ষ্যে গৃহীত একটি বিশেষ উদ্যোগের আওতায় প্রবীণদের জন্য উপযুক্ত কর্মসংস্থান সৃষ্টি, প্রাথমিক স্বাস্থ্যসেবা ও সামাজিক সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে।

ব্ল্যাক বেঙ্গল জাতের ছাগল সম্প্রসারণ: খানা পর্যায়ে আয়বর্ধনমূলক কর্মকাণ্ড হিসেবে LIFT কর্মসূচির আওতায় আধুনিক পদ্ধতিতে ব্ল্যাক বেঙ্গল জাতের ছাগল পালন প্রসারের উদ্যোগ চলমান রয়েছে। এর আওতায় জুন ২০২২ পর্যন্ত ২০টি সহযোগী সংস্থা দেশজুড়ে ১৪৮,১৮৫ সদস্যের মাঝে ৩৫৬ কোটি টাকা বিতরণ করেছে।

কমিউনিটি রেডিও: LIFT কর্মসূচির অর্থায়নে বিভিন্ন কমিউনিটি রেডিওর মাধ্যমে দেশের প্রান্তিক জনগোষ্ঠীর সমন্বিত উন্নয়ন প্রক্রিয়ায় সংযুক্ত করার লক্ষ্যে দুর্যোগ সহিষ্ণুতা বৃদ্ধি, শিক্ষা, স্বাস্থ্য, জীবিকায়ন, সামাজিক সচেতনতা, লোকজ সংগীতের চর্চা ইত্যাদি বিষয়ে শিক্ষণীয় ও বিনোদনমূলক অনুষ্ঠান সম্প্রচার করা হয়।

সুপেয় পানি সরবরাহ: লবণাক্ততা-প্রবণ উপকূলীয় এলাকায় সুপেয় পানির সংকটজনিত সমস্যা সমাধানে কর্মসূচির আওতায় খুলনা, সাতক্ষীরা, বাগেরহাট, পটুয়াখালী ও বরগুনা জেলায় মোট ২০টি রিভার্স অসমোসিস (RO) প্লান্ট স্থাপন করা হয়েছে।

RO প্লান্টের মাধ্যমে দৈনিক প্রায় ৬০ হাজার লিটার সুপেয় পানি উপকূলীয় এলাকার হাজারো মানুষের মাঝে নিয়মিতভাবে বিতরণ করা হচ্ছে

দলিত ও ক্ষুদ্র নৃগোষ্ঠীর জীবনমান উন্নয়ন: পিছিয়েপড়া দলিত ও ক্ষুদ্র নৃগোষ্ঠীর সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নে দিনাজপুরে বাস্তবায়নাধীন একটি বিশেষ উদ্যোগের মাধ্যমে তাদের উপযুক্ত আয়বর্ধনমূলক কর্মকাণ্ডে প্রশিক্ষণ এবং ঋণ ও অনুদান সহায়তা দেওয়া হচ্ছে।

হাওরবাসীর জন্য বিশেষায়িত ঋণ: কিশোরগঞ্জ, সুনামগঞ্জ ও হবিগঞ্জ জেলার প্রত্যন্ত হাওর এলাকায় অতিদরিদ্র জনগোষ্ঠীর টেকসই জীবিকায়নে কমিউনিটি বেইজড অর্গানাইজেশন (সিবিও)-ভিত্তিক বিশেষায়িত ঋণ কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে।

কর্মসূচির মূল্যায়ন: বহিঃবিশেষজ্ঞ কর্তৃক LIFT উদ্যোগ-এর সদস্য খানা মূল্যায়ন অনুযায়ী, কর্মসূচিতে অংশগ্রহণের ফলে শুধু ঘরের কাজে নিয়োজিত সদস্যের সংখ্যা ৫৪% হতে কমে ১%-এ দাঁড়িয়েছে। পাশাপাশি, কৃষিকাজে নিয়োজিত সদস্যের সংখ্যা ১৩% থেকে ৩৩%-এ উন্নীত হয়েছে। এছাড়া, কর্মসূচিভুক্ত ৪৭% সদস্যের পারিবারিক আয় উল্লেখযোগ্যভাবে বেড়েছে।

কোভিড মহামারিতে ক্ষতিগ্রস্ত নিম্ন আয়ের মানুষের অর্থনৈতিক কর্মকাণ্ড পুনরুদ্ধারে কাজ করছে এ বিশেষ কর্মসূচি

LRL কর্মসূচি

কোভিড মহামারিতে ক্ষতিগ্রস্ত নিম্ন আয়ের মানুষের অর্থনৈতিক কর্মকাণ্ড পুনরুদ্ধারের লক্ষ্যে পিকেএসএফ কর্তৃক গৃহীত বিশেষ একটি কর্মসূচি হলো Livelihood Restoration Loan (LRL)। এ কর্মসূচির আওতায় সহজ শর্তে ঋণ সহায়তা দেওয়ার ক্ষেত্রে তৃণমূল পর্যায়ে সারাদেশে ক্ষতিগ্রস্ত নিম্ন আয়ের দরিদ্র মানুষ ছাড়াও তুলনামূলকভাবে অধিক দারিদ্র্যপ্রবণ এলাকা কুড়িগ্রাম, বান্দরবান, সাতক্ষীরা, খুলনা ও সুনামগঞ্জ জেলার ক্ষতিগ্রস্ত দরিদ্র জনগোষ্ঠীকে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়া হচ্ছে।

৪.২৬
লক্ষ সদস্য

১,৪৬০
কোটি টাকা বিতরণ

০.৫০%
শতাংশ সর্বনিম্ন সার্ভিস চার্জ

২০২০-২০২১ অর্থবছরে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মহামারি মোকাবিলায় গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীর ক্ষতিগ্রস্ত অর্থনৈতিক কর্মকাণ্ড পুনরুজ্জীবনসহ আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে পিকেএসএফ-এর অনুকূলে ৫০০ কোটি টাকার বিশেষ অনুদান দেয়। এর সাথে পিকেএসএফ নিজস্ব তহবিল থেকে ১০০ কোটি টাকা যোগ করে সেপ্টেম্বর ২০২০ থেকে LRL শীর্ষক এ নমনীয় ঋণ কার্যক্রম পরিচালনা শুরু করে। এর আওতায় কৃষি ও কৃষি-সংশ্লিষ্ট ক্ষুদ্র উদ্যোক্তা, ক্ষুদ্র ও কুটির শিল্প-সংশ্লিষ্ট উদ্যোক্তা, প্রশিক্ষিত তরুণ, বেকার যুবক এবং বিদেশফেরত প্রবাসী শ্রমিকদের অর্থনৈতিক কর্মকাণ্ড পুনরুজ্জীবনসহ তাদের আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে আর্থিক সহায়তা কার্যক্রম মাঠপর্যায়ে চলমান রয়েছে।

পরবর্তীকালে, ২০২১-২২ অর্থবছরে সরকার কর্তৃক ঘোষিত আরেক প্রণোদনা প্যাকেজের আওতায় পিকেএসএফ-এর অনুকূলে আরও ৫০০ কোটি টাকার বিশেষ অনুদান দেওয়া হয়। আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক আরোপিত শর্তাবলির সাথে সংগতি রেখে চলমান LRL কার্যক্রমের শর্তগুলোকে আরও নমনীয় করে একটি পৃথক গাইডলাইন প্রণয়নপূর্বক প্রাপ্ত ৫০০ কোটি টাকায় Livelihood Restoration Loan (LRL) 2nd Phase শীর্ষক আরও নমনীয় একটি ঋণ কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে।

LRL-এর দ্বিতীয় ধাপে পিকেএসএফ থেকে সহযোগী সংস্থা পর্যায়ে সার্ভিস চার্জ ৫% হতে কমিয়ে ০.৫০% ও সহযোগী সংস্থা থেকে ঋণগ্রহীতা পর্যায়ে সার্ভিস চার্জ ১৮% থেকে কমিয়ে ৪% করা হয় এবং মাঠপর্যায়ে ঋণের মেয়াদকাল এক বছরের স্থলে দুই বছর নির্ধারণ করা হয়।

LRL-এর দ্বিতীয় ধাপের এই সহায়ক ঋণ গ্রামীণ এলাকার অতিদরিদ্র, দরিদ্র ও শ্রমজীবী – এ তিন ধরনের ক্ষতিগ্রস্ত মানুষের মাঝে দেওয়া হচ্ছে। পিকেএসএফ কর্তৃক বাস্তবায়নাধীন LRL এবং LRL-এর দ্বিতীয় ধাপের ঋণ কার্যক্রমের আওতায় জুন ২০২২ পর্যন্ত সারাদেশে ক্ষতিগ্রস্ত ৪,২৬,১৯৫ জন সদস্যের মাঝে সর্বমোট ১৪৬০.০৮ কোটি টাকার ঋণ সহায়তা দেওয়া হয়।

LRL কার্যক্রমের ওপর পিকেএসএফ কর্তৃক সম্প্রতি সম্পাদিত একটি সমীক্ষায় দেখা যায়, মাঠপর্যায়ে কার্যক্রমটি কোভিড মহামারিতে ক্ষতিগ্রস্ত গ্রামের দরিদ্র ও অতিদরিদ্র খানাসহ নিম্ন আয়ের মানুষের অর্থনৈতিক কর্মকাণ্ড পুনরুজ্জীবনে এবং মানুষের আয় ও কর্মসংস্থান সৃষ্টিতে লক্ষ্যণীয়ভাবে সহায়ক হয়েছে। এ কার্যক্রমের আওতায় মাঠপর্যায়ে বিতরণকৃত ঋণের প্রায় ৯১% আয়বর্ধনমূলক কর্মকাণ্ডে ব্যবহৃত হচ্ছে। LRL কার্যক্রমের কার্যকারিতা বিষয়ে সম্পাদিত এ সমীক্ষা অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগসহ বিভিন্ন মহলে সমাদৃত হয়েছে।

ঋণের মূল খাতসমূহ	আয়বর্ধক কর্মকাণ্ডে গৃহীত ঋণের ব্যবহার
কৃষি ও কৃষি-সংশ্লিষ্ট ক্ষুদ্র উদ্যোক্তা	৯১.৫%
ক্ষুদ্র ও কুটির শিল্প-সংশ্লিষ্ট উদ্যোক্তা	৮৭.২%
প্রশিক্ষিত তরুণ	৯১.৬%
বেকার যুবক	৯০.৯%
বিদেশ ফেরত প্রবাসী শ্রমিক	৯৪.৭%
সার্বিক	৯১%

উন্নত মূল্যবোধ ও নৈতিকতা সম্পন্ন ভবিষ্যৎ প্রজন্ম গড়ে তোলা এ কর্মসূচির লক্ষ্য

কৈশোর কর্মসূচি

পিকেএসএফ ২০১৯ সাল থেকে দেশের ৫৫টি জেলার ২১৭টি উপজেলায় ৬৭টি সহযোগী সংস্থার মাধ্যমে 'কৈশোর কর্মসূচি' বাস্তবায়ন করছে। 'তারুণ্যে বিনিয়োগ, টেকসই উন্নয়ন' হলো এই কর্মসূচির মূল প্রতিপাদ্য। কৈশোর কর্মসূচির লক্ষ্য হচ্ছে উন্নত মূল্যবোধ এবং নৈতিকতা সম্পন্ন ভবিষ্যৎ প্রজন্ম গড়ে তোলা। এর আওতায় জুন ২০২২ পর্যন্ত মোট ২,৩০৯টি ক্লাব গঠন করা হয়েছে। ক্লাবগুলোর সদস্য সংখ্যা ৭৪,৯৫২ জন। এছাড়া, প্রায় ১ লক্ষ ২২ হাজার সদস্য নিয়ে গঠন করা হয়েছে ১,০৪৫টি স্কুল ফোরাম।

২১৭
উপজেলায় বাস্তবায়নাধীন

১.৯৭
লক্ষ কিশোর-কিশোরী সংগঠিত

৩,৩৫৪
ক্লাব ও ফোরাম গঠন

ক্লাবসমূহে মোট ১,৫৬৬টি পাঠাগার, ক্লাব এলাকায় ৫৬২টি 'সহযোগিতা ও সহমর্মিতা কর্নার' স্থাপন এবং বিভিন্ন বিষয়ে ৮,০৩৯টি পাঠচক্র অনুষ্ঠিত হয়েছে।

মূলত নিম্নোক্ত ৪টি পরিসরে এ কর্মসূচির কার্যক্রম পরিচালিত হয়।

সচেতনতা বৃদ্ধি ও মূল্যবোধের অনুশীলন: কিশোর-কিশোরী ক্লাবসমূহে 'বাল্যবিবাহ, নারী নির্যাতন, যৌন হয়রানি, যৌতুক প্রতিরোধে করণীয়', মাদকের ভয়াবহতা ও প্রতিকার বিষয়ে আলোচনা সভা এবং কর্মশালা আয়োজন করা হয়। নিয়মিত কার্যক্রমের বাইরেও বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবস উপলক্ষ্যে বিভিন্ন ক্লাবে কুইজ প্রতিযোগিতা ও আলোচনা সভা আয়োজন করা হয়। এছাড়া, ক্লাব সদস্যরা বাড়ির আশপাশে চারাগাছ রোপণ ও পরিচর্যা বিষয়ক কার্যক্রম গ্রহণ, প্রশিক্ষণ প্রদান এবং ফলদ ও ঔষধি গাছ বিতরণ করে।

নেতৃত্ব ও জীবন দক্ষতা উন্নয়ন: নেতৃত্বের গুণাবলি বিকাশ, নৈতিক মূল্যবোধ চর্চাবিষয়ক কর্মশালা, দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ, শুদ্ধ উচ্চারণ, পাঠাগার স্থাপন ও ব্যবস্থাপনা, সদস্যদের মধ্যে সঞ্চয়ী মনোভাব গড়ে তোলা এবং খাদ্যের গুণাগুণ রক্ষার কৌশল বিষয়ে কিশোর-কিশোরী ক্লাবসমূহে প্রশিক্ষণ ও আলোচনা সভা আয়োজন করা হয়।

পুষ্টি ও স্বাস্থ্যসেবা: কিশোর-কিশোরী ক্লাবে স্বাস্থ্য ক্যাম্প আয়োজন, পুষ্টিকর খাবার গ্রহণ, রক্তে সুগার মাত্রা, রক্তচাপ ও রক্তের গ্রুপ নির্ণয়, শরীর চর্চা, স্যানিটারি ন্যাপকিন ও ফার্স্ট এইড বক্স বিতরণ, বিএমআই পরিমাপ, স্বাস্থ্য ও পুষ্টি এবং প্রজনন স্বাস্থ্য সচেতনতা, পুষ্টি কর্নার স্থাপন, ব্যক্তিগত পরিষ্কার-পরিচ্ছন্নতা, বয়ঃসন্ধিকালীন স্বাস্থ্যবিষয়ক পরামর্শসহ এবং প্রাথমিক চিকিৎসাবিষয়ক আলোচনা সভা ও কর্মশালা আয়োজন করা হয়। এছাড়া, নানাবিধ স্বাস্থ্যসেবা দেওয়া ও শিশুদের জন্য ভিটামিন-এ ক্যাপসুল ক্যাম্পেইন আয়োজন করা হয়।

সাংস্কৃতিক ও ক্রীড়া কর্মকাণ্ড: ক্লাবের সদস্যদের নিয়ে চিত্রাঙ্কন, কবিতা আবৃত্তি, গান, নৃত্য, বিতর্ক প্রতিযোগিতা এবং ফুটবল, ক্রিকেট, হা-ডু-ডু, বাস্কেটবল, টেবিল টেনিসসহ বিভিন্ন ধরনের ক্রীড়া কর্মকাণ্ড পরিচালনা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান আয়োজন করা হয়। ক্লাব সদস্যদের মাঝে বিভিন্ন ধরনের ক্রীড়া উপকরণও বিতরণ করা হয়।

২০২১-২০২২ অর্থবছরে ক্লাবের সদস্যরা ১৬২টি বাল্যবিবাহ, ৮৫টি যৌতুক এবং ৩০৬টি যৌন হয়রানি, নারী, শিশু এবং প্রবীণ নির্যাতনের ঘটনা স্থানীয় প্রশাসনকে অবহিত করে।

এছাড়া, ৪,৬৭,৯৩৬ জন ক্লাব সদস্য ও অভিভাবকের অংশগ্রহণে বিভিন্ন বিষয়ে ১৯,১৫১টি উঠান বৈঠক অনুষ্ঠিত হয়।

প্রায় ৬১ হাজার কিশোরীর মাঝে স্যানিটারি ন্যাপকিন বিতরণ এবং ২৬,১০৯ জন কিশোর-কিশোরীর রক্তের গ্রুপ নির্ণয় করা হয়।

দিবস উদ্‌যাপন: ১৭ মার্চ ২০২২ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী এবং জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে বিভিন্ন জেলায় ক্লাব সদস্যদের অংশগ্রহণে সাংস্কৃতিক অনুষ্ঠান, আলোচনা সভা, চিত্রাঙ্কন, আবৃত্তি ও রচনা প্রতিযোগিতা আয়োজিত হয়।

২০২১ সালের ৯ ডিসেম্বর দেশের ৫৮টি জেলায় কর্মসূচিভুক্ত ১৪৪টি ক্লাস্টারে কিশোর-কিশোরী ক্লাবসমূহের সদস্যদের অংশগ্রহণে এবং অভিভাবক ও গণ্যমান্য ব্যক্তিদের উপস্থিতিতে আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস উদ্‌যাপন করা হয়।

কৃষি ও প্রাণিসম্পদ খাতের ঝুঁকি প্রশমিত করার মাধ্যমে উৎপাদনশীলতা বাড়ানোর লক্ষ্যে নিবেদিত এ কর্মসূচি

ঝুঁকি প্রশমন শাখা

কৃষি ও প্রাণিসম্পদ খাতের ঝুঁকিসমূহ চিহ্নিতকরণ ও ঝুঁকি লাঘবে এ শাখা কাজ করছে। গবাদিপ্রাণির অসুস্থতা ও মৃত্যুঝুঁকি হ্রাসকরণ এবং উন্নত খামার ব্যবস্থাপনায় দক্ষতা বাড়ানোর লক্ষ্যে পিকেএসএফ আর্থিক সেবার পাশাপাশি বিভিন্ন সম্প্রসারণ সেবা দিচ্ছে। এছাড়া, কৃষি খাতে বিভিন্ন পর্যায়ে সময় ও ব্যয়সাশ্রয়ী যন্ত্রপাতি ব্যবহারে উৎসাহ দেওয়া এবং সম্প্রসারণের লক্ষ্যে কৃষি যান্ত্রিকীকরণ কর্মসূচি পরিচালনা করা হচ্ছে। পাশাপাশি, এ শাখা প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্তদের জন্য বিভিন্ন ধরনের আর্থিক ও অ-আর্থিক সেবা উদ্ভাবনে উন্নয়ন সহযোগীদের সাথে কাজ করছে।

কৃষি যান্ত্রিকীকরণ কর্মসূচির আওতায়:

৫ কোটি টাকা বিতরণ

৭৫০ জন সদস্য কৃষক/সদস্যকে প্রত্যক্ষ সেবা প্রদান

কৃষি যান্ত্রিকীকরণ কর্মসূচি

বাংলাদেশের আর্থসামাজিক স্থিতিশীলতার অন্যতম নিয়ামক কৃষি। দেশে ক্রমবর্ধমান জনসংখ্যার খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিতকরণ, কর্মসংস্থান সৃষ্টি এবং অর্থনৈতিক উন্নয়নে কৃষি খাত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। টেকসই উন্নয়ন অভীষ্ট-২-এর লক্ষ্য অনুযায়ী ক্ষুধামুক্ত দেশ গড়ার লক্ষ্যে নিরাপদ ও পুষ্টিসমৃদ্ধ খাদ্য নিশ্চিতে কৃষি খাতে আধুনিক প্রযুক্তির প্রয়োগ ও সম্প্রসারণে সরকার গুরুত্ব দিচ্ছে।

বাংলাদেশে ক্রমবর্ধমান জনসংখ্যার ফলে আবাদি জমির পরিমাণ কমে যাচ্ছে এবং জলবায়ু পরিবর্তনের কারণে বন্যা, খরা, লবণাক্ততা ইত্যাদি বেড়ে যাচ্ছে। ফলে ফসল উৎপাদনে ঝুঁকিও বেড়ে যাচ্ছে। এসব কারণ ছাড়াও কৃষি শ্রমিকের অপ্রতুলতার কারণে কৃষি খাতে যান্ত্রিকীকরণ অনস্বীকার্য হয়ে পড়েছে। কৃষকবান্ধব কৃষি যান্ত্রিকীকরণের প্রয়োগ ও প্রসারের লক্ষ্যে পিকেএসএফ পরীক্ষামূলকভাবে কৃষি যান্ত্রিকীকরণ খাতে অর্থায়ন করছে। এর মাধ্যমে কৃষি যন্ত্রপাতির সঠিক প্রয়োগ এবং আর্থিক ও কারিগরি সম্ভাব্যতা বিবেচনা করা হয়। এ লক্ষ্যে, সহযোগী সংস্থাগুলোকে অংশীদারিত্বের ভিত্তিতে ঋণ ও প্রশিক্ষণ, যন্ত্র প্রদর্শনী, মাঠ দিবস, কৃষি যন্ত্রপাতি প্রদর্শন কেন্দ্র, শেড নির্মাণ ইত্যাদি খাতে কারিগরি সহায়তা দেওয়া হয়।

পিকেএসএফ কর্তৃক সহযোগী সংস্থার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ কার্যক্রমটি মাঠ পর্যায়ে বাস্তবায়নের ফলে সংশ্লিষ্ট কর্ম এলাকাগুলোতে কৃষকদের মাঝে কৃষিযন্ত্র ব্যবহারে আগ্রহ সৃষ্টি হচ্ছে। কৃষক উদ্যোক্তা ও সহযোগী সংস্থাসমূহ কম্বাইন হার্ভেস্টার, বীজ রোপণযন্ত্র (ট্রান্সপ্লান্টার), ধান কাটার যন্ত্র (রিপার) ও মাড়াই যন্ত্র, ট্রাক্টর, পাওয়ার টিলার, ফিস ফিড প্রসেসর ইত্যাদি কৃষি যন্ত্রপাতি ক্রয় করে মাঠ পর্যায়ে ব্যবহার করছে। এসব যন্ত্র ব্যবহারের ফলে ফসল রোপণ ও উত্তোলনের সময় কমে আসছে, শ্রমিক কম লাগছে।

কৃষি যান্ত্রিকীকরণ কর্মসূচির আওতায় কোভিড মহামারিকালে শ্রমিক সংকটের মধ্যেও কম্বাইন হারভেস্টার ব্যবহার করে কম সময় ও কম খরচে ধান কাটা, মাড়াই ও বস্তাবন্দি করা সম্ভব হয়েছে। ফসল রোপণ থেকে শুরু করে ফসল ঘরে ওঠানো পর্যন্ত কৃষি যান্ত্রিকীকরণের বিপুল সম্ভাবনা দেখা যাচ্ছে। এছাড়া, খুচরা যন্ত্রাংশ বিক্রির জন্য বাজার এবং নতুন ব্যবসার ক্ষেত্র তৈরি হচ্ছে। এ পর্যন্ত ৭টি সহযোগী সংস্থার মাধ্যমে কর্মসূচিটি বাস্তবায়নের লক্ষ্যে ৫ কোটি টাকা বিতরণ করা হয়েছে।

কৃষি খাতে উৎপাদন বাড়ানোর মাধ্যমে কৃষকের আয় বৃদ্ধি এবং দেশে খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিতে নিরলস কাজ করছে 'সুফলন'

সুফলন

পিকেএসএফ ২০০৫ সালে প্রান্তিক এবং ক্ষুদ্র কৃষকদের কল্যাণে 'এমএফএমএসএফপি' শীর্ষক একটি প্রকল্প বাস্তবায়ন করে। এর সাফল্যে উদ্বুদ্ধ হয়ে ২০০৮ সালে পিকেএসএফ 'কৃষি খাত ক্ষুদ্রঋণ কর্মসূচি' গ্রহণ করে। এছাড়া, কৃষকদের ফসল উৎপাদনে আর্থিক সহায়তা প্রদানের লক্ষ্যে ২০০৬ সালে পিকেএসএফ 'মৌসুমি ঋণ কর্মসূচি' শুরু করে। ২০১৪ সালে কর্মসূচি দুটিকে একীভূত করে 'সুফলন' নামকরণ করা হয়। এর আওতায় বিভিন্ন আর্থিক পরিষেবার কারণে আয়বর্ধনমূলক কর্মকাণ্ড, যেমন শস্য উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ, গবাদিপ্রাণী পালন, মৎস্য চাষ, কৃষি-বনায়ন, কৃষিপণ্যের প্রক্রিয়াজাতকরণ ইত্যাদি ব্যাপকভাবে বেড়েছে।

২০২১-২০২২ অর্থবছরে সহযোগী সংস্থার অনুকূলে:

৮৫৩.৭৫ কোটি টাকা ঋণ তহবিল সরবরাহ

৫২২.৮৫ কোটি টাকা ঋণ তহবিল স্থিতি

একনজরে কর্মসূচি

মোট ঋণগ্রহীতা

১১.২৭ লক্ষ

সহযোগী সংস্থা থেকে ঋণগ্রহীতা পর্যায়ে বিতরণের পরিমাণ

৬,৬৬৩.৯০ কোটি টাকা

ঋণস্থিতির পরিমাণ

৩,৮২৩.৬৮ কোটি টাকা

গড় ঋণের পরিমাণ

৩৪,৯৪৫.০০ টাকা

'সুফলন'-এর মূল বৈশিষ্ট্যগুলো হলো নমনীয় ঋণ পরিশোধের ধরন (যেমন মৌসুমি কৃষি কার্যক্রমের সাথে সামঞ্জস্যপূর্ণ এককালীন পরিশোধ, মৌসুমি বা 'বেলুন' পরিশোধ) এবং বিভিন্ন ধরনের কৃষি উৎপাদনের জন্য একাধিক ঋণ গ্রহণের বিধান।

পণ্য বিক্রির পর এক কিস্তিতে ঋণ পরিশোধের বিধান 'সুফলন' কর্মসূচিকে ঋণগ্রহীতাদের, বিশেষত গরু মোটাতাজাকরণ এবং শস্য উৎপাদনে নিয়োজিত কৃষকদের কাছে অত্যন্ত জনপ্রিয় করে তুলেছে।

জুন ২০২২ পর্যন্ত, 'সুফলন'-এর আওতায় পিকেএসএফ থেকে সহযোগী সংস্থা এবং সহযোগী সংস্থা থেকে ঋণগ্রহীতা পর্যায়ে ক্রমপুঞ্জীভূত আর্থিক পরিষেবার পরিমাণ যথাক্রমে ১১,২৯৯.৬১ কোটি টাকা এবং ৪৫,৩৫০.১৪ কোটি টাকা।

সুফলনের আওতায় বছরভিত্তিক ঋণ বিতরণ

(পিকেএসএফ-সহযোগী সংস্থা পর্যায়)



অন্যান্য কর্মসূচি

এ কর্মসূচির আওতায় বিশেষ বিশেষ ক্ষেত্রে আর্থিক সহায়তা দেওয়া হয়

কর্মসূচি সহায়ক তহবিল

প্রতি বছরের মতো ২০২১-২০২২ অর্থবছরেও কর্মসূচি সহায়ক তহবিলের আওতায় উচ্চ মাধ্যমিক পর্যায়ের ৩,১৫৬ জন শিক্ষার্থীকে ১২,০০০ টাকা করে সর্বমোট ৩.৭৮ কোটি টাকা শিক্ষাবৃত্তি দেওয়া হয়। পিকেএসএফ-এর ১৩৫টি সহযোগী সংস্থার মাধ্যমে ওই অর্থ বিতরণ করা হয়। এছাড়া, সহযোগী সংস্থা গ্রাম বিকাশ কেন্দ্র-এর মাধ্যমে গাইবান্ধা জেলার ক্ষুদ্র নৃগোষ্ঠীর ৮০ জন শিক্ষার্থীকে ১২,০০০ টাকা করে মোট ৯,৬০,০০০ টাকা দেওয়া হয়।

৩.৮৭
কোটি টাকার শিক্ষাবৃত্তি

৩,২৩৬
শিক্ষার্থীর শিক্ষাবৃত্তি লাভ

জনগুরুত্বপূর্ণ বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে তৃণমূলে পরিচালিত হচ্ছে বিভিন্ন কার্যক্রম

সোশ্যাল এ্যাডভোকেসি এ্যান্ড নলেজ ডিসেমিনেশন

পিকেএসএফ-এর 'সোশ্যাল এ্যাডভোকেসি এ্যান্ড নলেজ ডিসেমিনেশন' ইউনিট প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে জনগুরুত্বপূর্ণ বিষয়ে সচেতনতা সৃষ্টিতে কাজ করে। ২০২১-২০২২ অর্থবছরে ২৩টি সহযোগী সংস্থার মাধ্যমে ২৪টি জেলার ৭৮টি ইউনিয়নে সামাজিক সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করা হয়। বাল্যবিবাহ প্রতিরোধ, কোভিড-পরবর্তী সময়ে সাধারণ স্বাস্থ্যবিধি অনুসরণ, নিরাপদ খাদ্য, মাদকাসক্তির কুফল এবং বজ্রপাতে করণীয় ইত্যাদি বিষয়ে মোট ১৫৮টি সচেতনতামূলক সাইনবোর্ড স্থাপন করা হয়।

এছাড়া, জনগুরুত্বপূর্ণ বিষয়ে প্রত্যন্ত এলাকায় ১,৫৮০ বার মাইকিং, ১২টি ইউনিয়নে প্রতিবন্ধী শনাক্তকরণ ক্যাম্পেইন পরিচালনা করা হয়, যার ফলে ২৪৯ জন প্রতিবন্ধী ব্যক্তির 'সুবর্ণ নাগরিক কার্ড' প্রাপ্তি, ৩৫ উপজেলায় আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস পালন, ৭৮ ইউনিয়নে ৪৭,৪০০ জন শিক্ষার্থীকে বাল্যবিবাহ প্রতিরোধ এবং প্রজনন স্বাস্থ্য বিষয়ক সচেতনতামূলক ওরিয়েন্টেশন প্রদান এবং ৪টি সহযোগী সংস্থা কর্তৃক পরিচালিত কমিউনিটি রেডিওর মাধ্যমে ২৮টি সচেতনতামূলক অনুষ্ঠান এবং ৩৮টি বিশেষ ঘোষণা সম্প্রচার করা হয়।

৭৮
ইউনিয়নে বাস্তবায়নাধীন

২৩
বাস্তবায়নকারী সংস্থা

৪৭.৪
হাজার শিক্ষার্থীকে ওরিয়েন্টেশন প্রদান

পিকেএসএফ-এর নিয়মিত কার্যক্রম বহির্ভূত বিষয়ে দুস্থ, অসচ্ছলদের সহায়তায় এ তহবিল ব্যবহৃত হয়

বিশেষ তহবিল

দেশের অতিদরিদ্র ও দরিদ্র জনগোষ্ঠীর প্রাকৃতিক দুর্যোগ, সামাজিক ও মানবিক কারণে বিশেষ পরিস্থিতি মোকাবিলা ও উত্তরণের সাহায্যার্থে এবং বিশেষ ক্ষেত্রে পিকেএসএফ ও সহযোগী সংস্থাসমূহের কর্মকর্তা-কর্মচারীদের সহায়তা দেওয়ার লক্ষ্যে ২০১০ সালে 'বিশেষ তহবিল' গঠন করে পিকেএসএফ।

এছাড়া, দুস্থ এবং অসুস্থ মুক্তিযোদ্ধা, শিক্ষক ও উন্নয়নকর্মীবৃন্দকে এ তহবিলের আওতায় সহায়তা করা হয়। এ তহবিলের আওতায় ২০২১-২০২২ অর্থবছরে মেধাবীদের সহায়তা, চিকিৎসা সহায়তা, আয়বর্ধক কর্মকাণ্ডে সহায়তা বাবদ ২৯ জন ব্যক্তির অনুকূলে সর্বমোট ৩১.৮৮ লক্ষ টাকা অনুদান দেওয়া হয়।

৩১.৮৮
লক্ষ টাকা অনুদান প্রদান

২৯
ব্যক্তিকে সহায়তা প্রদান

ক্রমবর্ধমান প্রবীণ জনগোষ্ঠীর জন্য মর্যাদাপূর্ণ জীবন নিশ্চিতের লক্ষ্যে দেশজুড়ে চলছে কার্যক্রম

প্রবীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি

দারিদ্র্য দূরীকরণে বহুমাত্রিক কর্মসূচির অংশ হিসেবে এবং প্রবীণ জনগোষ্ঠীর জন্য একটি মর্যাদাপূর্ণ জীবন নিশ্চিত করার লক্ষ্যে ২০১৬ সালে শুরু হওয়া পিকেএসএফ-এর 'প্রবীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি' বর্তমানে ২১২টি ইউনিয়নে বাস্তবায়িত হচ্ছে। সরকারের বয়স্কভাতা কার্যক্রমের আওতাবহির্ভূত প্রবীণ ব্যক্তিদের এই কর্মসূচির আওতায় মাসিক ভাতা (পরিপোষক ভাতা) প্রদান, স্বাস্থ্যসেবা, সহায়ক উপকরণসহ বিভিন্ন সেবা দেওয়া হয়।

২০২১-২০২২ অর্থবছরে ৩৮০ জন সদস্যের মাঝে প্রায় ১৪.৪৩ কোটি টাকা ঋণ হিসেবে বিতরণ এবং ৭০,৮৮৬ জন প্রবীণকে পরিপোষক ভাতা দেওয়া হয়। এছাড়া, এ কর্মসূচির আওতায় দেশব্যাপী ২০১টি ইউনিয়নের ২০১ জন প্রবীণ সদস্যকে একটি করে 'প্রবীণ সোনালি উদ্যোগ' নামে চায়ের দোকান নির্মাণে সহায়তা দেওয়া হয়। এসব প্রবীণের মাঝে ১২ জন নারী। এ উদ্যোগ অন্যান্য অসচ্ছল ও অসহায় প্রবীণের মাঝে ব্যাপক উদ্দীপনা সৃষ্টি করেছে।

২১২
ইউনিয়নে বাস্তবায়নাধীন

১১১
বাস্তবায়নকারী সংস্থা

২০১
প্রবীণের চায়ের দোকান প্রাপ্তি

এসডিজি ও পিকেএসএফ

পিকেএসএফ-এর সহযোগী সংস্থার মাধ্যমে এবং সহযোগী সংস্থার বাইরে দেশে বৃহত্তর পরিসরে টেকসই উন্নয়ন অভীষ্টের কাজগুলো ছড়িয়ে দেওয়া, গুরুত্বপূর্ণ অংশীজনকে এ কাজের সাথে সম্পৃক্ত করা এবং পারস্পরিক সমন্বয় বিধানের জন্য নানাভাবে কাজ করছে পিকেএসএফ। সরকার পিকেএসএফ-কে টেকসই উন্নয়ন অভীষ্ট বাস্তবায়নে গুরুত্বপূর্ণ অংশীজন বিবেচনা করে। সেই নিরিখে পিকেএসএফ সরকারি বিভিন্ন ফোরামে অংশগ্রহণ করে।

বিগত বছরে 'টেকসই উন্নয়নে জেন্ডার সমতা: পিকেএসএফ ও এসডিজি-৫' শীর্ষক এক সেমিনার আয়োজন এবং ২য় এসডিজি বাস্তবায়ন পর্যালোচনা সম্মেলন ২০২২-এ আর্থিক প্রতিষ্ঠান বিভাগের টিম-সদস্য হিসেবে বিভিন্ন সাচিবিক সহায়তা প্রদান করে পিকেএসএফ। এছাড়া, সহযোগী সংস্থার কর্মকর্তাদের পিকেএসএফ এসডিজি বিষয়ে চারটি প্রশিক্ষণ দিয়েছে। অদ্যাবধি ৭৫টি সহযোগী সংস্থার ১৫০ জনকে এ বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

০৪
বিষয়ে প্রশিক্ষণ আয়োজন

৭৫
সহযোগী সংস্থার কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান



টেকসইভাবে কৃষি উৎপাদন বৃদ্ধির মাধ্যমে মানুষের খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিতে দেশজুড়ে চলছে পিকেএসএফ-এর ব্যাপক কর্মযজ্ঞ

প্রকল্প

এসডিজি ৬-এর আলোকে নিরাপদ ব্যবস্থাপনায় পানি ও স্যানিটেশন সেবা দেওয়ার লক্ষ্যে চলছে এ প্রকল্পের কার্যক্রম

মানবসম্পদ উন্নয়নে গ্রামীণ পানি সরবরাহ, স্যানিটেশন ও স্বাস্থ্যবিধি প্রকল্প

উন্নয়নের পূর্বশর্ত হলো নিরাপদ পানি সরবরাহ, স্যানিটেশন এবং হাইজিন (ওয়াশ) সুবিধার সহজলভ্যতা। বিভিন্ন বিষয়ে অনেক অগ্রগতি সত্ত্বেও গ্রামীণ এলাকায় WASH পরিষেবার অভাব এখনও বাংলাদেশের জন্য একটি বড় উদ্বেগের বিষয়। টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) ৬-এর প্রধান লক্ষ্য হলো খাবার পানি, স্যানিটেশন, স্বাস্থ্যবিধি এবং পানি সম্পর্কিত চ্যালেঞ্জগুলো মোকাবিলা করা। এ পরিপ্রেক্ষিতে, পিকেএসএফ ঋণ উপকরণের মাধ্যমে নিরাপদ ব্যবস্থাপনার টয়লেট নির্মাণের জন্য একটি কৌশল গ্রহণ করেছে।

৫৭	৭৮	১১.২০
সহযোগী সংস্থা	উপজেলা	লক্ষ লক্ষিত পরিবার

প্রকল্প পরিচিতি

নাম মানবসম্পদ উন্নয়নে গ্রামীণ পানি সরবরাহ, স্যানিটেশন ও স্বাস্থ্যবিধি প্রকল্প

মেয়াদ ৫ বছর

অর্থায়নকারী বিশ্বব্যাংক, এআইআইবি, পিকেএসএফ

তহবিল **৩২৮.৯ মিলিয়ন মার্কিন ডলার**
বিশ্বব্যাংক, এআইআইবি: ১৮৪.৪ মিলিয়ন ডলার
পিকেএসএফ: ১৪৪.৫ মিলিয়ন ডলার

বাংলাদেশ সরকার, বিশ্বব্যাংক এবং এশিয়ান ইনফ্রাস্ট্রাকচার ইনভেস্টমেন্ট ব্যাংকের সহ-অর্থায়নে পিকেএসএফ 'মানবসম্পদ উন্নয়নে গ্রামীণ পানি সরবরাহ, স্যানিটেশন ও স্বাস্থ্যবিধি' শীর্ষক প্রকল্প বাস্তবায়ন করেছে। প্রকল্পের উদ্দেশ্য হলো বাংলাদেশের নির্বাচিত গ্রামীণ এলাকায় 'নিরাপদ ব্যবস্থাপনায়' পানি সরবরাহ ও স্যানিটেশন সুবিধার প্রাপ্যতা উন্নত করা এবং পানি সরবরাহ ও স্যানিটেশন খাতে প্রাতিষ্ঠানিক সক্ষমতা জোরদার করা। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এবং পিকেএসএফ যৌথভাবে এই প্রকল্পের উপাদানগুলো বাস্তবায়ন করছে। প্রকল্পটি ৫৭টি সহযোগী সংস্থার মাধ্যমে বাংলাদেশের ৪টি বিভাগের অধীনে ১৮টি জেলার ৭৮টি উপজেলায় বাস্তবায়িত হচ্ছে।

স্থানীয় উদ্যোক্তাদের জন্য প্রশিক্ষণ: স্থানীয় উদ্যোক্তারা মাঠ পর্যায়ে প্রকল্প বাস্তবায়ন প্রক্রিয়ার অন্যতম প্রধান অংশীজন। নির্বাচিত স্থানীয় উদ্যোক্তারা এই প্রকল্পের অধীনে যথাযথ প্রশিক্ষণ গ্রহণ করছে এবং খানা পর্যায়ে নিরাপদ ব্যবস্থাপনার টয়লেট এবং নিরাপদ হাত ধোয়ার ব্যবস্থা করছে। জুন ২০২২ পর্যন্ত প্রকল্প ব্যবস্থাপনা ইউনিটের বিশেষ ব্যবস্থার মাধ্যমে মোট ৬৩৩ জন স্থানীয় উদ্যোক্তাকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

নিরাপদ পানি সরবরাহ ব্যবস্থা এবং টয়লেট নির্মাণ: ২০২১-২২ অর্থবছরে প্রকল্প এলাকায় মোট ৭৪২টি নিরাপদ পানি সরবরাহ ব্যবস্থা এবং ২,৭৬৬টি নিরাপদ দুই গর্ত বিশিষ্ট টয়লেট নির্মাণ করা হয়েছে। পাশাপাশি, মোট ৯৫টি এক গর্ত বিশিষ্ট টয়লেটকে দুই গর্ত বিশিষ্ট নিরাপদ টয়লেটে উন্নীত করা হয়েছে।

উপজেলা সমন্বয় কমিটির (ইউসিসি) সভা: এটি এ প্রকল্পের একটি অনন্য বৈশিষ্ট্য। এ কমিটির মূল উদ্দেশ্য উপজেলা পর্যায়ে প্রকল্প বাস্তবায়নকারী সহযোগী সংস্থার মধ্যে যথাযথ সমন্বয় নিশ্চিত করা। প্রকল্প বাস্তবায়ন কৌশল, স্থানীয় উদ্যোক্তা নির্বাচন ও প্রশিক্ষণ প্রদান এবং তাদের সাথে প্রকল্পের কার্যক্রমের ব্যবস্থাপনা, ওভারল্যাপিং সমস্যাগুলো মোকাবিলা, অভিযোগ নিষ্পত্তি এবং আরও অনেক বিষয়ে আলোচনা ও সমন্বয়ের জন্য প্রতি তিন মাসে একবার এ কমিটির সভা আয়োজিত হয়।

লক্ষ্যমাত্রা ও অর্জন

ঋণের খাত	লক্ষ্যমাত্রা	অর্জন
Household Water Loan	১,২০,০০০ খানা	৭৪২ খানা
Household Sanitation Loan	১০,০০,০০০ খানা	২,৭৬৬ খানা
স্থানীয় উদ্যোক্তা ঋণ (স্যানিটেশন)	৪,০০০ উদ্যোক্তা	২০ উদ্যোক্তা

ECCCP-Flood প্রকল্প

বাংলাদেশে ঝড়, জলোচ্ছ্বাস, বন্যা, নদীভাঙন, অতিবৃষ্টি, অনাবৃষ্টি, ইত্যাদি প্রাকৃতিক দুর্যোগের তীব্রতা ও সংঘটনের মাত্রা বেড়েছে। বৈশ্বিক উষ্ণায়ন এবং জলবায়ু পরিবর্তনের ফলে এ ধরনের প্রাকৃতিক দুর্যোগ ক্রমাগত বাড়ছে। এসব প্রাকৃতিক দুর্যোগ দেশের সামগ্রিক উন্নয়নে প্রতিবন্ধকতা সৃষ্টি করছে। বাংলাদেশ সরকারের ক্লাইমেট চেঞ্জ স্ট্র্যাটেজি এন্ড এ্যকশন প্লানের সাথে সামঞ্জস্য রেখে পিকেএসএফ জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবিলায় Extended Community Climate Change Project - Flood (ECCCP-Flood) শীর্ষক প্রকল্প বাস্তবায়ন করছে।

৯০,০০০	৫,৫৭৪	১৫,৬৭৫
প্রত্যক্ষ উপকারভোগী	বসতভিটা উঁচুকরণ সম্পন্ন	অংশগ্রহণকারীকে প্রশিক্ষণ প্রদান

প্রকল্প পরিচিতি

নাম Extended Community Climate Change Project - Flood (ECCCP-Flood)

মেয়াদ এপ্রিল ২০২০-এপ্রিল ২০২৪

অর্থায়নকারী গ্রিন ক্লাইমেট ফান্ড, পিকেএসএফ

তহবিল ১৩.৩৩ মিলিয়ন মার্কিন ডলার
জিসিএফ: ৯.৬৮ মিলিয়ন মার্কিন ডলার
পিকেএসএফ: ৩.৬৫ মিলিয়ন মার্কিন ডলার

কর্ম এলাকা নীলফামারী, লালমনিরহাট, কুড়িগ্রাম গাইবান্ধা ও জামালপুর

প্রকল্পটির মাধ্যমে উত্তরাঞ্চলের বন্যাপ্রবণ নীলফামারী, লালমনিরহাট, কুড়িগ্রাম, গাইবান্ধা এবং জামালপুর জেলায় ৯০ হাজার মানুষ প্রত্যক্ষভাবে এবং ১ লক্ষ মানুষ পরোক্ষভাবে জলবায়ু পরিবর্তনজনিত অভিঘাত মোকাবিলায় সক্ষমতা অর্জন করবে। ইতোমধ্যে প্রকল্পটির আওতায় ৫,৫৭৪টি বসতভিটা উঁচুকরণের ফলে ২০২২ সালের বন্যায় প্রকল্প অংশগ্রহণকারীবৃন্দ নিজ বাড়িতে অবস্থান করে গবাদিপ্রাণিসহ তাদের সম্পদকে রক্ষা করতে পেরেছে। এমনকি প্রকল্পের সদস্য নয়, বন্যায় প্লাবিত এমন অনেকেই তাদের গবাদিপ্রাণিসহ এ সকল উঁচুকৃত বসতভিটায় আশ্রয় নিয়েছে। এছাড়াও বিশুদ্ধ খাবার পানির জন্য অগভীর নলকূপ স্থাপন, বন্যাসহিষ্ণু ল্যাট্রিন নির্মাণ, মাচা পদ্ধতিতে ছাগল পালন, জলবায়ু সহনশীল ফসল উৎপাদন ইত্যাদির মাধ্যমে ১১টি উপজেলার কয়েক হাজার পরিবার নিজেদের জলবায়ু পরিবর্তনের অভিঘাত থেকে রক্ষা করার সক্ষমতা অর্জন করেছে।

প্রকল্পের অন্যান্য কার্যক্রমের মধ্যে রয়েছে বন্যা মোকাবিলায় কমিউনিটি এবং প্রাতিষ্ঠানিক পর্যায়ে সক্ষমতা বাড়ানো। প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট কর্তৃক প্রণীত প্রকল্প বাস্তবায়ন গাইডলাইন অনুসরণ করে বাস্তবায়নকারী সংস্থাসমূহ প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন করে।

প্রকল্পটির বাস্তবায়নকারী সংস্থার মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের প্রযুক্তিগত সক্ষমতা বাড়ানোর লক্ষ্যে Online Monitoring System and Project Progress Review শীর্ষক তিন দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। ২৪-২৬ মে ২০২২ তারিখে ঢাকায় প্রকল্পের বাস্তবায়নকারী সংস্থার কর্মকর্তাদের Refresher Training to IEs Staff শিরোনামে তিন দিনব্যাপী একটি আবাসিক প্রশিক্ষণ দেওয়া হয়। পিকেএসএফ-এর সম্মানিত ব্যবস্থাপনা পরিচালক ড. নমিতা হালদার এনডিসি প্রশিক্ষণটির সমাপনী অধিবেশনে প্রধান অতিথি হিসেবে যোগদান করেন। এছাড়া, তিনি ২৮-৩০ মে ২০২২ তারিখে কুড়িগ্রাম ও জামালপুর জেলায় এনডিপি ও এসএসএস সংস্থা কর্তৃক বাস্তবায়িত প্রকল্পের কর্ম-এলাকা পরিদর্শন করেন এবং প্রকল্পের সদস্যদের সুবিধা/অসুবিধাসহ সার্বিক বিষয়ে মতবিনিময় করেন।

এক নজরে প্রকল্পের উল্লেখযোগ্য কার্যক্রম

কার্যক্রম	লক্ষ্যমাত্রা	জুন ২০২২ পর্যন্ত অর্জন
জলবায়ু পরিবর্তন অভিযোজন দল গঠন	১০০০	১০০০
বসতভিটা উঁচুকরণ	১০০০০	৫৫৭৪
জলবায়ুসহিষ্ণু বাড়ি পুনঃনির্মাণে সহায়তা	১০০০০	১৯৭৮
অগভীর নলকূপ স্থাপন	৫০০	২৪১
বন্যাসহিষ্ণু স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন স্থাপন	২৮১০	১৪১৫
মাচা পদ্ধতিতে ছাগল/ভেড়া পালনের জন্য সহায়তা প্রদান	১০০০০	৫২২৪
প্রকল্পে অংশগ্রহণকারীদের বিভিন্ন বিষয়ের ওপর প্রশিক্ষণ প্রদান	২২৯৫৫	১৫৬৭৫
খানাভিত্তিক কৃষকের মাঝে উচ্চ ফলনশীল জলবায়ুসহিষ্ণু ফসল উৎপাদনের মাঠ প্রদর্শনী	১০০০০	৮০০১

শহরে বসবাসরত নিম্ন ও নিম্ন-মধ্যম আয়ের জনগোষ্ঠীর মানসম্মত আবাসন নিশ্চিতে নিবেদিত এ প্রকল্প

স্বল্প আয়ের মানুষের জন্য উন্নত জীবন ব্যবস্থা প্রকল্প

শহরাঞ্চলে অপরিকল্পিতভাবে বসবাসরত নিম্ন ও নিম্ন-মধ্যম আয়ের দরিদ্র জনগোষ্ঠীর আবাসন অবস্থার উন্নয়নের লক্ষ্যে পিকেএসএফ ও জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ ২০১৬ সাল থেকে 'স্বল্প আয়ের মানুষের জন্য উন্নত জীবন ব্যবস্থা' (ইংরেজিতে, লো-ইনকাম কমিউনিটি হাউজিং সাপোর্ট) প্রকল্পটি যৌথভাবে বাস্তবায়ন করছে। পিকেএসএফ এ প্রকল্পের ৩ নং কম্পোনেন্ট (শেল্টার লেন্ডিং এন্ড সাপোর্ট) বাস্তবায়ন করছে। এর উদ্দেশ্য হলো শহরে বসবাসরত নিম্ন ও নিম্ন-মধ্যম আয়ের জনগোষ্ঠীর আবাসন চাহিদা মেটাতে আবাসন খাতে অর্থায়নের জন্য উপযুক্ত ঋণ মডেল পরীক্ষা করা।

১৩	১১,৪৩৫	২৩৯.৭৮
শহরে কার্যক্রম চলমান	সেবাগ্রহীতা	কোটি টাকা মাঠ পর্যায়ে বিতরণ

প্রকল্পটি বাংলাদেশ সরকার এবং বিশ্বব্যাংকের যৌথ অর্থায়নে পরিচালিত হচ্ছে। নির্বাচিত ১৩টি শহরে পিকেএসএফ সাতটি সহযোগী সংস্থার মাধ্যমে গৃহনির্মাণ ঋণ কার্যক্রম বাস্তবায়ন করছে।

জুন ২০২২ পর্যন্ত এ প্রকল্প হতে ২৩৯.৭৮ কোটি টাকা গৃহঋণ গ্রহণ করে ১১,৪৩৫টি পরিবার। এসব পরিবারে সদস্যদের স্বাস্থ্য সুরক্ষা, মানসিক প্রশান্তি, সামাজিক নিরাপত্তা ও মর্যাদা বৃদ্ধি পেয়েছে এবং সন্তানদের পড়াশোনার উন্নত পরিবেশ নিশ্চিত হয়েছে। এছাড়া, কিছু সদস্য ঋণের টাকায় নির্মিত বাড়িতে গৃহভিত্তিক আয়বর্ধক কর্মকাণ্ড শুরু করে পরিবারের উপার্জনে ভূমিকা রাখছে। আরেকটি উল্লেখযোগ্য বিষয় হলো এ প্রকল্প বাস্তবায়নের ফলে শ্রমিক সমাজের একটি অংশের সরাসরি কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে।

মাঠ পর্যায়ে অগ্রগতি পর্যবেক্ষণ করতে বাংলাদেশে বিশ্বব্যাংকের কান্ট্রি ডিরেক্টর Dr Mercy Miyang Tembon ও প্র্যাকটিস ম্যানেজার Robin Mearns ২০ মে ২০২২ তারিখে প্রকল্পের কর্ম এলাকা কুমিল্লা পরিদর্শন করেন। ইতোমধ্যে, প্রকল্পটির PKSF কম্পোনেন্ট বিশ্বব্যাংক কর্তৃক 'Highly Satisfactory' হিসেবে মূল্যায়িত হয়েছে।

বিষয়	২০২১-২০২২	২০১৬ থেকে জুন ২০২২ পর্যন্ত
ঋণগ্রহীতার সংখ্যা	৪,০৭১	১১,৪৩৫
ঋণ বিতরণ	৭৩.৯৫ কোটি টাকা	২৩৯.৭৮ কোটি টাকা

কর্ম এলাকা ও বাস্তবায়নকারী সংস্থা

ক্রম	সংস্থা	শহরের নাম
১	গ্রামীণ জন উন্নয়ন সংস্থা (জিজেইউএস)	ভোলা সদর
২	শরীয়তপুর ডেভেলপমেন্ট সোসাইটি (এসডিএস)	শরীয়তপুর
৩	টিএমএসএস	বগুড়া, কুমিল্লা, নারায়ণগঞ্জ
৪	আদ্-দ্বীন ওয়েলফেয়ার সেন্টার	যশোর ও মাগুরা
৫	ইএসডিও	রংপুর ও ঠাকুরগাঁও
৬	ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)	সিরাজগঞ্জ ও ঈশ্বরদী (পাবনা)
৭	পিদিম ফাউন্ডেশন	নরসিংদী ও গাজীপুর

কোভিড মহামারিতে ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র উদ্যোগ পুনরুজ্জীবনই এ প্রকল্পের লক্ষ্য



MDP প্রকল্প

মাইক্রোএন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট প্রজেক্ট (এমডিপি)-অ্যাডিশনাল ফাইন্যান্সিং শীর্ষক প্রকল্পের ঋণ কার্যক্রমের আওতায় প্রাথমিকভাবে কোভিড-১৯ মহামারিতে ক্ষতিগ্রস্ত ৩০,০০০ ক্ষুদ্র উদ্যোক্তাকে তাদের অর্থনৈতিক কর্মকাণ্ড পুনরুদ্ধারের লক্ষ্যে ৫০ মিলিয়ন মার্কিন ডলার বা ৪২৪ কোটি টাকার ঋণ সহায়তা দেওয়ার লক্ষ্যমাত্রা ছিল। বিগত জুন ২০২২ মাস পর্যন্ত প্রকল্পের আওতায় ৯৭টি সহযোগী সংস্থা কর্তৃক ৪৮,২৪৬ জন ক্ষুদ্র উদ্যোক্তাকে ৭১৪.৯৫ কোটি টাকা ঋণ হিসেবে বিতরণ করা হয়েছে।

৯৭	৭১৪.৯৫	৪৮,২৪৬
সহযোগী সংস্থা	কোটি টাকা বিতরণ	ক্ষুদ্র উদ্যোগে সহায়তা প্রদান

প্রকল্প পরিচিতি

নাম মাইক্রোএন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট প্রজেক্ট-এ্যাডিশনাল ফাইন্যান্সিং

মেয়াদ ২০২১-২০২৩

অর্থায়নকারী এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)

তহবিল ৫০ মিলিয়ন মার্কিন ডলার (ঋণ)
০.৫০ মিলিয়ন মার্কিন ডলার (কারিগরি সহায়তা)

লক্ষিত সদস্য ৩০,০০০ ক্ষুদ্র উদ্যোক্তা

ঋণগ্রহীতাদের মধ্যে শতকরা প্রায় ৮০ ভাগ নারী। পরিবেশগত ও সামাজিক সুরক্ষা বিবেচনায় তুলনামূলক টেকসই ক্ষুদ্র উদ্যোগসমূহকে প্রকল্পের আওতায় আর্থিক সহায়তা দেওয়া হচ্ছে।

প্রকল্পের আওতায় আর্থিক সহায়তাপ্রাপ্ত ক্ষুদ্র উদ্যোগসমূহের দ্বারা উক্ত সময় পর্যন্ত ১,১৮,৫৫০ জনের কর্মসংস্থান হয়েছে।

এছাড়া, কারিগরি সহায়তা কার্যক্রমের আওতায় ক্ষুদ্র উদ্যোগ ঋণ কার্যক্রমের মূলধারায় মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসেস অন্তর্ভুক্ত করা, তিনটি সম্ভাবনাময় ব্যবসাগুচ্ছে পণ্যের গুণগত মান উন্নয়ন, ব্র্যান্ডিং, মার্কেটিং ইত্যাদি ক্ষেত্রে সহায়তা প্রদান এবং ক্ষুদ্র উদ্যোগ উন্নয়নে সহযোগী সংস্থার কর্মকর্তাদের সক্ষমতা বাড়ানোর কার্যক্রম বাস্তবায়নাধীন রয়েছে।



লক্ষিত পরিবারের অতিদারিদ্র্য নিরসন ও তাদের সমৃদ্ধির সোপানে নিয়ে আসতে বদ্ধপরিকর পিপিইপিপি প্রকল্প

PPEPP প্রকল্প

দেশের ১০ লক্ষ অতিদরিদ্র মানুষের টেকসই উন্নয়নে পিকেএসএফ এপ্রিল ২০১৯ থেকে 'পাথওয়েজ টু প্রসপারিটি ফর এক্সট্রিমলি পুওর পিপল (পিপিইপিপি)' প্রকল্পটি বাস্তবায়ন করছে। যুক্তরাজ্য সরকারের ফরেন, কমনওয়েলথ অ্যান্ড ডেভেলপমেন্ট অফিস (এফসিডিও) এবং ইউরোপিয়ান ইউনিয়ন (ইইউ)-এর যৌথ অর্থায়নে প্রকল্পটি দেশের ১২টি জেলার দারিদ্র্যপ্রবণ ১৪৫টি দুর্গম ইউনিয়নে বাস্তবায়নাধীন। জাতিসংঘের টেকসই উন্নয়ন অভীষ্টের সাথে সংগতি রেখে পিপিইপিপি প্রকল্পের আওতায় জীবিকায়ন, পুষ্টি, কমিউনিটি মোবিলাইজেশন, দুর্যোগ ও জলবায়ু সহিষ্ণুতা, প্রতিবন্ধিতা একীভূতকরণ এবং নারীর ক্ষমতায়নের মাধ্যমে জেন্ডার সমতা অর্জনে বহুমুখী সেবা দেওয়া হচ্ছে।

১৪৫
দারিদ্র্যপ্রবণ ইউনিয়নে কার্যক্রম চলমান

১০
লক্ষ অতিদরিদ্র পরিবার লক্ষ্যভুক্ত

বর্তমানে ৬,৬৩৮টি প্রসপারিটি ভিলেজ কমিটি (পিভিসি)-এর আওতায় সংগঠিত ২০৩,১৯৪টি অতিদরিদ্র খানা প্রকল্পের আওতায় বিভিন্ন সেবা পাচ্ছে। প্রকল্প বাস্তবায়নের তৃতীয় বর্ষে পরিচালিত রেজাল্টস-বেইজড মনিটরিং (আরবিএম)-এ প্রাপ্ত ফলাফল অনুযায়ী, পিপিইপিপি প্রকল্পটি অতিদরিদ্র সদস্যদের খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিতকরণে ভূমিকা রাখার পাশাপাশি খানাগুলোতে উপার্জন, ব্যয় ও বিক্রয়যোগ্য সম্পদের বৃদ্ধিতেও অবদান রাখছে।

ঘাতসহিষ্ণু জীবিকায়ন কার্যক্রম

প্রকল্পের আওতায় কর্ম এলাকার সবচেয়ে ঝুঁকিপূর্ণ খানা ও কমিউনিটি এবং আন্তঃগোত্রীয় গোষ্ঠীগুলোকে চিহ্নিত করা হয়েছে। অতিদরিদ্র সদস্যদের মূলধারার অর্থনৈতিক প্রবৃদ্ধি ও কর্মকাণ্ডে যুক্ত করার লক্ষ্যে পিপিইপিপি প্রকল্পের আওতায় বিস্তৃত পরিসরে কৃষিজ ও অ-কৃষিজ আয়বর্ধনমূলক কর্মকাণ্ড (আইজিএ) বাস্তবায়িত হচ্ছে।

অতিদরিদ্র খানায় উপযুক্ত আইজিএ স্থাপনে প্রকল্প হতে অনুদান, নমনীয় ঋণ, কারিগরি সেবা, সরকারি ও বেসরকারি সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের সাথে সংযোগ স্থাপন প্রভৃতি সেবা দেওয়া হয়। সব আইজিএ বাস্তবায়নে জিওগ্রাফিক ইনফরমেশন সিস্টেম (জিআইএস)-এর ভিত্তিতে সংশ্লিষ্ট এলাকার প্রাকৃতিক বৈশিষ্ট্য, মাটির ধরন, দুর্যোগ, বাজার সম্ভাবনা প্রভৃতি বিবেচনায় নেওয়া হয়।

আইজিএ সম্প্রসারণ ও উদ্যোগ উন্নয়নে খানাগুলোতে প্রয়োজনীয় সম্পদ ও অর্থ সরবরাহের পাশাপাশি প্রয়োজনীয় দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণও দেওয়া হয়। প্রকল্পের আওতায় ১৪৩,৮৫৫টি কৃষিজ ও অকৃষিজ আইজিএ স্থাপন করা হয়েছে।

প্রসপারিটি বাড়ি

প্রকল্পের আওতায় ১৫৪টি নির্বাচিত অতিদরিদ্র খানাকে 'প্রসপারিটি বাড়ি'তে রূপান্তরিত করা হয়েছে। একটি প্রসপারিটি বাড়িতে সাত ধরনের কৃষিজ ও অকৃষিজ আইজিএ বাস্তবায়ন করা হয়। দক্ষতা ও স্থানীয় বাজার সম্ভাবনার ভিত্তিতে চিহ্নিত অতিদরিদ্র খানাগুলো থেকে প্রসপারিটি বাড়ির জন্য উপযুক্ত খানা নির্বাচন করা হয়। এ উদ্যোগের উদ্দেশ্য হলো বহুমুখী আয়ের উৎস সৃষ্টির মাধ্যমে খানাগুলোর উপার্জন বাড়ানো এবং আত্মনির্ভরশীল হিসেবে গড়ে তোলা।

প্রাথমিক স্বাস্থ্যসেবা, পুষ্টি ও স্বাস্থ্যবিধি

প্রকল্পের পুষ্টি কার্যক্রমের মাধ্যমে পাঁচ বছরের কম বয়সী শিশু, গর্ভবতী ও প্রসূতি মা, কিশোরী ও সন্তান ধারণক্ষম নারী ও প্রবীণ ব্যক্তিদের অগ্রাধিকার ভিত্তিতে পুষ্টিসেবা দেওয়া হচ্ছে। প্রকল্পের আওতায় পুষ্টি-সংবেদনশীল ও পুষ্টি-সুনির্দিষ্ট কার্যক্রম নেওয়া হয়েছে। পুষ্টি-সুনির্দিষ্ট সেবাগুলোতে বাংলাদেশ সরকারের জাতীয় পুষ্টিসেবা (এনএনএস)-ভুক্ত ১৬টি প্রত্যক্ষ পুষ্টি কার্যক্রম অন্তর্ভুক্ত করা হয়েছে। পুষ্টি কর্মকর্তাবৃন্দ ও সিএনএইচপি কর্মীগণ লক্ষিত খানাগুলোতে এ পর্যন্ত প্রায় ৭,০০,০০০ বার পরিদর্শন করে অতিদরিদ্র মানুষের দোরগোড়ায় পুষ্টিসেবা পৌঁছে দিয়েছেন। এছাড়াও, কর্ম এলাকায় স্যাটেলাইট ক্লিনিক ও বিশেষায়িত স্বাস্থ্য ক্যাম্পের মাধ্যমে প্রাথমিক স্বাস্থ্যসেবা দেওয়া হচ্ছে।

সামাজিক সচেতনতা ও সংযোগ স্থাপন

অতিদরিদ্র খানাগুলো সচেতনতার অভাব এবং জোরালো দাবি তোলার অক্ষমতার কারণে অনেক সময় সরকারি সেবা প্রাপ্তি থেকে বঞ্চিত হয়। এ সমস্যা নিরসনে প্রসপারিটি প্রকল্প খানা ও কমিউনিটি পর্যায়ে বিভিন্ন সেশন পরিচালনার মাধ্যমে সচেতনতা বৃদ্ধি এবং সরকারি ও বেসরকারি সেবা প্রদানকারী প্রতিষ্ঠানগুলোর সাথে সংযোগ স্থাপনের কার্যক্রম চলমান রেখেছে। সদস্য খানাগুলোকে সংগঠিত করে প্রসপারিটি ভিলেজ কমিটি, যুব ফোরাম, মা ও শিশু ফোরাম, কিশোর/কিশোরী ক্লাব, প্রতিবন্ধী ফোরাম, স্বেচ্ছাসেবী গ্রুপ প্রভৃতির মাধ্যমে বিভিন্ন সামাজিক, স্বাস্থ্যগত ও পরিবেশগত ইস্যুতে সতেচনতা বাড়ানোর উদ্যোগ নেওয়া হয়েছে।

নারীর ক্ষমতায়ন

আর্থিক ও সামাজিক কর্মকাণ্ডে নারীর অংশগ্রহণ নিশ্চিতকরণের মাধ্যমে তাদের ক্ষমতায়নের লক্ষ্যে প্রকল্পের সদস্য হিসেবে অতিদরিদ্র খানাসমূহের নারীদের নির্বাচন করা হয়েছে। প্রকল্পের আওতায় ২,০০,০০০-এরও বেশি নারী সদস্য প্রসপারিটি ভিলেজ কমিটি (পিভিসি) শীর্ষক প্ল্যাটফর্মে সাপ্তাহিক বৈঠকে অংশ নিচ্ছেন এবং নিজেদের মধ্যে এলাকাভিত্তিক সহযোগিতামূলক যোগাযোগ ব্যবস্থায় যুক্ত হচ্ছেন।

জলবায়ু সহিষ্ণুতা বৃদ্ধি

জলবায়ু ঝুঁকিপূর্ণ অঞ্চলে প্রকল্পের আওতায় জলবায়ু সহিষ্ণুতা বাড়াতে বিভিন্ন উদ্যোগ নেওয়া হয়েছে। উপকূলীয় এলাকায় সুপেয় পানির সংকট নিরসনে পিপিইপিপি প্রকল্পের আওতায় খানা পর্যায়ে বৃষ্টির পানি সংরক্ষণে ১,৫০০ লিটার ধারণক্ষমতা সম্পন্ন প্রায় ১,২০০টি ট্যাংক বিতরণ এবং নির্বাচিত কর্ম এলাকায় কমিউনিটি পর্যায়ে ১৪টি রিভার্স অসমোসিস প্লান্ট স্থাপন করা হচ্ছে। একেকটি প্লান্ট (ঘণ্টায় ১০০০ লিটার পর্যন্ত বিশুদ্ধ পানি উৎপাদন করতে সক্ষম) থেকে প্রায় ২৫০টি খানার নিয়মিত পানির অভাব পূরণ হয়। কর্ম এলাকায় দুর্যোগ-পূর্ববর্তী প্রস্তুতি ও দুর্যোগ-পরবর্তী ক্ষয়ক্ষতি প্রশমনে সতর্কতামূলক বার্তা সম্বলিত ৭৬টি বিলবোর্ড সংশ্লিষ্ট ইউনিয়ন বা উপজেলা পরিষদ এলাকায় স্থাপন করা হয়েছে।

সম্ভাবনাময় ক্ষুদ্র উদ্যোগ খাত উন্নয়নের মাধ্যমে দারিদ্র্য বিমোচন ত্বরান্বিত করার লক্ষ্যে কাজ করছে বিশেষায়িত এ প্রকল্প

PACE প্রকল্প

দেশের সম্ভাবনাময় ক্ষুদ্র উদ্যোগ খাতের উন্নয়নের মাধ্যমে দারিদ্র্য বিমোচন ত্বরান্বিত করার লক্ষ্যে পিকেএসএফ জানুয়ারি ২০১৫ থেকে 'Promoting Agricultural Commercialization and Enterprises (PACE)' শীর্ষক প্রকল্প বাস্তবায়ন করছে। প্রকল্পটি ডিসেম্বর ২০২০-এ সমাপ্ত হওয়ার কথা থাকলেও বৈশ্বিক কোভিড-১৯ মহামারির কারণে ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র উদ্যোগ খাতের অর্থনৈতিক কর্মকাণ্ড পুনরুদ্ধারের লক্ষ্যে আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ) অর্থায়িত PACE প্রকল্পটি বর্ধিত মেয়াদে (২০২১-২০২৩) বাস্তবায়িত হচ্ছে।

৪২
উপ-প্রকল্প চলমান

৫৭,৫৬০
ক্ষুদ্র উদ্যোগে সহায়তা প্রদান

প্রকল্প পরিচিতি

নাম Promoting Agricultural Commercialization and Enterprises (PACE)

মেয়াদ ২০১৫-২০২৩

অর্থায়নকারী **ইফাদ, পিকেএসএফ ও সহঃ সংস্থা (পিও), কোরিয়ান গ্রান্ট ফান্ড**

তহবিল **১২৯.৭২ মিলিয়ন মার্কিন ডলার**
ইফাদ: ৫৮.০১ মিলিয়ন ডলার
পিকেএসএফ ও পিও: ৭১.৩৫ মিলিয়ন ডলার
কোরিয়ান গ্রান্ট ফান্ড: ০.৩৬ মিলিয়ন ডলার

৩৬.৮৬ মিলিয়ন মার্কিন ডলার অতিরিক্ত অর্থায়নসহ প্রকল্পটির মোট ব্যয় দাঁড়ায় ১২৯.৭১ মিলিয়ন মার্কিন ডলার, যার মধ্যে ইফাদের অর্থায়নের পরিমাণ ৫৮.০৭ মিলিয়ন মার্কিন ডলার। PACE প্রকল্পের মাধ্যমে ক্ষুদ্র উদ্যোগে আর্থিক পরিষেবা দেওয়ার পাশাপাশি বিভিন্ন সম্ভাবনাময় কৃষি ও অকৃষি অর্থনৈতিক কর্মকাণ্ডের উন্নয়নে ভ্যালু চেইন উন্নয়ন ও লাগসই প্রযুক্তি স্থানান্তরে সহায়তা দেওয়া হচ্ছে। বর্ধিত মেয়াদে এ প্রকল্পের আওতায় স্বাস্থ্যসম্মতভাবে গ্রামীণ বাজার উন্নয়ন, ক্ষুদ্র উদ্যোগে শোভন কর্ম পরিবেশ সৃষ্টি ও ক্ষুদ্র উদ্যোগ খাতে ই-কমার্স সেবা সম্প্রসারণে কাজ করা হচ্ছে।

ক্ষুদ্র উদ্যোগে আর্থিক সেবা: PACE প্রকল্পের সহায়তায় পিকেএসএফ-এর অগ্রসর (ক্ষুদ্র উদ্যোগ) কার্যক্রম দ্রুত সম্প্রসারিত হচ্ছে। মূল মেয়াদে বিতরণের লক্ষ্যমাত্রা অতিক্রম করার পর প্রকল্পের বর্ধিত মেয়াদেও ক্ষুদ্র উদ্যোগ সম্প্রসারণে আর্থিক পরিষেবা দেওয়া হচ্ছে। এ সময়ে এ প্রকল্পের আওতায় অতিরিক্ত ৯১.৩৬ কোটি টাকা সহযোগী সংস্থা পর্যায়ে বিতরণ করা হয়েছে, যা লক্ষ্যমাত্রার ৯৯%। ক্ষুদ্র উদ্যোগ (অগ্রসর) কার্যক্রমের আওতায় কৃষি, প্রক্রিয়াজাতকরণ, ব্যবসা এবং সেবা এ ৪টি প্রধান খাতের অধীনে ১৫৬ ধরনের অর্থনৈতিক কর্মকাণ্ডের জন্য আর্থিক সহায়তা দেওয়া হচ্ছে। পিকেএসএফ অধিক মাত্রায় কর্মসংস্থান সৃষ্টিতে সক্ষম প্রক্রিয়াজাতকরণ খাতে ঋণ প্রবাহ বৃদ্ধিকল্পে কাজ করছে।

PACE প্রকল্পের মাধ্যমে ক্ষুদ্র উদ্যোগের তহবিল চাহিদার আলোকে আর্থিক পরিষেবা বৈচিত্র্যায়ণের উদ্যোগ নেওয়া হয়েছে। বিভিন্ন ব্যবসায়িক দক্ষতাসম্পন্ন তরুণদের নতুন ব্যবসা শুরু করার জন্য

খাতভিত্তিক ঋণস্থিতির হার



'প্রারম্ভিক তহবিল ঋণ (Start-up Capital Loan)' এবং উদ্যোগ সম্প্রসারণে মূলধনি সম্পদ অর্জনে ক্ষুদ্র উদ্যোক্তাদের জন্য 'ইজারা অর্থায়ন (Lease Financing)' শীর্ষক দুটি নতুন আর্থিক সেবা পণ্যের সফল পাইলটিং-এর পর বর্ধিত মেয়াদে এ দুটি আর্থিক সেবা পণ্য সম্প্রসারিত আকারে বাস্তবায়নের উদ্যোগ নেওয়া হয়েছে।

ভ্যালু চেইন উন্নয়ন কার্যক্রম: PACE প্রকল্পের অতিরিক্ত মেয়াদে দেশের বিভিন্ন অঞ্চলে সম্ভাবনাময় কৃষি ও অকৃষি উপ-খাতের উন্নয়নে নতুন ৪২টি ভ্যালু চেইন উপ-প্রকল্প সম্প্রসারিত আকারে বাস্তবায়ন শুরু করা হয়েছে। ভেষজ উদ্ভিদ প্রক্রিয়াজাতকরণ, দুগ্ধজাত পণ্য উৎপাদন, ইকোট্যুরিজম, ইমিটেশন গোল্ড জুয়েলারি, ফল ও কৃষিজ পণ্য প্রক্রিয়াজাতকরণ, ফুলের টিস্যু কালচার ল্যাব, মৌচাষ উন্নয়ন এবং মধু বিপণন, কাঁকড়া হ্যাচারি, বছরব্যাপী পেঁয়াজ উৎপাদন এবং বাজারজাতকরণ, দেশি মুরগি পালন, গাভি পালন, নগর বর্জ্য হতে জৈব সার উৎপাদন, ইকোলজিক্যাল ফার্মিং, উচ্চ মূল্যের মসলা চাষ, নিরাপদ মৎস্য ও মৎস্য পণ্য উৎপাদন, হালদা নদীতে মাছের প্রাকৃতিক প্রজনন কেন্দ্র সংরক্ষণ ও উন্নয়ন, হাঁস পালন, লবণাক্ত জমিতে উচ্চ মূল্যমানের ফসল চাষ, কাঁকড়া চাষ প্রযুক্তি সম্প্রসারণ ও বাজারজাতকরণ, নিরাপদ পদ্ধতিতে সবজি উৎপাদন, সুগন্ধি ধান উৎপাদন ও কাঁসা শিল্প উন্নয়ন উপখাতে এ উপ-প্রকল্পসমূহ বাস্তবায়িত হচ্ছে। এ সকল সম্প্রসারিত উপ-প্রকল্পে কোভিড-১৯ জনিত অর্থনৈতিক ক্ষতি কাটিয়ে উপখাতগুলোকে আরও টেকসইভাবে সম্প্রসারণের জন্য প্রয়োজনীয় কারিগরি প্রযুক্তি ও বিপণনে সহায়তা দেওয়া হচ্ছে।

প্রকল্পের লক্ষ্যমাত্রা অনুযায়ী ইতোমধ্যে ১৬টি কৃষি ও ১৬টি অকৃষি উপখাতের উন্নয়নে ভ্যালু চেইন কার্যক্রম নেওয়া হয়েছে। ভ্যালু চেইন উপ-প্রকল্পসমূহ দেশের ২৭টি জেলার ৮৮টি উপজেলায় বাস্তবায়ন করা হচ্ছে। পিকেএসএফ-এর ৩১টি সহযোগী সংস্থার মাধ্যমে বাস্তবায়নাধীন এ সকল ভ্যালু চেইন উপ-প্রকল্পের মাধ্যমে অতিরিক্ত ২২১,৩৮৪ জন উদ্যোক্তা ও উদ্যোগ সংশ্লিষ্ট ব্যক্তি নানাবিধ কারিগরি, প্রযুক্তি ও বিপণন সহায়তা পাচ্ছেন। উল্লেখ্য, প্রকল্পের মূল মেয়াদে গৃহীত ৭৪টি ভ্যালু চেইন উপ-প্রকল্পের মধ্যে ৩৩টি ভ্যালু চেইন উপ-প্রকল্প সমাপ্ত হয়েছে।

প্রশিক্ষণ ও কর্মশালা: PACE প্রকল্পের আওতায় পিকেএসএফ ও সহযোগী সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক সামর্থ্য বাড়ানোর লক্ষ্যে কর্মকর্তাদের জন্য বিভিন্ন ধরনের প্রশিক্ষণের আয়োজন করা হচ্ছে। PACE প্রকল্পের আওতায় নবীন ক্ষুদ্র উদ্যোক্তাদের উদ্যোগ শুরুর জন্যে আর্থিক সেবা দেওয়ার নিমিত্তে 'প্রারম্ভিক তহবিল ঋণ' এবং চলমান উদ্যোগ সম্প্রসারণে মূলধনি সম্পদ অর্জনে 'ইজারা অর্থায়ন' বিষয়ে চারটি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। নির্বাচিত সহযোগী সংস্থার সংশ্লিষ্ট কর্মকর্তাগণ এ কর্মশালায় এ আর্থিক পণ্য দুটির বাস্তবায়ন কৌশল বিষয়ে ধারণা লাভ করেন।

তরুণ ও ক্ষুদ্র উদ্যোক্তাদের ব্যবসায়িক সামর্থ্য বৃদ্ধি এ প্রকল্পের লক্ষ্য

RAISE প্রকল্প

পিকেএসএফ ও বিশ্বব্যাংক-এর যৌথ অর্থায়নে 'Recovery and Advancement of Informal Sector Employment (RAISE)' শীর্ষক প্রকল্পটি পিকেএসএফ কর্তৃক ২৩ ফেব্রুয়ারি ২০২২ তারিখ থেকে বাস্তবায়ন করা হচ্ছে। বিগত ২৬ জানুয়ারি ২০২২ তারিখে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এবং পিকেএসএফ-এর মধ্যে RAISE প্রকল্পের Subsidiary Loan and Grant Agreement (SLGA) স্বাক্ষরিত হয়।

১.৭৫
লক্ষ তরুণ ও ক্ষুদ্র উদ্যোক্তা

২৫০
মিলিয়ন মার্কিন ডলার তহবিল

প্রকল্প পরিচিতি

নাম	**Recovery and Advancement of Informal Sector Employment (RAISE)**
মেয়াদ	**২০২২-২০২৬**
অর্থায়নকারী	**বিশ্বব্যাংক ও পিকেএসএফ**
তহবিল	**২৫০ মিলিয়ন মার্কিন ডলার** **বিশ্বব্যাংক: ১৫০ মিলিয়ন ডলার** **পিকেএসএফ: ১০০ মিলিয়ন ডলার**
সহযোগী সংস্থা	**৭০**

এ প্রকল্পের আওতায় পিকেএসএফ-এর ৭০টি সহযোগী সংস্থার মাধ্যমে দেশের urban ও peri-urban এলাকায় অবস্থিত ব্যবসাগুচ্ছভুক্ত ১.৭৫ লক্ষ তরুণ ও ক্ষুদ্র উদ্যোক্তার ব্যবসায় সামর্থ্য বাড়ানো ও ঝুঁকি ব্যবস্থাপনা এবং অন্তর্ভুক্তিমূলক অর্থায়নের মাধ্যমে কর্মসংস্থানের ব্যবস্থা করা হবে। এদের মধ্যে কোভিড-১৯-এর প্রভাবে ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র উদ্যোক্তাদের ব্যবসায় উদ্যোগ পুনরায় সচল করতে সহজ শর্তে অর্থায়ন করা হচ্ছে।

পাশাপাশি, টেকসই কর্মসংস্থানের লক্ষ্যে পিছিয়েপড়া ক্ষুদ্র উদ্যোক্তাদের উদ্যোগ উন্নয়ন, ব্যবসায় ব্যবস্থাপনা ও ঝুঁকি ব্যবস্থাপনা, জীবন দক্ষতা উন্নয়ন ও উপযুক্ত অর্থায়ন করা হবে এবং নিম্ন-আয়ের পরিবারভুক্ত তরুণদের শিক্ষানবিশি (Apprenticeship) কার্যক্রমের মাধ্যমে কারিগরি দক্ষতা দিয়ে উপযুক্ত কর্মে নিয়োজিত হতে সহায়তা করা হচ্ছে। উল্লেখ্য, সুবিধাবঞ্চিত জনগোষ্ঠী যেমন দলিত, ক্ষুদ্র নৃগোষ্ঠী, চর, হাওর, পার্বত্য অঞ্চল, চা বাগান ও উপকূলীয় এলাকা এবং প্রতিবন্ধী তরুণদের এ প্রকল্পের কার্যক্রমে অংশগ্রহণে অগ্রাধিকার দেওয়া হবে।

RAISE প্রকল্পের আওতায় শুধু গবাদিপ্রাণী পালন, মৎস্য চাষ ও সবজি চাষের মতো প্রচলিত উদ্যোগই নয়, বরং বিভিন্ন ধরনের high growth potential (উচ্চ প্রবৃদ্ধির সম্ভাবনাময়) উদ্যোগসমূহ যেমন টিউলিপ চাষ অথবা biofloc পদ্ধতি ব্যবহার করে মাছ চাষের মতো সম্ভাবনাময় উদ্যোগেও অর্থায়নের পরিকল্পনা রয়েছে। এছাড়া, প্রকল্পের আওতায় তরুণ উদ্যোক্তাদের Psychometric Profiling (মানসিক ক্রিয়াদির পরিলেখ) করা হবে, যার মাধ্যমে তাদের Entrepreneurial Ability (উদ্যোগ গ্রহণের সক্ষমতা) এবং Creditworthiness (ঋণ ব্যবহার ও পরিশোধের সক্ষমতা) যাচাই করে অর্থায়ন করা হবে।

Implementation Support Mission

২০ থেকে ৩০ জুন ২০২২ পরিচালিত Implementation Support Mission-এর অংশ হিসেবে বিশ্বব্যাংক-এর প্রতিনিধি দলের সাথে পিকেএসএফ-এর ব্যবস্থাপনা পরিচালক ড. নমিতা হালদার এনডিসি, অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক মোঃ ফজলুল কাদের এবং RAISE প্রকল্পের কর্মকর্তাবৃন্দের মধ্যে সভা অনুষ্ঠিত হয়। এছাড়া, বিশ্বব্যাংক-এর প্রতিনিধিবৃন্দ মাঠ পর্যায়ে ঋণ বিতরণের প্রস্তুতি সরেজমিনে পর্যবেক্ষণের লক্ষ্যে কেরানীগঞ্জে ক্ষুদ্র উদ্যোগ কার্যক্রম পরিদর্শন করেন।

প্রকল্পের অর্জন

পিকেএসএফ কর্তৃক ৪৫টি সহযোগী সংস্থার মাধ্যমে কোভিড-১৯-এ ক্ষতিগ্রস্ত ১৭,৫০০ জন ক্ষুদ্র উদ্যোক্তার মধ্যে ঋণ বিতরণের লক্ষ্যে ৩০ জুন ২০২২ পর্যন্ত ১৭৫ কোটি টাকা সংস্থায় বরাদ্দ দেওয়া হয়েছে।

Implementation Support Mission চলাকালে বিশ্বব্যাংক-এর প্রতিনিধিবৃন্দ পিকেএসএফ-এর ব্যবস্থাপনা পরিচালক ড. নমিতা হালদার এনডিসি -এর সাথে সাক্ষাৎ করেন।

আকস্মিক দুর্বিপাকে মানুষ ও গবাদিপ্রাণির সুরক্ষার জন্য দু'টি প্রকল্প বাস্তবায়নাধীন

ঝুঁকি প্রশমনে প্রকল্প

জলবায়ু পরিবর্তনজনিত প্রাকৃতিক দুর্যোগে জীবন ও সম্পদ হারানোর ঝুঁকির সাথে রোগবালাইয়ের আকস্মিক প্রাদুর্ভাবে অন্যতম মানুষের আয়ের উৎস গবাদিপ্রাণী মৃত্যুঝুঁকিতে থাকে। এমন আকস্মিক দুর্বিপাক থেকে দরিদ্রদের সহায়তা দেওয়ার উদ্দেশ্যে পিকেএসএফ দু'টি প্রকল্প বাস্তবায়ন করছে। একটির লক্ষ্য গবাদিপ্রাণী সুরক্ষা এবং অন্যটির উদ্দেশ্য দরিদ্র মানুষের ওপর জলবায়ু পরিবর্তনের প্রভাব ও অন্যান্য দুর্যোগজনিত ঝুঁকি নিরসন।

৩.২৫
লক্ষ সদস্যকে আর্থিক সহায়তা প্রদান

১,৩০১
কোটি টাকা ঋণ বিতরণ

LRMP প্রকল্প

গবাদিপ্রাণী সুরক্ষা সেবা কার্যক্রমের আওতায় Strengthening Resilience of Livestock Farmers through Risk Reducing Services (LRMP) প্রকল্প পিকেএসএফ সহযোগী সংস্থার মাধ্যমে গবাদিপ্রাণী খাতে ঋণ সহায়তা দেওয়ার পাশাপাশি ঋণের অর্থে কেনা গবাদিপ্রাণির অসুস্থতা ও মৃত্যুজনিত ঝুঁকি কমিয়ে খামারিদের উন্নত পদ্ধতিতে গবাদিপ্রাণী লালন-পালন, গবাদিপ্রাণির খাদ্য ও স্বাস্থ্য ব্যবস্থাপনাবিষয়ক প্রশিক্ষণ, গবাদিপ্রাণির টিকাদান, খামারি বা খামারি পরিবারের প্রধান উপার্জনকারী ব্যক্তি ও গবাদিপ্রাণির মৃত্যুজনিত কারণে ঋণ ও সার্ভিস চার্জ মওকুফ এবং লালন-পালন ব্যয় প্রদান করছে। এসব সেবা ভবিষ্যতে আরও সুসংগঠিত করার লক্ষ্যে পিকেএসএফ কর্তৃক 'গবাদিপ্রাণী সুরক্ষাসেবা কার্যক্রম' বাস্তবায়িত হচ্ছে।

Swiss Agency for Development and Cooperation (SDC)-এর আর্থিক সহায়তায় LRMP শীর্ষক প্রকল্পটি পিকেএসএফ-এর ১৫টি সহযোগী সংস্থার ৩২৫টি শাখার মাধ্যমে ৩৯টি জেলায় বাস্তবায়ন করা হচ্ছে। চার বছর (২০২০-২০২৪) মেয়াদি এ প্রকল্পের আওতায় জুন ২০২০ থেকে জুন ২০২২ পর্যন্ত ৩,২৫,৩৪৯ জন সদস্যের মাঝে গবাদিপ্রাণী খাতে মোট ১,৩০১.৩১ কোটি টাকা ঋণ বিতরণ করা হয়েছে।

এ প্রকল্পের আওতাভুক্ত ২১৫টি গবাদিপ্রাণী মৃত্যুজনিত কারণে মোট ৮৩.৫৮ লক্ষ টাকা এবং ১৪৯ জন খামারির মৃত্যুজনিত কারণে ৬২.৪৯ লক্ষ টাকা ঋণ ও সার্ভিস চার্জ মওকুফ করা হয়েছে। এছাড়াও ৮১,২২২ জন খামারিকে উন্নত পদ্ধতিতে গবাদিপ্রাণী লালন-পালন বিষয়ক প্রশিক্ষণ দেওয়া হয় এবং ২,২৮,৪৮৪টি গবাদিপ্রাণিকে বিভিন্ন সংক্রামক রোগের টিকা দেওয়া হয়।

IRMP প্রকল্প

Japan International Cooperation Agency (JICA)-এর অর্থায়নে The Project for Developing Inclusive Risk Mitigation Program for Sustainable Poverty Reduction (IRMP) প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। দরিদ্র মানুষদের জলবায়ু পরিবর্তনের প্রভাব ও অন্যান্য দুর্যোগের কারণে সৃষ্ট ঝুঁকি নিরসনে আর্থিক ও অ-আর্থিক সেবা দেওয়ার মাধ্যমে টেকসই সেবা নিরূপণ ও বাস্তবায়ন কৌশল নির্ধারণের লক্ষ্যে ৫ বছর মেয়াদি IRMP প্রকল্পটি অক্টোবর ২০১৯ হতে বাস্তবায়ন শুরু হয়।

পিকেএসএফ-এর ব্যবস্থাপনা পরিচালকের সভাপতিত্বে প্রকল্পের প্রথম Joint Coordination Committee (JCC)-এর সভায় বাংলাদেশের উপকূলীয় অঞ্চলের ৭টি সহযোগী সংস্থার মাধ্যমে 'সাইক্লোন সুরক্ষা সেবা' নামে একটি আর্থিক সেবা দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

পাশাপাশি, উক্ত আর্থিক সেবার প্রভাব ও ভবিষ্যৎ উপযোগিতা নির্ধারণের লক্ষ্যে Randomised Control Trial (RCT) ভিত্তিতে মাঠ পর্যায়ে গবেষণা পরিচালনা করা হবে। 'সাইক্লোন সুরক্ষা সেবা' বাস্তবায়নের লক্ষ্যে সহযোগী সংস্থার ঊর্ধ্বতন কর্মকর্তা এবং মাঠপর্যায়ের কর্মকর্তাদের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে।

ক্ষুদ্র উদ্যোগের জন্য আর্থিক পরিষেবা সম্প্রসারণ এবং এ খাতের সার্বিক উন্নয়নে দেশব্যাপী কাজ করছে বিশেষ এ প্রকল্প

RMTP প্রকল্প

আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ) ও ডানিডা-এর যৌথ অর্থায়নে পিকেএসএফ কর্তৃক Rural Microenterprise Transformation Project (RMTP) শীর্ষক প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের আওতায় ক্ষুদ্র উদ্যোগের জন্য আর্থিক পরিষেবা সম্প্রসারণের পাশাপাশি নির্বাচিত উচ্চ মূল্যমানের কৃষিপণ্যের ভ্যালু চেইনের সাথে সম্পৃক্ত ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক, উদ্যোক্তা এবং অন্যান্য মার্কেট এক্টরদের আয় বৃদ্ধি এবং খাদ্য নিরাপত্তা ও পুষ্টি পরিস্থিতির উন্নয়নে এ প্রকল্পটি কাজ করছে। প্রকল্পের মাধ্যমে তুলনামূলক উৎপাদন সুবিধা, বাজার চাহিদা ও প্রবৃদ্ধিনির্ভর সম্ভাবনা রয়েছে এমন কৃষি পণ্যের উৎপাদন ও বাজার সম্প্রসারণে ভ্যালু চেইন কর্মকাণ্ড বাস্তবায়ন করা হচ্ছে।

৩৪
ভ্যালু চেইন উপ-প্রকল্প চলমান

৩.৭৩
লক্ষ সদস্য বিভিন্ন সহায়তা পাচ্ছেন

প্রকল্প পরিচিতি

নাম — **Rural Microenterprise Transformation Project (RMTP)**

মেয়াদ — **৬ বছর**

অর্থায়নকারী — **আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ), ড্যানিশ ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট এজেন্সি (ডানিডা), পিকেএসএফ, সহযোগী সংস্থা ও অন্যান্য উৎস**

তহবিল — **২০০ মিলিয়ন মার্কিন ডলার**
ইফাদ: ৮১ মিলিয়ন ডলার
ডানিডা: ৮.৩০ মিলিয়ন ডলার
পিকেএসএফ ও অন্যান্য: ১১০.৭০ মিলিয়ন ডলার

এ প্রকল্পের মাধ্যমে পণ্যের প্রক্রিয়াজাতকরণ, সনদায়ন ও ব্র্যান্ড ইমেজ তৈরি করে পণ্য দেশে-বিদেশে বাজারজাতকরণের সংস্থান রয়েছে। এছাড়া, প্রকল্পের আওতায় Artificial Intelligence (AI), Internet of Things (IoT), Block Chain, Crowdfunding Platform ইত্যাদি বিষয়ক নতুন নতুন প্রযুক্তি/পদ্ধতি প্রয়োগের মাধ্যমে দারিদ্র্য বিমোচন করার সংস্থান রয়েছে। ছয় বছর মেয়াদি ২০০ মিলিয়ন ডলারের এ প্রকল্পে অর্থায়ন করছে ইফাদ, ডানিডা, পিকেএসএফ, সহযোগী সংস্থা ও বিভিন্ন বেসরকারি অংশীজন।

ভ্যালুচেইন উন্নয়ন কার্যক্রম: RMTP-এর আওতায় ৩৪টি ভ্যালু চেইন উপ-প্রকল্পের মাধ্যমে ৩৩টি জেলার ১০১টি উপজেলায় ৩,৭৩,৪৮৮ জন অংশগ্রহণকারীর মাঝে নিরাপদ উপকরণ ও সেবার অভিগম্যতা বাড়ানো, প্রযুক্তি হস্তান্তর, আর্থিক পরিষেবা উন্নয়ন, খামার ও প্রক্রিয়াজাত কারখানা যান্ত্রিকীকরণ, প্রক্রিয়াজাত পণ্য উৎপাদন, উৎপাদিত পণ্যের সনদায়ন এবং কৃষি, মৎস্য ও প্রাণিজ পণ্য বিপণনে আর্থিক ও কারিগরি সহায়তা দেওয়া হচ্ছে। উক্ত প্রকল্পের মাধ্যমে প্রাণিসম্পদ, মৎস্য ও কৃষি খাতে ভ্যালু চেইন কার্যক্রম নেওয়া হয়েছে। এছাড়া, ৫৪,২৭৩ জন ক্ষুদ্র উদ্যোক্তার মাঝে ৩৫২.২৮ কোটি টাকা ঋণ বিতরণ করা হয়েছে।

প্রাণিসম্পদ খাত: RMTP-এর আওতায় ইতোমধ্যে 'নিরাপদ মাংস ও দুগ্ধজাত পণ্যের বাজার উন্নয়ন' শীর্ষক আটটি ভ্যালু চেইন উপ-প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে। ইতোমধ্যে এ উপ-প্রকল্পের মাধ্যমে বিভিন্ন ধরনের প্রশিক্ষণ ও দক্ষতা বৃদ্ধিমূলক কর্মকাণ্ডের ফলে ২৬,২৬০ জন কৃষক বিভিন্ন ধরনের ব্যবসায়িক উন্নয়ন পরিষেবার আওতাভুক্ত হয়েছেন। এছাড়া, এই ভ্যালু চেইন উপ-প্রকল্পের মাধ্যমে ১২টি জেলার ৩৬টি উপজেলার সংশ্লিষ্ট ব্যবসাগুচ্ছসমূহের ২০১,৪৮০ জন খামারি, উদ্যোক্তা এবং উপখাতের সাথে সংশ্লিষ্ট মার্কেট এক্টরদের নানাবিধ কারিগরি, প্রযুক্তি ও বিপণনের সহায়তা দেওয়া হচ্ছে।

এ প্রকল্পের আওতায় GGAP- HACCP বিষয়ে প্রশিক্ষণ দেওয়ার জন্য Bio-Tec-এর সাথে চুক্তি করা হয়েছে। খামার ও প্রক্রিয়াজাতকরণ কারখানা যান্ত্রিকীকরণে ট্রেড গ্লোবাল লিমিটেড; নিরাপদ প্রাণিজ খাদ্যের সরবরাহে নারিশ পোলট্রি এন্ড হ্যাচারি লিমিটেড; মহিষ, ভেড়া ও ছাগলের কৃত্রিম প্রজনন সেবা সম্প্রসারণের জন্য ব্র্যাক; লাইভ এনিমেল ও মাংস বিক্রয়ে জন্য বেঙ্গল মিট, মায়া এগ্রো, গ্রিন এগ্রো এবং উৎপাদিত জৈব সার বিক্রয়ে এসিআই কোম্পানীর সাথে চুক্তি করা হয়েছে।

হর্টিকালচার খাত: RMTP-এর আওতায় হর্টিকালচার খাত উন্নয়নে ১৯টি ভ্যালু চেইন উপ-প্রকল্প বাস্তবায়ন শুরু হয়েছে। ইতোমধ্যে, উক্ত ভ্যালু চেইন উপ-প্রকল্পের আওতায় পরীক্ষামূলকভাবে পঞ্চগড় জেলার, তেঁতুলিয়া উপজেলার শারিয়ালজোত ও দর্জিপাড়া গ্রামে আটজন নারী উদ্যোক্তার মাধ্যমে টিউলিপ ফুলচাষ করে আশাব্যঞ্জক সফলতা পাওয়া গেছে। বাংলাদেশে বাণিজ্যিকভাবে কৃষক পর্যায়ে সফলভাবে টিউলিপ ফুল ফোটানোর এটাই প্রথম উদাহরণ।

এছাড়া, ১৯টি ভ্যালু চেইন উপ-প্রকল্পের অংশগ্রহণকারী নির্বাচন, প্রদর্শনী প্লটের জন্য জায়গা/স্থান নির্বাচন সম্পন্ন হয়েছে। এই প্রকল্পের আওতায় উন্নত জাতের ফল, ফসল ও ফুলের জাত সংগ্রহ, জৈব বালাইনাশক ও খামার যান্ত্রিকীকরণের লক্ষ্যে বিভিন্ন বেসরকারি কোম্পানির সাথে সহযোগী সংস্থার ১২টি সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হয়েছে। এর মধ্যে উল্লেখযোগ্য হলো উচ্চ মূল্যের ফল ও ফসলের জাত সম্প্রসারণ ও বাজারজাতকরণ শীর্ষক ভ্যালু চেইন উপ-প্রকল্পের আওতায় জৈব ফার্ম এগ্রো লিমিটেড, জৈব সার সরবরাহের ও জৈব বালাইনাশক সরবরাহের জন্য ইস্পাহানী লিমিটেড এবং উচ্চ মূল্যমানের ফলের চারা সরবরাহের জন্য ব্র্যাক নার্সারির সাথে সমাঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে।

নির্বাচিত এ সকল ভ্যালু চেইন উপ-প্রকল্পের মাধ্যমে ২৩টি জেলার ৪২টি উপজেলার ১২৬,০০৮ জন কৃষক ও ক্ষুদ্র উদ্যোক্তা নানাবিধ কারিগরি প্রশিক্ষণ, উন্নত প্রজাতির ফল, ফসল ও সবজির চারা, প্রযুক্তি সহায়তা, ব্র্যান্ডিং, সার্টিফিকেশন, বাজার সম্প্রসারণ বিষয়ে সহায়তা পাচ্ছেন।

মৎস্য খাত: তিন বছর মেয়াদি এ উপ-প্রকল্পের মাধ্যমে নয়টি জেলার ৩১টি উপজেলার ৪৬,০০০ মৎস্যচাষি, মৎস্যজাত পণ্যের উদ্যোক্তা ও অন্যান্য মার্কেট এক্টর নানাবিধ কারিগরি, প্রযুক্তিগত ও বিপণন সহায়তা পাচ্ছেন।

প্রশিক্ষণ ও কর্মশালা: প্রকল্পের আওতায় এ পর্যন্ত ৯,৫১৩ জন সদস্যকে আর্থিক ব্যবস্থাপনা বিষয়ে অবহিত করা হয়েছে। এছাড়া, ৯১,৩৫৯ জন সদস্যকে পুষ্টি, জলবায়ু পরিবর্তন, পরিবেশ ও বিভিন্ন সামাজিক ইস্যুর ওপর প্রশিক্ষণ দেওয়া হয়েছে। পাশাপাশি, সহযোগী সংস্থার ৮৯০ জন কর্মীকে আর্থিক ব্যবস্থাপনা ও ৬৯০ জন সদস্যকে ব্যবসা ব্যবস্থাপনাবিষয়ক প্রশিক্ষণ দেওয়া হয়েছে। তাছাড়া, প্রকল্পের মাধ্যমে গবাদিপ্রাণী পালন প্রযুক্তি বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করেছেন ১২,৪৩৬ জন। নিরাপদ পণ্য উৎপাদনের জন্য GGAP-HACCP বিষয়ে ২৬ জন মাস্টার ট্রেইনার তৈরি করা হয়েছে। পাশাপাশি, ৫,৪১০ জন লিড খামারিকে GGAP বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

বেকার ও পশ্চাৎপদ জনগোষ্ঠীর তরুণদের উপযুক্ত কর্মমুখী প্রশিক্ষণ দেওয়ার মাধ্যমে দক্ষ জনশক্তি তৈরির লক্ষ্যে কাজ করছে বিশেষ এ প্রকল্প

SEIP প্রকল্প

দেশের বেকার ও পিছিয়েপড়া পরিবারের তরুণদের বাজার চাহিদাতাড়িত কারিগরি প্রশিক্ষণ ও টেকসই কর্মসংস্থান নিশ্চিতকরণের লক্ষ্যে বাংলাদেশ সরকার এবং এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর যৌথ অর্থায়নে পিকেএসএফ কর্তৃক Skills for Employment Investment Program (SEIP) প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। ইতোপূর্বে প্রকল্পটির প্রথম ও দ্বিতীয় ধাপের সফল বাস্তবায়ন শেষে জুলাই ২০২১ থেকে তৃতীয় মেয়াদের বাস্তবায়ন শুরু করেছে পিকেএসএফ। এ ধাপে প্রকল্পের আওতায় তিন মাস মেয়াদি ১৫টি নিয়মিত ট্রেডে ১২,০০০ তরুণকে সহযোগী প্রশিক্ষণ প্রতিষ্ঠানের মাধ্যমে কারিগরি প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে।

২৬,৫৭৯
জন প্রশিক্ষণ সম্পন্ন করেছেন

১৯,০১০
জন দেশে-বিদেশে কর্মে নিযুক্ত হয়েছেন

এ প্রকল্পের আওতায় নিয়মিত কারিগরি প্রশিক্ষণের পাশাপাশি ৩টি বিশেষায়িত প্রশিক্ষণ কর্মসূচির আওতায় ৪০০ জন প্রতিবন্ধী ও ৬০০ জন এতিম তরুণ এবং ৬ মাস মেয়াদি কেয়ারগিভিং ট্রেডে ১,৮০০ তরুণকে প্রশিক্ষণ দেওয়া ও তাদের কর্মসংস্থানের ব্যবস্থা রয়েছে। প্রকল্পের শর্তানুযায়ী প্রশিক্ষণ সম্পন্নকারী তরুণদের মধ্যে ন্যূনতম ৬০ শতাংশের কর্মসংস্থান নিশ্চিত করা হবে।

প্রকল্প বাস্তবায়নের অগ্রগতি: প্রকল্পের তৃতীয় ধাপে ৩০ জুন ২০২২ পর্যন্ত নিয়মিত প্রশিক্ষণ কার্যক্রমের আওতায় পিকেএসএফ-এর ২৯টি সহযোগী প্রশিক্ষণ প্রতিষ্ঠানের মাধ্যমে ১৫টি ট্রেডে লক্ষ্যভুক্ত প্রশিক্ষণার্থীর বিপরীতে ৪,৫৩৫ জন নিবন্ধিত হয়েছে। নিবন্ধিতদের মধ্যে এ সময় পর্যন্ত প্রশিক্ষণ সম্পন্ন করেছে ৩,১৪১ জন, যাদের ১,৬৪৬ জন ইতোমধ্যে বিভিন্ন প্রতিষ্ঠানে কর্মে নিয়োজিত রয়েছে। প্রকল্প মেয়াদের (ডিসেম্বর ২০২৩) মধ্যে লক্ষ্যমাত্রা অনুযায়ী সহযোগী প্রশিক্ষণ প্রতিষ্ঠানের মাধ্যমে প্রশিক্ষণ পরিচালনা এবং কর্মসংস্থান নিশ্চিতকরণে পিকেএসএফ কাজ করছে। উল্লেখ্য, SEIP প্রকল্পের প্রথম, দ্বিতীয় এবং চলমান তৃতীয় ধাপের নির্বাচিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানের মাধ্যমে সর্বমোট ১৮টি ট্রেডে লক্ষ্যভুক্ত প্রশিক্ষণার্থীর বিপরীতে এ পর্যন্ত ২৮,৩৫১ জন নিবন্ধিত হয়েছে এবং ২৬,৫৭৯ জন প্রশিক্ষণ সম্পন্ন করেছে এবং ১৯,০১০ জন দেশে ও বিদেশে বিভিন্ন পেশায় যুক্ত হয়েছে।

বিশেষায়িত প্রশিক্ষণ কার্যক্রম: SEIP প্রকল্পের তৃতীয় মেয়াদের বিশেষায়িত প্রশিক্ষণ কার্যক্রমের আওতায় দেশের প্রতিবন্ধীদের প্রশিক্ষণ এবং কর্মসংস্থান কার্যক্রম পরিচালনার লক্ষ্যে ২১ ডিসেম্বর ২০২১ তারিখে পিকেএসএফ এবং Skills Development Coordination and Monitoring Unit (SDCMU)-এর মধ্যে একটি চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তি অনুসারে পিকেএসএফ ইতোমধ্যে দুটি সহযোগী প্রশিক্ষণ প্রতিষ্ঠানের (সিআরপি, সাভার এবং ডিআরআরএ, সাতক্ষীরা) সঙ্গে অনুদান চুক্তি সম্পন্ন করে চারটি ট্রেডে প্রশিক্ষণ দেওয়ার কাজ চলমান রয়েছে।

পাশাপাশি, তৃতীয় মেয়াদের এ বিশেষায়িত প্রশিক্ষণ কর্মসূচির আওতায় দেশের এতিম ও অনাথ তরুণদের প্রশিক্ষণ এবং কর্মসংস্থানের লক্ষ্যে পিকেএসএফ এবং SDCMU-এর মধ্যে ১৩ জানুয়ারি ২০২২ তারিখে আরও একটি চুক্তি স্বাক্ষরিত হয় এবং চুক্তি অনুসারে পিকেএসএফ-এর চারটি সহযোগী প্রশিক্ষণ প্রতিষ্ঠানের (এসডিএস, শরীয়তপুর; মটস, ঢাকা; এসওএস, ঢাকা; এবং আরআরএফ, যশোর) মাধ্যমে ছয়টি ট্রেডে প্রশিক্ষণ পরিচালনার কাজ চলমান রয়েছে।

এছাড়া, দেশে এবং দেশের বাইরে বার্ধক্য ও শুশ্রূষাজনিত সেবার চাহিদা বাড়ার বিষয়টি বিবেচনায় রেখে দেশের বেকার তরুণদের উন্নততর প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনবল তৈরি এবং কর্মসংস্থানের লক্ষ্যে পিকেএসএফ এবং SDCMU-এর মধ্যে ১৭ ফেব্রুয়ারি ২০২২ তারিখে আরও একটি চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তি অনুযায়ী, পিকেএসএফ ১৩টি নির্বাচিত সহযোগী প্রশিক্ষণ প্রতিষ্ঠানের মাধ্যমে বিশেষায়িত কেয়ারগিভিং ট্রেডের ওপর প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়নের জন্য ব্যবস্থা গ্রহণ করেছে।

প্রকল্পের লক্ষ্য হলো ব্যবসাগুচ্ছভিত্তিক ক্ষুদ্র উদ্যোগগুলোর পরিবেশগত টেকসহিতা অর্জনের সক্ষমতা বাড়ানো

SEP প্রকল্প

বাংলাদেশের ব্যবসাগুচ্ছভিত্তিক ক্ষুদ্র উদ্যোগগুলোর পরিবেশগত টেকসহিতা অর্জনের সক্ষমতা বাড়ানোর লক্ষ্যে পিকেএসএফ ২০১৮ সাল থেকে বাংলাদেশ সরকারের সহায়তায় 'সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি)' শীর্ষক প্রকল্প বাস্তবায়ন করছে। প্রকল্পটিতে যৌথভাবে অর্থায়ন করছে বিশ্বব্যাংক ও পিকেএসএফ। পাঁচ বছর মেয়াদি এই প্রকল্পের মোট বাজেট ১৩০ মিলিয়ন মার্কিন ডলার। এর মধ্যে বিশ্বব্যাংক অর্থায়ন করেছে ১১০ মিলিয়ন মার্কিন ডলার এবং পিকেএসএফ ২০ মিলিয়ন মার্কিন ডলার।

৬৪
উপ-প্রকল্প বাস্তবায়নাধীন

৬৭৭.২
কোটি টাকা ঋণ মাঠ পর্যায়ে বিতরণ

প্রকল্প পরিচিতি

নাম Sustainable Enterprise Project (SEP)

মেয়াদ ৫ বছর

অর্থায়নকারী বিশ্বব্যাংক ও পিকেএসএফ

তহবিল ১৩০ মিলিয়ন মার্কিন ডলার
বিশ্বব্যাংক: ১১০ মিলিয়ন মার্কিন ডলার
পিকেএসএফ: ২০ মিলিয়ন মার্কিন ডলার

প্রকল্পটি বাস্তবায়নের জন্য কৃষি ও প্রক্রিয়াজাতকরণ খাতভুক্ত বিভিন্ন ব্যবসায়িক উপখাতের অন্তর্গত ও বিভিন্ন জেলায় অবস্থিত সম্ভাবনাময় ব্যবসাগুচ্ছগুলোকে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নে আর্থিক ও কারিগরি সহায়তা দেওয়া হচ্ছে। এছাড়াও, এসইপি-এর মাধ্যমে পরিবেশবান্ধব উপযুক্ত প্রযুক্তির প্রচলন, উদ্যোগে উৎপাদিত পণ্যের বিপণন সামর্থ্য বৃদ্ধি ও ব্র্যান্ড তৈরিতে সহায়তা দেওয়া হচ্ছে। প্রকল্পের আওতায় বর্তমানে ৪৭টি সহযোগী সংস্থার মাধ্যমে ৩০টি উপখাতের অন্তর্গত ৬৪টি উপ-প্রকল্প মাঠ পর্যায়ে বাস্তবায়ন করা হচ্ছে।

প্রকল্পের মূল লক্ষ্য হচ্ছে লক্ষ্যভুক্ত ক্ষুদ্র-উদ্যোগসমূহে পরিবেশগতভাবে টেকসই অনুশীলন চর্চা বাড়ানো। জুন ২০২২ পর্যন্ত পিকেএসএফ কর্তৃক ৪৭টি সহযোগী সংস্থার অনুকূলে সর্বমোট ৭১৬ কোটি টাকার 'অগ্রসর' ঋণ অনুমোদন করা হয়েছে। অনুমোদিত অর্থ থেকে সহযোগী সংস্থা পর্যায়ে ইতোমধ্যে ৬৭৭.২০ কোটি টাকার ঋণ বিতরণ করা হয়েছে।

এসইপি প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট এবং প্রকল্প বাস্তবায়নকারী সহযোগী সংস্থাগুলোর মাধ্যমে প্রকল্পের সদস্য ও কর্মকর্তাদের দক্ষতা উন্নয়ন, সচেতনতা বাড়ানোসহ বিভিন্ন বিষয়ে নিয়মিত প্রশিক্ষণ দেওয়া হয়। সহযোগী সংস্থার মাধ্যমে জুন ২০২২ পর্যন্ত মোট ৪৫,৪৮৬ জন ক্ষুদ্র-উদ্যোক্তাকে (২০,৬৮৪ নারী, ২৪,৮০২ পুরুষ) দক্ষতা উন্নয়ন, পরিবেশবিষয়ক সচেতনতা, বাজার সংযোগ, ব্যবসায়িক সনদায়ন এবং পরিবেশগত ছাড়পত্রসহ অন্যান্য প্রয়োজনীয় বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

'সন্তোষজনক' রেটিং প্রাপ্তি: বিগত ৯-১৫ ডিসেম্বর ২০২২ তারিখে বিশ্বব্যাংকের একটি প্রতিনিধি দল Implementation Support Mission পরিচালনা করে। মিশন শেষে তাঁরা প্রকল্পের অগ্রগতি ও কার্যক্রমকে 'সন্তোষজনক' হিসেবে আখ্যা দেন। এই মিশনে প্রকল্পের বিভিন্ন বিষয়ের অগ্রগতি, চ্যালেঞ্জ ও সম্ভাবনার ওপর বিভিন্ন উপস্থাপনা প্রদান এবং সেসব বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। মিশনের অংশ হিসেবে প্রতিনিধি দলের একাংশ নারায়ণগঞ্জে তাঁত (জামদানি) উপখাতের কার্যক্রম পরিদর্শন করে। মিশনের শেষ পর্যায়ে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও অর্থনৈতিক সম্পর্ক বিভাগের কর্মকর্তাদের মিশনের ফলাফল সম্পর্কে অবহিত করা হয়। উল্লেখ্য, ইতিপূর্বে পরিচালিত ৬টি মিশনেই বিশ্বব্যাংক এসইপি-এর অগ্রগতি 'সন্তোষজনক' হিসেবে চিহ্নিত করে।

৮০ শতাংশ ক্ষুদ্র-উদ্যোগ পরিবেশগত চর্চা রপ্ত করেছে: প্রকল্পের মধ্যবর্তী পর্যায়ে অগ্রগতি যাচাই করার লক্ষ্যে একটি সমীক্ষা পরিচালনা করা হয়। সমীক্ষাটি পরিচালনা করে পরামর্শক প্রতিষ্ঠান Pathmark Associate Limited। সমীক্ষায় দেখা যায় ৮০ শতাংশের বেশি ক্ষুদ্র-উদ্যোগ অন্তত একটি পরিবেশগত চর্চা রপ্ত করেছে এবং এদের মধ্যে ৭৮ শতাংশ চর্চাটি ভবিষ্যতে চালু রাখবে বলে ইচ্ছা প্রকাশ করেছে। ২১ অক্টোবর ২০২১ তারিখে পিকেএসএফ ভবনে একটি উপস্থাপনা অনুষ্ঠানে এসব তথ্য প্রকাশ করা হয়।

বিশ্বব্যাংকের ভাইস প্রেসিডেন্টের মাঠ পরিদর্শন: ৮ ডিসেম্বর ২০২১ তারিখে কিশোরগঞ্জের ভৈরবের পাদুকা ব্যবসাগুচ্ছের কার্যক্রম পরিদর্শন করেন বিশ্বব্যাংকে ভাইস প্রেসিডেন্ট হার্টউইগ শ্যাফার। এ সময় সঙ্গে ছিলেন পিকেএসএফ-এর ব্যবস্থাপনা পরিচালক ড. নমিতা হালদার এনডিসি, অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক মোঃ ফজলুল কাদের এবং বিশ্বব্যাংকের কান্ট্রি ডিরেক্টর মার্সি মিয়াং টেম্বন। হার্টউইগ শ্যাফারসহ অন্যান্য প্রতিনিধি পাদুকা প্রস্তুতকারী ক্ষুদ্র উদ্যোগসমূহের স্থানীয়ভাবে কারিগরি সহযোগিতা নিশ্চিত করার উদ্দেশ্যে এসইপি-এর অর্থায়নে নির্মিত সাধারণ সেবা প্রদানকারী কেন্দ্র পরিদর্শন করেন। এ সময় তাঁরা কেন্দ্রটির কর্মীদের সঙ্গে মতবিনিময় করেন।

উদ্ভাবনী তথ্য ব্যবস্থাপনা বিষয়ে কর্মশালা: উদ্ভাবনী তথ্য ব্যবস্থাপনা এবং ডিজিটালাইজেশন, উদ্ভাবনী অর্থায়ন ব্যবস্থার অনুসন্ধান, পরিবেশবান্ধব প্রকিউরমেন্ট ইত্যাদি বিষয়ের ওপর বিশ্বব্যাংক ও পিকেএসএফ-এর উদ্যোগে ২৮ মার্চ ২০২২ থেকে ৫ এপ্রিল ২০২২ পর্যন্ত 'Adoption of Environmentally Sustainable Practices and Environmental Certifications by MEs' শীর্ষক কর্মশালা আয়োজন করা হয়। এর উদ্বোধন করেন পিকেএসএফ-এর ব্যবস্থাপনা পরিচালক ড. নমিতা হালদার এনডিসি এবং এতে সূচনা বক্তব্য রাখেন অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক মোঃ ফজলুল কাদের ও বিশ্বব্যাংকের টাস্ক টিম লিডার উন জু এলিসন। কর্মশালায় সমাপনী বক্তব্য দেন বিশ্বব্যাংক-এর কান্ট্রি ডিরেক্টর মার্সি মিয়াং টেম্বন। কর্মশালার বিভিন্ন সেশনে বিশ্বের বিভিন্ন দেশের গবেষক, বিশেষজ্ঞ এবং পেশাজীবীরা বিভিন্ন দেশের নীতি, বিগ ডেটা ম্যানেজমেন্ট, ডিজিটাল ফাইন্যান্সিং, উদ্ভাবন এবং সবুজ অর্থায়ন নিয়ে বক্তব্য রাখেন।

নাজ থিওরি প্রয়োগ: ব্যবসায় প্রবৃদ্ধি ও পরিবেশ সুরক্ষার প্রতি ক্ষুদ্র-উদ্যোক্তাদের আচরণে টেকসই পরিবর্তন ঘটানোর লক্ষ্যে মাঠ পর্যায়ে নাজ থিওরি প্রয়োগের দ্বারপ্রান্তে রয়েছে এসইপি। ইতোমধ্যে নাজ থিওরির ওপর ভিত্তি করে একটি কমিউনিকেশন স্ট্র্যাটেজি ও অ্যাকশন প্ল্যান প্রণয়ন করা হয়েছে। প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট ও সহযোগী সংস্থাসমূহের কর্মকর্তাদের এ বিষয়ে দক্ষতা ও জ্ঞান বাড়ানোর জন্য এ পর্যন্ত বেশ কয়েকটি প্রশিক্ষণ ও কর্মশালার আয়োজন করা হয়েছে। 'নাজ থিওরি' আচরণগত বিজ্ঞানের এমন এক তত্ত্ব, যেখানে পছন্দের এমন নকশা করা হয় যা মানুষের সিদ্ধান্ত গ্রহণের ওপর প্রভাব বিস্তার করে। এটি মানুষের আচরণের পরিবর্তনের ক্ষেত্রে একটি টেকসই সমাধান হতে পারে, যা প্রকল্পের মূল লক্ষ্য – ক্ষুদ্র উদ্যোগসমূহে পরিবেশগতভাবে টেকসই চর্চা রপ্তকরণ – অর্জনে সহায়ক হবে।

জ্ঞান ব্যবস্থাপনা

যোগাযোগ ও প্রকাশনা

আধুনিক বিশ্বের সাথে সামঞ্জস্য রেখে বাংলাদেশেও যোগাযোগ মাধ্যমে সাম্প্রতিক সময়ে উল্লেখযোগ্য উন্নতি হয়েছে। যোগাযোগের বিভিন্ন প্রযুক্তিতে এসেছে নানারকমের বৈচিত্র্য। তথ্যপ্রযুক্তির বিভিন্ন আধুনিক সুবিধা কাজে লাগিয়ে যোগাযোগ ও প্রকাশনা ইউনিট পিকেএসএফ-এর বিভিন্ন আধেয় পাঠকের কাছে পৌঁছে দেওয়ার জন্য যোগাযোগের নানা কার্যক্রম পরিকল্পনা ও বাস্তবায়ন করছে।



যোগাযোগ ও প্রকাশনা ইউনিটের প্রকাশনা সংক্রান্ত দুটি প্রধান কাজ হলো পিকেএসএফ-এর বার্ষিক প্রতিবেদন ও ত্রৈমাসিক তথ্যসাময়িকী (পিকেএসএফ পরিক্রমা) বাংলা ও ইংরেজি ভাষায় নিয়মিতভাবে প্রকাশ করা। পিকেএসএফ পরিক্রমাতে তিন মাসের উল্লেখযোগ্য কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণী এবং বিভিন্ন অনুষ্ঠানের তথ্য প্রকাশ করা হয়। এর মধ্যে রয়েছে বিভিন্ন কর্মসূচি, প্রশিক্ষণ সেশনের প্রতিবেদন, কর্মশালা, সেমিনার, পিকেএসএফ-এর উচ্চ পর্যায়ের কর্মকর্তাদের মাঠ পরিদর্শন, কেস স্টাডি এবং ঋণ কার্যক্রমের অগ্রগতি। পিকেএসএফ পরিক্রমা পিকেএসএফ-এর কার্যক্রমের তিন মাসের কাজের অগ্রগতির ডকুমেন্টেশন হিসেবেও বিবেচনা করা হয়। যোগাযোগ ও প্রকাশনা ইউনিট বাংলা এবং ইংরেজি উভয় ভাষায় বার্ষিক প্রতিবেদন প্রকাশ করে, যা পিকেএসএফ কার্যক্রমের বার্ষিক অগ্রগতির প্রতিফলন।

যোগাযোগ ও প্রকাশনা ইউনিট পিকেএসএফ-এর সংবাদ প্রকাশের জন্য প্রিন্ট এবং ইলেকট্রনিক উভয় ধরনের গণমাধ্যমের সাথে ঘনিষ্ঠ যোগাযোগ রক্ষা করে। গণমাধ্যমকর্মীদের নিয়মিত বিরতিতে মাঠ পর্যায়ে পিকেএসএফ-এর বিভিন্ন কার্যক্রমের পরিদর্শনের ব্যবস্থা করা হয়। গণমাধ্যমে পিকেএসএফ-এর বিভিন্ন উন্নয়ন কার্যক্রমের সংবাদ সম্প্রচার এবং পিকেএসএফ-এর বিভিন্ন অনুষ্ঠানে গণমাধ্যমকর্মীদের আমন্ত্রণ জানানো, সংবাদ বিজ্ঞপ্তি প্রস্তুত ও বিতরণ করা হয়।

পিকেএসএফ-এর একটি সুবিস্তৃত ও তথ্যবহুল ওয়েবসাইট (www.pksf.org.bd) রয়েছে। পিকেএসএফ-এর বিভিন্ন প্রকল্প ও কর্মসূচির হালনাগাদকৃত তথ্য এবং পিকেএসএফ কর্তৃক আয়োজিত বিভিন্ন অনুষ্ঠানের সংবাদ যোগাযোগ ও প্রকাশনা ইউনিটের নিবিড় তত্ত্বাবধানে নিয়মিতভাবে পিকেএসএফ ওয়েবসাইটে প্রকাশ করা হয়। সম্প্রতি ওয়েবসাইটটি নতুন রূপে আত্মপ্রকাশ করেছে, যা আগের চেয়েও তথ্যবহুল, ব্যবহারবান্ধব ও নান্দনিক।

বর্তমান সময়ে সামাজিক যোগাযোগ মাধ্যম তথ্য ও সংবাদ পৌঁছানোর জন্য সবচেয়ে জনপ্রিয় মাধ্যম হিসেবে বিবেচিত হচ্ছে। স্বল্প সময়ে অধিক সংখ্যক মানুষের কাছে তথ্য পৌঁছানোর লক্ষ্যে পিকেএসএফ ফেইসবুক (facebook.com/PKSF.org) পেইজ পরিচালনা করছে। পিকেএসএফ-এর বিভিন্ন কার্যক্রম এবং বিভিন্ন অনুষ্ঠানের অডিও-ভিজুয়াল নিয়মিতভাবে পিকেএসএফ-এর ফেইসবুক পেইজে প্রকাশ এবং বিভিন্ন গুরুত্বপূর্ণ অনুষ্ঠান সরাসরি সম্প্রচার করা হয়।

পিকেএসএফ-এর বিভিন্ন প্রকল্প, কর্মসূচি ও কর্মকাণ্ড সংশ্লিষ্ট প্রকাশনা ও মুদ্রণের কাজও যোগাযোগ ও প্রকাশনা ইউনিট বিশেষ গুরুত্বের সাথে সম্পন্ন করে থাকে। এই প্রকাশনাসমূহ কোনো একটি নির্দিষ্ট সময়ে পিকেএসএফ-এর সার্বিক পরিস্থিতি তুলে ধরার পাশাপাশি পিকেএসএফ কর্তৃক বাস্তবায়িত বিভিন্ন উদ্যোগের প্রভাব আরও অধিক কার্যকর করে তুলতেও সহায়ক ভূমিকা পালন করে। এছাড়া, যোগাযোগ ও প্রকাশনা ইউনিট বিভিন্ন কর্মসূচি এবং প্রকল্পের প্রামাণ্যচিত্র, ব্রশিয়র, নিউজলেটার, ফ্লিপ-চার্ট, বুকলেট, রেফারেন্সের শর্তাবলি, সমঝোতা স্মারক, নিবন্ধ, প্রতিবেদন, প্রশিক্ষণ মডিউল, পোস্টার ইত্যাদি তৈরিতে সহায়তা প্রদান করে।

যোগাযোগ ও প্রকাশনা ইউনিট ২০২২ সালে পিকেএসএফ প্রোফাইল (ইংরেজি ভাষায়) প্রকাশ করে। এছাড়া, বার্ষিক প্রতিবেদন-২০২১ (বাংলা ও ইংরেজি), নিউজলেটার 'পিকেএসএফ পরিক্রমা' বাংলা ও ইংরেজি, ডায়েরি-ক্যালেন্ডার-২০২২ প্রকাশ ও বিতরণ করা হয়। এছাড়া, পিকেএসএফ-এর সার্বিক কার্যক্রম সংক্রান্ত একটি প্রামাণ্যচিত্র এবং সাবেক অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের মৃত্যুতে পিকেএসএফ আয়োজিত স্মরণসভায় আবদুল মুহিতের জীবন, কর্ম এবং পিকেএসএফ-এর অগ্রযাত্রায় তার অবদান শীর্ষক প্রামাণ্যচিত্র নির্মাণ করা হয়। এছাড়া, ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস উপলক্ষ্যে পিকেএসএফ আয়োজিত আলোচনা সভায় প্রদর্শনের জন্য একটি বিশেষ প্রামাণ্যচিত্র নির্মাণ করা হয়।

প্রতিষ্ঠানের টেকসহিতার স্বার্থে সুশাসন নিশ্চিতের লক্ষ্যে এ কার্যক্রম পরিচালিত হচ্ছে

প্রাতিষ্ঠানিক স্থিতিশীলতা ও সুশাসন

পিকেএসএফ সারা দেশে দুই শতাধিক সহযোগী সংস্থার মাধ্যমে এর কার্যক্রম বাস্তবায়ন করে। বেশিরভাগ সহযোগী সংস্থা '৯০-এর দশক থেকে কাজ করছে। ইতোমধ্যে, পিকেএসএফ এবং সহযোগী সংস্থা উভয়ের কার্যক্রমের পরিধি উল্লেখযোগ্যভাবে বেড়েছে। প্রতিষ্ঠানগুলো বড় হচ্ছে এবং সময়ের সাথে সাথে অর্থের প্রবাহও বাড়ছে। ভবিষ্যতের চ্যালেঞ্জ মোকাবিলা এবং প্রতিষ্ঠানের টেকসহিতার জন্য সুশাসন নিশ্চিত করা অত্যন্ত জরুরি।

বিষয়টি টেকসই উন্নয়ন অভীষ্ট-১৬-এর সাথে সম্পর্কিত। তাই, পিকেএসএফ এবং সহযোগী সংস্থার প্রাতিষ্ঠানিক টেকসহিতা এবং সুশাসনের সমস্যাটি মোকাবিলা করার সময় এসেছে। ইস্যুটির গুরুত্ব বিবেচনা করে পিকেএসএফ-এর পরিচালনা পর্ষদ এটিকে পিকেএসএফ-এর মূলধারার কার্যক্রম হিসেবে একীভূত করেছে।

সহযোগী সংস্থার প্রাতিষ্ঠানিক স্থিতিশীলতা ও সুশাসন বিষয়ে বর্তমান অবস্থা ও ঘাটতি নিরূপণসহ ভবিষ্যৎ করণীয় নির্ধারণের জন্য একটি গবেষণা পরিচালনা করা হচ্ছে। মাঠ পরিদর্শন প্রতিবেদনের একটি অংশে এ বিষয়টি উল্লেখ করা হচ্ছে। প্রাথমিক পর্যবেক্ষণে দেখা যায় প্রাতিষ্ঠানিক স্থিতিশীলতার প্রধান সমস্যাগুলো হলো দক্ষ জনবলের অভাব, স্টাফ ড্রপআউট, অদক্ষ জনবল ব্যবস্থাপনা, পরিবীক্ষণ ও তদারকির অপ্রতুলতা, আর্থিক সক্ষমতার ঘাটতি ইত্যাদি। পক্ষান্তরে, সুশাসনের ক্ষেত্রে প্রভাবশালী মহলের তদবির, সময়োপযোগী নীতিমালা না থাকা এবং থাকলেও তার কার্যকর বাস্তবায়নের অভাব, দুর্বল তহবিল ব্যবস্থাপনা, এনজিওদের প্রতি স্থানীয় প্রশাসন ও রাজনীতিবিদদের নেতিবাচক মনোভাব, কতিপয় স্টাফ কর্তৃক অর্থ আত্মসাৎ, সচেতনতার অভাব, সিদ্ধান্ত যথাসময়ে বাস্তবায়ন না হওয়া ইত্যাদি সমস্যা পরিলক্ষিত হয়।

পিকেএসএফ এবং সহযোগী সংস্থার মধ্যে প্রাতিষ্ঠানিক স্থায়িত্ব এবং সুশাসন নিশ্চিত করার জন্য পিকেএসএফ-এর সিনিয়র ম্যানেজমেন্ট এবং প্যানেল লিডারদের সাথে পরামর্শ করে প্রতিটির জন্য দুটি ভিন্ন কর্মপরিকল্পনা তৈরি করা হয়েছে। এই কর্মপরিকল্পনার মূল উদ্দেশ্য হলো পিকেএসএফ এবং এর সহযোগী সংস্থার মধ্যে প্রাতিষ্ঠানিক টেকসহিতা এবং সুশাসন প্রতিষ্ঠা করা, পিকেএসএফ এবং এর সহযোগী সংস্থার মধ্যে সহযোগিতার সম্পর্ক দৃঢ়তর করা। সহযোগী সংস্থার মধ্যে সততা এবং মূল্যবোধের চর্চা সুদৃঢ় করাও এর লক্ষ্য।

শুদ্ধাচার সংক্রান্ত কার্যক্রম

পিকেএসএফ প্রতি বছর শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রণয়ন করে সফলভাবে বাস্তবায়ন করে যাচ্ছে। ২০২১-২০২২ অর্থবছরের কর্মপরিকল্পনার শতভাগ বাস্তবায়িত হয়েছে। এ অর্থবছরে পিকেএসএফ-এর ৪১ জন কর্মকর্তাকে শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয় এবং নৈতিকতা কমিটির সভাসমূহ নিয়মিত অনুষ্ঠিত হয়।

মন্ত্রিপরিষদ বিভাগের শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা অনুযায়ী গত ১৯ মে ২০২২ তারিখে পিকেএসএফ-এর তিন জন কর্মকর্তা-কর্মচারিকে ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার দেওয়া হয়। পুরস্কারপ্রাপ্তরা হলেন মোঃ আশরাফুল হক, উপ-মহাব্যবস্থাপক; মোঃ আশরাফ হোসেন, ব্যবস্থাপক; এবং মোঃ রাকিবুল হাসান, অফিস কর্মী গ্রেড-২। পিকেএসএফ-এর ব্যবস্থাপনা পরিচালক ড. নমিতা হালদার এনডিসি তাদের এ পুরস্কার তুলে দেন। এ সময় পিকেএসএফ-এর অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ড. মোঃ জসীম উদ্দিন, সিনিয়র উপ-ব্যবস্থাপনা পরিচালক গোলাম তৌহিদ এবং অন্যান্য কর্মকর্তা উপস্থিত ছিলেন।

বিভিন্ন কার্যক্রমের ফলাফল যাচাই ও কার্যকারিতা বাড়াতে সহায়ক ভূমিকা পালন করে এ শাখা

গবেষণা ও উন্নয়ন

গবেষণা ও উন্নয়ন শাখা পিকেএসএফ-এর বিভিন্ন কর্মসূচি ও প্রকল্পের বাস্তবায়ন প্রক্রিয়ায় সহায়তার উদ্দেশ্যে প্রয়োজন অনুসারে গবেষণা পরিচালনা করে। ২০২২ সালে শাখাটি মোট ছয়টি গবেষণাকর্ম পরিচালনা করে। প্রতিষ্ঠালগ্ন থেকে পিকেএসএফ-এর পক্ষ থেকে প্রায় ৯০টি গবেষণা পরিচালনা করা হয়েছে।

৯০
গবেষণাকর্ম প্রতিষ্ঠালগ্ন থেকে পরিচালিত

০৬
গবেষণাকর্ম ২০২২ সালে সম্পাদিত

২০২২ সালে পরিচালিত গবেষণাসমূহের মূল বিষয়বস্তু হলো: কোভিড-১৯-এর বিরূপ প্রভাব মোকাবিলায় Livelihood Restoration Loan (LRL)-এর কার্যকারিতা, বর্জ্য কাগজ রিসাইক্লিং প্লান্ট স্থাপনের সম্ভাব্যতা যাচাই, দক্ষিণাঞ্চলের উপকূলবর্তী জেলাসমূহে পানি-দারিদ্র্য, শ্রমের ধরনের ওপর নির্ভর করে কর্মজীবনের ব্যাপ্তি নির্ধারণ, প্রতিবন্ধী ব্যক্তির জীবনমান উন্নয়ন এবং পিকেএসএফ-এর ঋণ কর্মসূচির মাধ্যমে সৃষ্ট কর্মসংস্থান। এছাড়া, এ শাখা পিকেএসএফ-এর বিভিন্ন কর্মসূচি ও প্রকল্পের বিবিধ কার্যক্রমের ওপর গবেষণাকর্ম পরিচালনার জন্য পরামর্শক নির্বাচনে সহায়তা, ইনসেপশন রিপোর্ট পর্যালোচনা, গবেষণা পদ্ধতি নির্ধারণবিষয়ক পরামর্শ প্রদান, প্রশ্নপত্র প্রণয়ন, খসড়া প্রতিবেদন পর্যালোচনা এবং চূড়ান্ত প্রতিবেদন প্রণয়নে সহায়তা দিয়ে থাকে।

কোভিড-১৯ এর বিরূপ প্রভাব মোকাবিলায় LRL-এর কার্যকারিতা যাচাইয়ে, গবেষণা ও উন্নয়ন শাখা ৬টি বিভাগের ১২টি জেলায় ৬০০ খানার ওপর একটি স্টাডি পরিচালনা করে। এ গবেষণায় উঠে আসে যে অতিমারির পূর্বে -

- শ্রমশক্তির প্রায় ৪৬% পূর্ণকালীনভাবে কর্মে নিয়োজিত ছিল; অতিমারিকালে এ হার ১৫%-এ নেমে আসে এবং জরিপকালে (রিকভারির সময়ে) এ হার বেড়ে ৪৪% হয়,

- খানার গড় মাসিক আয় ছিল ৩০,০০০ টাকা; অতিমারিকালে এ আয় ১৫,০০০ টাকায় নেমে আসে এবং জরিপকালে এ আয় বেড়ে ২৭,০০০ টাকা হয়,

- প্রায় ১১% খানা দরিদ্র শ্রেণিভুক্ত ছিল; অতিমারিকালে এ হার বেড়ে ৫৭% হয় এবং জরিপকালে তা ১৭%-এ নেমে আসে, এবং

- প্রায় ৯৭% খানারই পরিবারের জন্য প্রয়োজনীয় খাদ্য কেনার সামর্থ্য ছিল; অতিমারিকালে এ হার ৩৫ শতাংশে নেমে আসে এবং জরিপকালে এ হার বেড়ে ৮১%-এ উন্নীত হয়।

বরগুনা জেলার পাথরঘাটা উপজেলায় নিরাপদ পানি সরবরাহের ক্ষেত্রে সম্ভাব্য সমস্যার বিশ্লেষণ এবং সমস্যার সমাধান ও সে লক্ষ্যে প্রয়োজনীয় ব্যয় বিষয়ে গবেষণা ও উন্নয়ন শাখা একটি স্টাডি পরিচালনা করে। এ গবেষণায় উঠে আসে যে, পিকেএসএফ নিরাপদ পানিবিষয়ক সমস্যার নিরসনে দুই ধরনের কার্যক্রম গ্রহণ করতে পারে। প্রথমত, পাথরঘাটা উপজেলায় যে সব পানি সরবরাহ স্থাপনা অকার্যকর অবস্থায় পড়ে আছে তার তালিকা প্রস্তুত করা এবং এই সব স্থাপনার যথোপযুক্ত মেরামত এবং

এগুলোর ভবিষ্যৎ তদারকির জন্য কমিটি গঠন। দ্বিতীয়ত, ওই অঞ্চলের সার্বিক চাহিদা পূরণে পানি বিশুদ্ধকরণ প্লান্ট ও Pond Sand Filter (PSF) সহকারে গভীর নলকূপ স্থাপন করা।

বর্জ্য কাগজ রিসাইক্লিং প্লান্ট স্থাপনে বর্জ্য কাগজের পরিমাণ নির্ণয়, পুনর্ব্যবহার প্রক্রিয়ার সম্ভাব্যতা যাচাই এবং আয়-ব্যয় অনুপাত অনুসন্ধান করার জন্য পিকেএসএফ-এর গবেষণা ও উন্নয়ন শাখা আরেকটি গবেষণা পরিচালনা করে। গবেষণা প্রতিবেদনে সুপারিশ করা হয় যে, পিকেএসএফ নিজস্ব ক্ষুদ্র-উদ্যোগ কর্মসূচির আওতায় একটি সহযোগী সংস্থার মাধ্যমে ঢাকার নিকটস্থ কোনো স্থানে ছোট আকারের রিসাইক্লিং প্লান্ট স্থাপন ও এর ব্যয়ভার নির্বাহ করতে পারে।

বিকল্প সুপারিশ করা হয় যে, পিকেএসএফ নিজস্ব উদ্যোগে একটি রিসাইক্লিং প্লান্ট স্থাপনের পরিবর্তে BRAC-এর সাথে যৌথভাবে তা পরিচালনা করতে পারে। এ ব্যবস্থায় পিকেএসএফ তার ব্যবহৃত সব ধরনের বর্জ্য-কাগজ বিনা খরচে সরবরাহ করবে এবং সে অনুযায়ী প্লান্ট হতে রিসাইকেলকৃত দ্রব্যসমূহ আনুপাতিক হারে গ্রহণ করতে পারে।

দক্ষতা বৃদ্ধি এবং পেশাগত উন্নয়নের মাধ্যমে পিকেএসএফ-এর সার্বিক কার্যক্রম বেগবান করার লক্ষ্যে কাজ করছে এ শাখা

প্রশিক্ষণ

চিন্তাশক্তি ও দৃষ্টিভঙ্গির পরিবর্তন, পেশাগত উন্নয়ন ও কর্মসংস্থান সৃষ্টিতে প্রশিক্ষণ এক পরীক্ষিত কৌশল। এ বিবেচনায় পিকেএসএফ প্রশিক্ষণ শাখা শুরু থেকেই সহযোগী সংস্থাসমূহের জনবল উন্নয়নের লক্ষ্যে নিরন্তর প্রচেষ্টা অব্যাহত রেখেছে। প্রশিক্ষণ শাখা সহযোগী সংস্থাসমূহের প্রশিক্ষণ চাহিদা পূরণের পাশাপাশি নিয়মিতভাবে দেশি ও বিদেশি অন্যান্য সংস্থার চাহিদামাফিক প্রশিক্ষণ দিয়ে আসছে। কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় পিকেএসএফ প্রশিক্ষণ শাখা ২০২১-২০২২ অর্থবছরে প্রশিক্ষণ বাস্তবায়ন প্রক্রিয়ায় সময়োপযোগী পদক্ষেপ অনলাইন (ভার্চুয়াল) ও অফলাইন (শ্রেণিকক্ষভিত্তিক) ব্লেন্ডিং পদ্ধতি অনুসরণ করেছে।

৮১
ব্যাচে প্রশিক্ষণ অনুষ্ঠিত

১,১১৮
কর্মকর্তাদের (সহযোগী সংস্থার) প্রশিক্ষণ প্রদান

২০২১-২০২২ অর্থবছরের শ্রেণিকক্ষভিত্তিক ১৭টি ব্যাচে মোট ৩৫২ জন এবং অনলাইন প্রশিক্ষণের আওতায় ৩২টি ব্যাচে মোট ৭৬৬ জনসহ উভয় ধরনের প্রশিক্ষণে সর্বমোট ৪৯টি ব্যাচে ১,১১৮ জন সহযোগী সংস্থার কর্মকর্তাকে বিভিন্ন কোর্সে প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

'ট্যুর গাইড' প্রশিক্ষণ

পিকেএসএফ পাহাড়ি এলাকার দরিদ্র যুবাদের (নারী ও পুরুষ) প্রশিক্ষিত 'ট্যুর গাইড' হিসেবে গড়ে তোলার পরিকল্পনা নিয়েছে। এ পরিপ্রেক্ষিতে, প্রশিক্ষণ শাখা সহযোগী সংস্থা Integrated Development Foundation (IDF)-এর মাধ্যমে ৬-১৭ ফেব্রুয়ারি ২০২২ মেয়াদে পাহাড়ি তুলা গবেষণা কেন্দ্র, বালাঘাটা, বান্দরবান-এ ৬০ ঘণ্টা মেয়াদি একটি 'ট্যুর গাইড' প্রশিক্ষণ কোর্স আয়োজন করে। এ আবাসিক প্রশিক্ষণ কোর্সে বান্দরবান জেলার ক্ষুদ্র নৃগোষ্ঠীর ২০ জন বেকার যুব (নারী ও পুরুষ) অংশগ্রহণ করে। বাংলাদেশ পর্যটন কর্পোরেশনের আওতাধীন 'ন্যাশনাল হোটেল এন্ড ট্যুরিজম ট্রেনিং ইনস্টিটিউট (NHTTI)' উক্ত প্রশিক্ষণ কোর্সটি পরিচালনা করে। প্রশিক্ষণটি সংশ্লিষ্ট সকল মহলে বেশ প্রশংসিত হওয়ায় পরবর্তী সময়ে সুন্দরবন, কক্সবাজারসহ দেশের অন্যান্য পর্যটন স্পটেও এ ধরনের প্রশিক্ষণ আয়োজনের সুযোগ ও সম্ভাব্যতা যাচাই করে দেখা হচ্ছে।

'শিখন ভ্রমণ' কার্যক্রম

পিকেএসএফ ভবনে আয়োজিত শ্রেণিকক্ষভিত্তিক প্রশিক্ষণের অংশ হিসেবে 'শিখন ভ্রমণ' কার্যক্রম হিসেবে জাতির পিতার জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার ৫০ বছর পূর্তি উপলক্ষ্যে ২০২১-২০২২ অর্থবছরে বিশেষ গুরুত্বের সাথে মুক্তিযুদ্ধ জাদুঘর কর্তৃপক্ষের সরাসরি তত্ত্বাবধানে সহযোগী সংস্থার কর্মকর্তাবৃন্দের জন্য মুক্তিযুদ্ধ জাদুঘর পরিদর্শনের ব্যবস্থা করা হয়। এছাড়া, প্রশিক্ষণার্থীদের নিয়মিত 'শিখন ভ্রমণ' কার্যক্রমের আওতায় 'বঙ্গবন্ধু সামরিক জাদুঘর', 'বঙ্গবন্ধু নভো থিয়েটার' ও 'জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর' পরিদর্শনে নেওয়া হয়।

ইন্টার্নশিপ কার্যক্রম

কোভিড-১৯ পরিস্থিতিতে পিকেএসএফ-এর ইন্টার্নশিপ কার্যক্রম অনলাইনে পরিচালনা করা হয়েছে। পরিস্থিতি উন্নতির পর অনলাইনে ইন্টার্নশিপ সম্পন্ন করার পরিবর্তে পিকেএসএফ-এর কার্যালয় ও প্রয়োজন সাপেক্ষে সহযোগী সংস্থার মাঠ পর্যায়ে সরেজমিনে ইন্টার্নশিপ কার্যক্রম চলমান রয়েছে। ২০২১-২২ অর্থবছরে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মোট ১২ জন শিক্ষার্থীর ইন্টার্নশীপ কার্যক্রম সম্পন্ন হয়েছে।

বহিঃরিসোর্স পুল গঠন

সহযোগী সংস্থার প্রশিক্ষণসংশ্লিষ্ট কর্মকর্তাদের মৌলিক প্রশিক্ষক-প্রশিক্ষণসহ বিভিন্ন কোর্সের অধিবেশন পরিচালনার জন্য স্বনামধন্য বহিঃরিসোর্স পারসনদের প্রশিক্ষণ শাখার রিসোর্স পুলে যুক্ত করা হচ্ছে। উক্ত রিসোর্স পারসনদের মধ্যে রয়েছেন অধ্যাপক ড. মোঃ গোলাম সামদানী ফকির, উপাচার্য, গ্রীন ইউনিভার্সিটি অব বাংলাদেশ; শিপা হাফিজা, সাবেক পরিচালক, ব্র্যাক প্রশিক্ষণ বিভাগ; নিলুফার আহমেদ করিম, সাবেক ফ্যাকাল্টি মেম্বার, বিআইএম; সৈয়দ ওয়ালিউল ইসলাম, হেড অব ট্রেনিং, বাংলাদেশ এনজিও ফোরাম; মোহাম্মদ আব্দুর রহমান, সাবেক প্রশিক্ষণ সমন্বয়কারী, ব্র্যাক; মোঃ ফজলুল হক, উপ-নির্বাহী পরিচালক, সাজেদা ফাউন্ডেশন; মোঃ মাহবুব-উল আলম, ফ্যাকাল্টি মেম্বার, বিআইএম এবং নুসরাত শারমিন, ক্যাপাসিটি ডেভেলপমেন্ট এন্ড অপারেশনস স্পেশালিস্ট, বিশ্বব্যাংক।

পিকেএসএফ কর্মকর্তাদের প্রশিক্ষণ

দেশে প্রশিক্ষণ: ২০২১-২০২২ অর্থবছরে পিকেএসএফ-এর মোট ৭৪৫ জন কর্মকর্তা দেশের অভ্যন্তরে বিভিন্ন প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনারে অংশগ্রহণ করেন (একজন কর্মকর্তা একাধিক প্রশিক্ষণে অংশগ্রহণ করেন)। এ প্রশিক্ষণসমূহ ইফেক্টিভ টিম ম্যানেজমেন্ট, জনসংযোগে উত্তম চর্চা, ক্লাইমেট স্মার্ট এগ্রিকালচার ফর এডাপটেশন, ফিন্যান্সিয়াল, প্রকিউরমেন্ট অ্যান্ড অডিটিং ম্যানেজমেন্ট, শব্দদূষণ নিয়ন্ত্রণে সচেতনতা, ডিজিটাল স্বাক্ষর, পাবলিক ফিন্যান্সিয়াল ম্যানেজমেন্ট, রিসার্চ মেথোডলজি ইত্যাদি বিভিন্ন বিষয়ের ওপর অনুষ্ঠিত হয়। করোনা অতিমারির প্রাদুর্ভাবের কারণে কিছু প্রশিক্ষণ কর্মসূচি অনলাইনেও অনুষ্ঠিত হয়।

